## বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগের আওতায় ২০১৩-১৪ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

| ক্রঃ নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ০১ | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ | ১৬ | ১৫ | ০১ | ০০ | ১১ | ১৬ | • ৩৩%<br>• ৩৩৩% | ১১ | • -৬২.৮০%<br>• ১৯৩.১৫% |

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ১৬

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয় । ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি , টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

খ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

গ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

ঘ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

| সমস্যা | সুপারিশ |
|---|---|
| ৩.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব | ৩.১ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন। |
| ৩.২ কাজের গুণগতমান সংক্রান্ত। | ৩.২.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষ্যতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন।<br>৩.২.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। |
| ৩.৩ সাহায্যপুষ্ট প্রকল্প সংক্রান্ত। | ৩.৩ সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ /প্রতিষ্ঠান থেকে দ্রুত সঠিক সময়ে অর্থ প্রাপিতর বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও মন্ত্রণালয় /বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। |
| ৩.৪ প্রকল্পের যানবাহন সংক্রান্ত। | ৩.৪ বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। |
| ৩.৫ প্রকল্প পরিচালক সংক্রান্ত। | ৩.৫.১ প্রকল্প সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়াগে সচেষ্ট থাকার প্রয়োজন আছে।<br>৩.৫.২ বিভিন্ন সংস্থার আওতায় বাস্তবায়নাধীন ও ভবিষ্যতে প্রকল্পের জন্য সরকারী নির্দেশনা অনুযায়ী পূর্ণকালীন ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি উদ্যোগী বিভাগ হতে নিশ্চিত করা প্রয়োজন। |
| ৩.৬ পিসিআর প্রেরণে বিলম্ব। | ৩.৬ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক। |

# "সিলেট ১৫০ মে:ও: কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ ও সংশ্লিষ্ট সঞ্চালন ব্যবস্থা গড়ে তোলা (সংশোধিত)" প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন ২০১৪)

১। প্রকল্পের নাম : "সিলেট ১৫০ মে :ও: কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ ও সংশ্লিষ্ট সঞ্চালন ব্যবস্থা গড়ে তোলা (সংশোধিত)"

২। উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয় : বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : **বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড**

৪। প্রকল্প এলাকা : কুমারগাঁও, সিলেট।

৫। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্ত্মবায়নকাল | | প্রকৃত বাস্ত্মবায়ন কাল | অতিক্রান্ত্ম ব্যয় (মুল প্রাক্কলিত ব্যয়ের%) | অতিক্রান্ত্ম সময় (অনুমোদিত বাস্ত্মবায়ন কালের%) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল<br>জিওবি<br>প্রঃ সাঃ<br>সংস্থার নিজস্ব | সর্বশেষ<br>সংশোধিত<br>জিওবি<br>প্রঃ সাঃ<br>সংস্থার নিজস্ব | জিওবি<br>প্রঃ সাঃ<br>সংস্থার<br>নিজস্ব | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৩৪২৬৭.০২<br>১৪০১০.৭৬<br>২০২৫৬.২৬<br>- | ১০০৪৫৩.০০<br>৯৮৫১৩.৯১<br>-<br>১৯৩৯.০৯৭ | ১০০৪৫৩.০০৪<br>৯৮৫১৩.৯১<br>-<br>১৯৩৯.০৯৭ | ২০০১-০২ হতে জুন, ২০০৪ পর্যন্ত | ২০০১-০২ হতে জুন,২০১৪ পর্যন্ত | ২০০১-০২ হতে জুন,২০১৪ পর্যন্ত | ৬৬১৮৫.৯৮<br>(১৯৩.১৫%) | ১০ বছর<br>(৩৩৩.৩৩%) |

৬। সাধারণ পর্যবেক্ষণ :

৬.১. পটভূমি :

সিলেট শহরকে সরকার সিটি কর্পোরেশন হিসাবে ঘোষণা করার পর এ শহরের বিদ্যুৎ চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পায়। বর্ধিত এ বিদ্যুৎ চাহিদার প্রেক্ষাপটে সিলেটের সঞ্চালন ও লোডশেডিং হ্রাস এবং জাতীয় বিদ্যুৎ গ্রীডের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

৬.২. উদ্দেশ্য : প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে:

- বিদ্যুৎ কেন্দ্র/উপকেন্দ্র নির্মাণসহ প্রয়োজনীয় বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা গঠনের মাধ্যমে স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদন; এবং
- জাতীয় গ্রীড সিস্টেমের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা।

৬.৩. প্রকল্পের অনুমোদন ও সংশোধন :

প্রকল্পটির মূল ডিপিপি ৩৪২৬৭ .০২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই , ২০০১ থেকে জুন, ২০০৪ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১০ এপ্রিল ২০০১ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি গত ৩০ মে ২০০৪ তারিখে এবং ২য় সংশোধিত ডিপিপি ২০ এপ্রিল ২০১০ তারিখের একনেক সভায় অনুমোদিত হয় । ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৮৭৮৯৯ .৫৩৪ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই , ২০০১ থেকে জুন , ২০১২ পর্যন্ত

নির্ধারিত হয়। পরিকল্পনা কমিশন ৫ আগস্ট ২০১২ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন ,২০১৩ পর্যন্ত বৃদ্ধি করে এবং ৪ জুন ২০১৩ তারিখে পরিকল্পনা কমিশন প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন , ২০১৪ পর্যন্ত ২য় বার বৃদ্ধি করে। বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধির ফলে প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণে বাস্তবায়ন মেয়াদ অপরিবর্তিত রেখে ১০০৪৫৩ .০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বিদ্যুৎ বিভাগ ৪ মে ২০১৪ তারিখে প্রকল্পের বিশেষ সংশোধনের অনুমোদন জ্ঞাপন করে।

৬.৪ প্রকল্প পরিদর্শন :

আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ৭ জানুয়ারি ২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ **বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড** এর সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

৬.৫ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য :

**বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের** তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার ৩(তিন) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে পূর্ণকালীন দায়িত্ব পালন করেন। নিম্নে এ সংক্রান্ত তথ্যাদি প্রদান করা হলো:-

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | পূর্ণকালীন/খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | দিব্যেন্দু বিকাশ চৌধুরী বড়ুয়া<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ২৭ ডিসেম্বর, ২০০৫ হতে<br>২৩ জুলাই, ২০০৯ পর্যন্ত |
| ২। | মোঃ আবু বকর সিদ্দিকী<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ঐ | ২৩ জুলাই, ২০০৯ হতে<br>২ জানুয়ারী ২০১২ পর্যন্ত |
| ৩। | জনাব খন্দকার ইফতেখার উদ্দিন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ঐ | ২ জানুয়ারী ২০১২ হতে<br>৩০ জুন ২০১৪ পর্যন্ত |

৭। প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি :

(লক্ষ টাকায়)

| ক্র: নং | অঙ্গের নাম | সর্বশেষ ডিপিপি অনুযায়ী (পরিকল্পিত লক্ষ্যমাত্রা) | | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| **Revenue Component** | | | | | |
| ১ | Pay of Officers | ১১ জন | ৯১.৮৫ | ১১ জন | ৯১.৮৫ (১০০%) |
| ২ | Pay of Establishment | ১৬ জন | ৫০.৮৬ | ১৬ জন | ৫০.৮৬ (১০০%) |
| ৩ | Allowances | থোক | ৬০.০০ | থোক | ৬০.০০ (১০০%) |
| ৪ | Repairs, Maintenance & Rehabilitation | থোক | ২৪.০০ | থোক | ২৪.০০ (১০০%) |
| **Capital Component** | | | | | |
| ৫ | Office Furniture, Equipment including all accessories | থোক | ৬২.৭৫ | থোক | ৬২.৭৫ (১০০%) |
| ৬ | Gas Turbine, Generating unit 100-150 MW including auxillaries & Gas Booster Compressor | ১ লট | ৫১৯৩৮.২০ | ১ লট | ৫১৯৩৮.২০ (১০০%) |

(লক্ষ টাকায়)

| ক্র: নং | অঙ্গের নাম | সর্বশেষ ডিপিপি অনুযায়ী (পরিকল্পিত লক্ষ্যমাত্রা) | | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৭ | Step-up Transformer and substation materials | ১ লট | ৩৪৪২.৪০ | ১ লট | ৩৪৪২.৪০ (১০০%) |
| ৮ | For Power Evacuation Facilities | ১ লট | ৩৭৬.৩৪ | ১ লট | ৩৭৬.৩৪ (১০০%) |
| ৯ | Procurement of tools & equipments | ১ লট | ২৮৮০.৮৫ | ১ লট | ২৮৮০.৮৪ (৯৯.৯৯%) |
| ১০ | Central Control equipment | ১ লট | ৩৪৯৪.৩০ | ১ লট | ৩৪৯৪.৩০ (১০০%) |
| ১১ | Essential spares parts & special tools | ১ লট | ৪৩৯৮.৬৮ | ১ লট | ৪৩৯৮.৬৮ (১০০%) |
| ১২ | Computer with accessories | থোক | ৫.৫০ | থোক | ৫.৫০ (১০০%) |
| ১৩ | Transport-Vehicles | ৪টি | ১৪০.৯৭ | ৪টি | ১৪০.৯৭ (১০০%) |
| ১৪ | Civil Work Turn-Key | থোক | ৫১৯৮.২১ | থোক | ৫১৯৮.২১ (১০০%) |
| ১৫ | Foundation/Erection & Commissioning of whole Power Plant | থোক | ৩৪৯৩.৫৫ | থোক | ৩৪৯৩.৫৫ (১০০%) |
| ১৬ | Insurance | থোক | ৬৫০.৭০ | থোক | ৬৫০.৬৯ (৯৯.৯৯%) |
| ১৭ | Guarantee period operation and 1st inspection Turn-key | বৈদেশিক ২৪ জনমাস | ৮৪৯.১০ | বৈদেশিক ২৪ জনমাস | ৮৪৯.১০ (১০০%) |
| ১৮ | Engineering/ Consultancy Service | স্থানীয় ২৪ জনমাস | ১২.১০ | স্থানীয় ২৪ জনমাস | ১২.১০ (১০০%) |
| ১৯ | Training (Turn-key) | ১৬টি, ১৯ জনমাস | ৯২০.৫১ | ১৬টি, ১৯ জনমাস | ৯২০.৫১ (১০০%) |
| ২০ | Land Acquisition & Land Development | ৫ একর | ১০৫৪.৩৯ | ৫ একর | ১০৫৪.৩৯ (১০০%) |
| ২১ | Cost of Civil works (non-residentail) | থোক | ৪৮২.৪৪ | থোক | ৪৮২.৪৪ (১০০%) |
| ২২ | Cost of Civil works (residentail) | ৪২৬৭.৯৮ বর্গ মিঃ | ১১৩৪.৮৪ | ৪২৬৭.৯৮ বর্গ মিঃ | ১১৩৪.৮৪ (১০০%) |
| ২৩ | Pressure reducing & Metering Station (RMS) | ১ লট | ৩০০০.০০ | ১ লট | ৩০০০.০০ (১০০%) |
| ২৪ | Fuel for initial run (3/2 month) | থোক | ৭০০.০০ | থোক | ৭০০.০০ (১০০%) |
| ২৫ | Charge of electrical energy during construction | থোক | ৯.০০ | থোক | ৯.০০ (১০০%) |
| ২৬ | Custom duty, Taxes & VAT@12% of material cost | ১২% | ৬৬২৬.১৫ | ১২% | ৬৬২৬.১৫ (১০০%) |
| ২৭ | VAT Advance income TAX | থোক | ৫৩৫৮.০৮ | থোক | ৫৩৫৮.০৮ (১০০%) |

(লক্ষ টাকায়)

| ক্র: নং | অঙ্গের নাম | সর্বশেষ ডিপিপি অনুযায়ী (পরিকল্পিত লক্ষ্যমাত্রা) | | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২৮ | LC Charge (Bank Charge) | থোক | ৮২৮.২৭ | থোক | ৮২৮.২৬ (৯৯.৯৯%) |
| ২৯ | Physical Contingency | ০.৫% | ৭১৬.২৮ | ০.৫% | ৭১৬.২৮৬ (১০০%) |
| ৩০ | Interest during construction @ 3% p.a. on Local and 3% p.a. on F. x. Component considering 60% equity on both component | থোক | ১৭৩৬.৩৮ | থোক | ১৭৩৬.৩৮ (১০০%) |
| ৩১ | Cost Escalation | ১% | ৭১৬.২৮ | ১% | ৭১৬.২৮ (১০০%) |
| | **সর্বমোট =** | | **১০০৪৫৩.০০** | | **১০০৪৫৩.০০ (১০০%)** |

## ৮। পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

৮.১ **প্রধান প্রধান অংগের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ:** প্রকল্পের টার্নকী অংশের মাধ্যমে নিম্নোক্ত অঙ্গের কাজ বাস্তবায়ন করা হয়েছে:

- Auxiliaries সহ ১৫০ মেগাওয়াটের গ্যাস টারবাইন জেনারেটিং ইউনিট স্থাপন করা হয়েছে এবং ১০০%ক্ষমতাসম্পন্ন ২টি গ্যাস বুস্টার কম্প্রেসার ও ancillaries স্থাপন করা হয়েছে;
- ১৫/১৩২ কেভির স্টেপ আপ ট্রান্সফরমার (ডিফিউজ সিস্টেমসহ একক ফেইজ), হাইড্রোলিক মেকানিজম, ১৩২ কেভি আইসোলেটর, CT, PT, LA ও স্টীল অবকাঠামো সম্পন্ন করা হয়েছে;
- কেন্দ্রীয় নিয়ন্ত্রিত যন্ত্রপাতি, মিটারিং ও রক্ষাপ্রদ প্যানেল, HMI কম্পিউটার, সিনক্রোনাইজিং ও রিলে প্যানেল, প্রমিত আবহাওয়া স্টেশন, এমিশন মনিটর মডিউল, ব্যাটারী, ডিসি ডিস্ট্রিবিউটেড সিস্টেম, পাওয়ার ও ইনস্ট্রুমেন্ট ক্যাবল পিএবিএক্স সিস্টেম, গ্রাউন্ডিং ও লাইটিং সিস্টেম ইত্যাদি যন্ত্রপাতি ও দ্রব্যাদি স্থাপনপূর্বক কমিশন করা হয়েছে;
- ইরেকশন ও রক্ষণাবেক্ষণ এবং ফায়ার ফাইটিং সিস্টেম সংক্রান্ত টুলস্ও যন্ত্রপাতি যেমন ৬০/১০ টনের ওভারহেড বৈদ্যুতিক ক্রেন, ৩০ টনের মোবাইল ক্রেন, ৩ টনের Jib ক্রেন, ৫ টনের ট্রাক, মেশিন শপ যন্ত্রপাতি ও টুলস্, লিফটিং ও হ্যান্ডলিং সংক্রান্ত বিশেষ টুলস্, অগ্নি ও co2 প্রটেকশন, পাইপিং ও ভাল্বসমূহ ইত্যাদি সংগ্রহ করা হয়েছে। একই সঙ্গে গ্যানট্রি অবকাঠামো ও আবহাওয়া প্রটেকশন শেড ইত্যাদি নির্মাণ সম্পন্ন করা হয়েছে;
- পাওয়ার ইভাকুয়েশন ফ্যাসিলিটিজ সংক্রান্ত ইউনিট ট্রান্সফরমার থেকে সাবস্টেশন পর্যন্ত প্রয়োজনীয় হার্ডওয়ারসহ ১৩২ কেভি xLPE (সিঙ্গেল কার) ক্যাবল with two end Termination and one spare core স্থাপন করা হয়েছে;
- এছাড়া পূর্ত কাজের মধ্যে ১৫০০ বর্গফুটের ১টি, ১২৫০ বর্গফুটের ৬টি, ১০০০ বর্গফুটের ৮টি, ৬০০ বর্গফুটের ১৬টি, ৮০০ বর্গফুটের ১৬টি আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে। এছাড়া স্টাফ ও নিরাপত্তা প্রহরীদের ডরমেটরী, আনসার ব্যারাক, মেডিকেল সেন্টার, মসজিদ ও সীমানা প্রাচীর নির্মাণ সম্পন্ন করা হয়েছে;
- ১৬ জনের ১৯ জনমাসের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে;
- পরিদর্শনকালে জানা যায় যে , প্রকল্পটি বাস্তবায়নের জন্য বৈদেশিক সাহায্য সংগ্রহের প্রচেষ্টা নেয়া হলেও প্রকল্প সাহায্য পাওয়া যায়নি। পরবর্তীতে প্রকল্পটি বায়ার্স/সাপ্লাইয়ার্স ক্রেডিটে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। বায়ার্স ক্রেডিটের প্রস্তাবটি ৯ জুলাই ২০০৩ তারিখে অনুষ্ঠিত হার্ডটার্ম লোন স্ট্যান্ডিং কমিটিতে অনুমোদিত হয়। কিন্তু

প্রকল্পে অর্থায়নের জন্য বায়ার্স ক্রেডিট প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হয় এবং পরবর্তীতে উক্ত ঋণ পাওয়া যায়নি বিধায় সরকারী অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা; এবং

- পরিদর্শনকালে আরো জানা যায় যে , প্রকল্পটির টার্নকী অংশের জন্য ৩ সেপ্টেম্বর ২০০১ তারিখে দরপত্র আহবান করা হয় এবং মূল্যায়ন শেষে কোন দরদাতাকে রেসপনসিভ পাওয়া যায়নি। সে কারণে দরপত্র প্রক্রিয়া বাতিল করা হয়। এরপর সরকারের সম্মতি পাওয়া যায়নি বিধায় দ্বিতীয় দরপত্র বাতিল করা হয়। কোন দরদাতা অংশগ্রহণ করেনি বিধায় তৃতীয় দরপত্র এবং সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির অনুমোদন না পাওয়ার কারণে ৪র্থ দরপত্র প্রক্রিয়া বাতিল করা হয়। অতঃপর ৫ম বার আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয় এবং সর্বশেষ ৫ম বার দরপত্র মূল্যায়ন শেষে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি দরপত্র অনুমোদন করে।
- মূলত প্রকল্পের দরপত্র প্রক্রিয়াকরণে জটিলতা ও বৈদেশিক অর্থায়ন প্রাপ্তিতে সময় ক্ষেপণের কারনে প্রকল্পের time over-run হয়েছে এবং এ time over-runএর কারণে cost over-run ঘটেছে। এছাড়া ডিপিপি 'র ২য় সংশোধনকালে বৈদেশিক মুদ্রার বিনিময় হার ছিল ১মার্কিন ডলার =৬৯.০৪ টাকা ও ১ ইউরো =৮৮.৫৪ টাকা। এ হারের ভিত্তিতে ঠিকাদারকে পাওনা পরিশোধের কথা ছিল। কিন্তু ঠিকাদারকে বিল পরিশোধের সময় এ হার বৃদ্ধি পায়। ১ মার্কিন ডলার ৭১ .৫৭ টাকা থেকে ৮৪ .৩১ টাকায় এবং ১ ইউরো =১০৮.০০ টাকা থেকে ১১৪ .০০ টাকায় বৃদ্ধি পায় এবং এ রেটে ঠিকাদারের পাওনা পরিশোধ করা হয়। অপরদিকে আইটি ও ভ্যাটের রেট যথাক্রমে ৪.০% ও ৪.৫% থেকে ৫.০% ও ৫.৫% এ বৃদ্ধি পায়। এ সকল কারণেও প্রকল্প ব্যয় বৃদ্ধি পায়।

**প্রকল্প সংশ্লিষ্ট স্থির চিত্র:** প্রকল্প সংশ্লিষ্ট ৩ (তিন)টি স্থির চিত্র নিম্নে প্রদান করা হলো:-



চিত্র-১: নির্মিত পাওয়ার প্ল্যান্টের ট্রান্সফরমার



চিত্র-২: পাওয়ার প্ল্যান্টের এগজস্ট চিমনী



চিত্র-৩: নির্মিত পাওয়ার প্ল্যান্টের কন্ট্রোল রুম

**৯। প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ**

**(লক্ষ টাকায়)**

| ক্র: নং | কাজের নাম/প্যাকেজের নাম | **দরপত্র/বিড/প্রস্তাব** | | **দরপত্র/বিড প্রস্তাবের মূল্য** | | **প্রকৃত কার্য সম্পাদনের তারিখ** |
|---|---|---|---|---|---|---|
| | | **দরপত্র আহ্বানের তারিখ** | **চুক্তি স্বাক্ষরের তারিখ** | অনুমোদিত আরডিপিপি অনুসারে মূল্য | **চুক্তি মূল্য** | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৮) |
| ১ | Sylhet 150 MW CCPP নির্মাণ প্রকল্পের ইপিসি কন্ট্রাক্ট | ২৬ অক্টোবর ২০০৮ | ৮ ফেব্রুয়ারী ২০১০ | মার্কিন ডলার ৪৭,৬৮২,৫৭৪ + ইউরো ৩৯,৮৭১,৯৩৩ + টাকা ২০৫,৮৬৮,৪২৭ | মার্কিন ডলার ৪৭,৬৮২,৫৭৪ + ইউরো ৩৯,৮৭১,৯৩৩ + টাকা ২০৫,৮৬৮,৪২৭ | **২৭ মার্চ ২০১২** |
| ২ | ১টি MITSUBISHI পাজেরো জীপ ক্রয় | - | - | ৫৯.০৫ | ৫৯.০৫ | - |
| ৩ | Ambulance ক্রয় | - | - | ৩৫.০০ | ৩৫.০০ | ৩০ জুন ২০১৩ |
| ৪ | ২টি Double Cabin Pick-up ক্রয় | - | - | ৪৬.৯২ | ৪৬.৯২ | - |
| ৫ | ১২৫০ বর্গফুটের ৬টি আবাসিক ভবন নির্মাণ | ২০ নভেম্বর ২০১১ | - | ১৬৯.৫৩ | ১৬৯.৫৩ | - |
| ৬ | ১৫০০ বর্গফুটের ১টি আবাসিক ভবন নির্মাণ | ২৮ নভেম্বর ২০১১ | - | ৫৩.২২ | ৫৩.২২ | - |
| ৭ | ১০০০ বর্গফুটের ৮টি আবাসিক ভবন নির্মাণ | ২৩ ফেব্রুয়ারী ২০১২ | - | ১৭৮.৫৬ | ১৭৮.৫৬ | - |
| ৮ | আনসার ব্যারাক এবং স্টাফ ও নিরাপত্তা প্রহরীদের ডরমেটরী ভবন নির্মাণ | ৮ সেপ্টেম্বর ২০১১ | - | ৭৯.০২ | ৭৯.০২ | - |
| ৯ | ৬০০ বর্গফুটের ১৬টি আবাসিক ভবন নির্মাণ | ৮ সেপ্টেম্বর ২০১১ | - | ২২৫.৭০ | ২২৫.৭০ | - |
| ১০ | ৮০০ বর্গফুটের ১৬টি আবাসিক ভবন নির্মাণ | ৩০ জানুয়ারী ২০১৩ | - | ৩২৭.৪৮ | ৩২৭.৪৮ | - |
| ১১ | সীমানা প্রাচীর নির্মাণ | ১২ ফেব্রুয়ারী ২০০৯ | - | ১৭.০৬ | ১৭.০৬ | - |
| ১২ | ভূমি উন্নয়ন | ১৫ জানুয়ারী ২০০৯ | - | ১৮.৮৪ | ১৮.৮৪ | |
| ১৩ | মেডিকেল সেন্টার নির্মাণ | ২৮ নভেম্বর ২০১১ | | ১৩.২৬ | ১৩.২৬ | |
| ১৪ | মসজিদ নির্মাণ | ২৪ জুলাই ২০১৩ | | ২০.৪১ | ২০.৪১ | |
| ১৫ | ড্রেনেজ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মাণ | ৬ ফেব্রুয়ারী ২০১২ | | ৯.৯৮ | ৯.৯৮ | |

* নোট: উপরের ছকে প্রদত্ত তথ্যাদি ১৫ নভেম্বর ২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রেরিত পিসিআর এবং ৭ জানুয়ারী ২০১৬ তারিখের পরিদর্শনকালে সংগ্রহ করা হয়। পিসিআর এ অধিকাংশ ক্ষেত্রে দরপত্র আহবানের তারিখ, ক্রয় চুক্তিমূল্য, চুক্তি অনুসারে কাজ সম্পাদনের তারিখ ও বাস্তবে কাজ সম্পাদনের তারিখ ইত্যাদি তথ্যাদি প্রদান করা হয়নি।

১০। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| বিদ্যুৎ কেন্দ্র /উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ব্যবস্থার উন্নয়ন, লোডশেডিং হ্রাস এবং দেশের দক্ষিণ -পূর্বাঞ্চলের বর্ধিত বিদ্যুৎ চাহিদা পূরণ। | আলোচ্য বিদ্যুৎ প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে বৃহত্তর সিলেট অঞ্চলের বর্ধিত চাহিদা পূরণ, সঞ্চালন ব্যবস্থার উন্নয়ন , এবং লোডশেডিং সমস্যা হ্রাস করা সম্ভব হয়েছে বলে প্রতীয়মান হয়। |

১১। **অডিট সংক্রান্ত তথ্য :** ২০১১-১২ ও ২০১২ -১৩ অর্থবছরে প্রকল্পটির অভ্যন্তরীণ অডিট পরিচালনা করা হয়। উক্ত অডিট পরিচালনাকালে প্রকল্পটির জন্য ৫ (পাঁচ)টি আপত্তি উত্থাপিত হয় এবং ৫টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এছাড়া ২০০১ -২০১২ সালের জন্য প্রকল্পটির External অডিট পরিচালিত হয়। উক্ত অডিট কর্তৃক উত্থাপিত ৫ (পাঁচ)টি আপত্তির জবাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে।

১২। **সমস্যা:**

১২.১ **বৈদেশিক অর্থায়ন প্রাপ্তিতে অনিশ্চয়তা:** মূল প্রকল্পে ২০২ .৫৬ কোটি টাকা বৈদেশিক সাহায্যের সংস্থান ছিল। প্রকল্পটি বাস্তবায়নের জন্য বৈদেশিক সাহায্য সংগ্রহের প্রচেষ্টা নেয়া হলেও প্রকল্প সাহায্য পাওয়া যায়নি। পরবর্তীতে প্রকল্পটি বায়ার্স/সাপ্লাইয়ার্স ক্রেডিটে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। বায়ার্স ক্রেডিটের প্রস্তাবটি ৯ জুলাই ২০০৩ তারিখে অনুষ্ঠিত হার্ডটার্ম লোন স্ট্যান্ডিং কমিটিতে অনুমোদিত হয়। টার্নকী কাজের জন্য দরপত্র আহ্বান এবং প্রকল্প প্রস্তাব সংশোধন করে ১ম সংশোধিত ডিপিপি ৪০৭ .০৮৭ কোটি প্রাক্কলিত ব্যয়ে ৭ জুলাই ২০০৪ তারিখের 'একনেক' কর্তৃক অনুমোদিত হয়। কিন্তু প্রকল্পে অর্থায়নের জন্য বায়ার্স ক্রেডিট প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হয় এবং দরপত্র সংক্রান্ত নানারূপ দীর্ঘসূত্রিতার কারণে প্রকল্পের বাস্তবায়ন বিঘ্নিত হয় (অনুচ্ছেদ-৮.১);

১২.২ **টার্নকী অংশের দরপত্র আহবানে জটিলতা:** প্রকল্পটির টার্নকী অংশের জন্য ৫ বার আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয় এবং সর্বশেষ ৫ম বার দরপত্র মূল্যায়ন শেষে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি দরপত্র অনুমোদন করে। অনুমোদিত দরপত্রের আলোকে ডিপিপি পুনর্গঠন করে পিইসি সভা অনুষ্ঠিত হবার ১ বছর ১১ মাস পর পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয় এবং প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি ৮৭৮ .৯৯ কোটি টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে ২০ এপ্রিল ২০১০ তারিখের একনেক কর্তৃক অনুমোদিত হয় (অনুচ্ছেদ-৮.১);

১২.৩ **প্রকল্প পরিচালক নিয়োগে বিলম্ব:** প্রকল্পটি সর্ব প্রথমে জুলাই, ২০০১ থেকে জুন ২০০৪ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। কিন্তু প্রকল্পের জন্য প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয় ২৭ ডসেম্বর ২০০৫ তারিখে (অনুচ্ছেদ ৬.৬);

১২.৪ **মামলার কারণে বাস্তবায়ন বিঘ্নিত:** প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের টার্নকী ঠিকাদার কর্তৃক নিয়োজিত স্থানীয় ঠিকাদার হাটকোর্টে রীট মামলার পিটিশন দাখিল করলে গত ১৭ জুন ২০১২ তারিখে হাইকোর্ট রুলনিশি জারী করে। উক্ত আদেশে বলা হয় যে, মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ঠিকাদারকে কোন পেমেন্ট করতে পারবে না ; বিষয়টি দীর্ঘদিন নিষ্পত্তি না হওয়ার কারণে কোন পেমেন্ট প্রদান করা সম্ভব হয়নি; ফলে প্রকল্পের বাস্তবায়ন ব্যাহত হয়;

১২.৫ **প্রকল্পের অস্বাভাবিক** cost over-run**:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপিতে ৩৪২ .৬৭ কোটি টাকা ব্যয় প্রাক্কলিত থাকলেও বাস্তবে ১০০৪.৫৩ কোটি টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটিতে প্রায় ১৯৩.১৫% cost over-run হয়েছে (অনুচ্ছেদ-৫);

১২.৬ **প্রকল্পের অস্বাভাবিক** Time over-run: মূল অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই, ২০০১ হতে জুন, ২০০৪ পর্যন্ত নির্ধারিত থাকলেও নানাবিধ জটিলতার কারণে প্রকল্পটি প্রকৃতপক্ষে ২০১০ হতে বাস্তবায়ন শুরু হয়। জুন , ২০১৪ নাগাদ প্রকল্পের বাস্তবায়ন কাজ শেষ হয়েছে। প্রকল্পটিতে ৩৩৩ .৩৩% Time over-run হয়েছে। শুধুমাত্র প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার কারণে বৈদেশিক মুদ্রার বিনিময় হার বেড়ে যাওয়াতে প্রকল্পটি বিশেষ সংশোধনের প্রয়োজন হয়েছে এবং এতে ২য় সংশোধিত ডিপিপি অপেক্ষা ব্যয় ১২৫.৫৪ কোটি টাকা বৃদ্ধি পায় (অনুচ্ছেদ-৫);

১২.৭ **অনিষ্পন্ন অডিট আপত্তি:** প্রকল্পের এক্সটারনাল অডিট কর্তৃক উত্থাপিত ৫টি আপত্তি নিষ্পত্তি হয়নি (অনুচ্ছেদ-১১); এবং

১২.৮ **বিলম্বে পিসিআর প্রেরণ :** প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে আইএমইডি 'তে পিসিআর প্রেরণের নির্দেশনা থাকলেও আলোচ্য প্রকল্পটি শেষ হবার প্রায় ১৮ মাস পর পিসিআর পাঠানো হয়েছে।

১২.৯ **প্রেরিত পিসিআর এ তথ্য ঘাটতি:** ১৫ নভেম্বর ২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রেরিত পিসিআর এ অধিকাংশ ক্ষেত্রে দরপত্র আহবানের তারিখ, ক্রয় চুক্তিমূল্য, চুক্তি অনুসারে কাজ সম্পাদনের তারিখ ও বাস্তবে কাজ সম্পাদনের তারিখ ইত্যাদি তথ্যাদি প্রদান করা হয়নি (অনুচ্ছেদ-৯ এর নোট)।

## ১৩। সুপারিশ:

১৩.১ ভবিষ্যতে প্রকল্পের ডিপিপি 'তে বৈদেশিক অর্থায়নের সংস্থান রাখার প্রয়োজন হলে প্রকল্প সাহায্য প্রাপ্তি নিশ্চিত /প্রতিশ্রুতি পাওয়ার পর প্রকল্প গ্রহণ /অনুমোদন করা বাঞ্চনীয় হবে (অনুচ্ছেদ-১২.১);

১৩.২ প্রকল্প ডিজাইন ও প্ল্যানিং এর সময় অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে যাতে করে বার বার দরপত্র আহবান করে সময় ক্ষেপণ না হয় (অনুচ্ছেদ-১২.২);

১৩.৩ প্রকল্পটিতে ৩৩৩ .৩৩% Time Over Run এবং ১৯৩.২৭% Cost Over Run হয়েছে। প্রকল্প বাস্তবায়নে বেশি বিলম্ব হলে উপকারভোগী গোষ্ঠী সময়মত সুফল প্রাপ্তি হতে বঞ্চিত হয় এবং প্রকল্পের ব্যয় বৃদ্ধি পায়। ভবিষ্যতে বিষয়গুলি সতর্কভাবে বিবেচনা করতে হবে (অনুচ্ছেদ-১২.৫ ও ১২.৬) ;

১৩.৪ প্ল্যান্টের ওভারহোলিং ও রক্ষণাবেক্ষণ যাতে যথাসময়ে করা হয় সে বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা নিশ্চিত করবে;

১৩.৫ প্রকল্প বাস্তবায়নের শুরু থেকে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা এবং ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী না করা হয় সেদিকে মন্ত্রণালয়/বিভাগ সজাগ দৃষ্টি রাখবে (অনুচ্ছেদ-১২.৩);

১৩.৬ External অডিটে উত্থাপিত আপত্তিসমূহের নিষ্পত্তির দ্রুত ব্যবস্থা নিতে হবে ((অনুচ্ছেদ-১২.৭);

১৩.৭ প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে আইএমইডি 'তে পিসিআর প্রেরণের নির্দেশনা থাকলেও আলোচ্য প্রকল্পটি শেষ হবার প্রায় ১৮ মাস পর পিসিআর পাঠানো হয়েছে কেন সে বিষয়ে সংস্থা ব্যাখ্যা প্রদান করবে ((অনুচ্ছেদ-১২.৮)।

১৩.৮ পিসিআর-এ ক্রয় সংক্রান্ত তথ্যাদির যেন ঘাটতি না থাকে সে বিষয়টি প্রকল্প কর্তৃপক্ষ নিশ্চিত করবে (অনুচ্ছে-১২.৯)

১৩.৯ অনুচ্ছেদ ১৩.১ থেকে ১৩ .৮ এর আলোকে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

# ৬২০ মে:ও: পিকিং পাওয়ার প্লান্টস স্থাপন (সংশোধিত)
# Construction of 620 MW Peaking Power Plants Project (Revised)
## সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
## (সমাপ্ত: জুন, ২০১৪)

**১। প্রকল্পের নাম :** ৬২০ মে:ও: পিকিং পাওয়ার প্লান্টস স্থাপন (সংশোধিত)
Construction of 620 MW Peaking Power Plants Project (Revised)

**২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ :** বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ।

**৩। বাস্তবায়নকারী সংস্থা :** **বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড** (বিপিডিবি)।

**৪। প্রকল্পের অবস্থান :**

| ক্রঃ নং | প্রকল্পের নাম | বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|---|---|
| ১ | গোপালগঞ্জ-১০০ মেঃওঃ | ঢাকা | গোপালগঞ্জ | গোপালগঞ্জ সদর |
| ২ | ফরিদপুর-৫০ মেঃওঃ | ঢাকা | ফরিদপুর | ফরিদপুর সদর |
| ৩ | বেড়া-৭০ মেঃওঃ | রাজশাহী | পাবনা | বেড়া |
| ৪ | বাঘাবাড়ী-৫০ মেঃওঃ | রাজশাহী | সিরাজগঞ্জ | শাহজাদপুর |
| ৫ | কাটাখালী-৫০ মেঃওঃ | রাজশাহী | রাজশাহী | পবা |
| ৬ | শান্তাহার-৫০ মেঃওঃ | রাজশাহী | নওগা | শান্তাহার |
| ৭ | হাটহাজারী-১০০ মেঃওঃ | চট্রগ্রাম | চট্রগ্রাম | হাটহাজারী |
| ৮ | দাউদকান্দি/তিতাস-৫০ মেঃওঃ | চট্রগ্রাম | কুমিল্লা | দাউদকান্দি/তিতাস |
| ৯ | দোহাজারী/সাতকানিয়া,কালিআইশ- ১০০ মেঃওঃ | চট্রগ্রাম | চট্রগ্রাম | দোহাজারী |

**৫। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন সময়ঃ**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের % | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল মোট জিওবি (ক্যাশ ফ. ইএক্স.) বিপিডিবি | সর্বশেষ সংশোধিত মোট জিওবি (ক্যাশ ফ. ইএক্স.) বিপিডিবি | মোট জিওবি (ক্যাশ ফ. ইএক্স.) বিপিডিবি | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৬৯৫৯৮৫.৭২<br>৬৮৪১৬৩.৮০<br>(৫৪২৮৮১.৭২)<br>১১৮২১.৯২ | ৬১২৩৩৭.২৬<br>৫৭৪৭৩৩.৯৪<br>(৪৪৯৬৭০.৬৩)<br>৩৭৬০৩.৩২ | ৫৭১০২৭.৯৮<br>৫৫২৬৫৮.১৭<br>(৪৪৬৫৬৫.২১)<br>১৮৩৬৯.৮১ | জানুয়ারী, ২০১০ হতে ডিসেম্বর, ২০১১ | জানুয়ারী, ২০১০ হতে জুন, ২০১৪ | জানুয়ারী,২০১০ হতে জুন, ২০১৪ | (-) ১২৪৯৫৭.৭৪ (১৭.৯৫) * | ৩০ মাস (১২৫%) |

*প্রকল্পের অনুকুলে প্রকৃত ব্যয় মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ১২৪৯৫৭.৭৪ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** PCR অনুযায়ী এবং প্রকল্প পরিচালকের দেয়া তথ্য মতে প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **প্রকল্পের উদ্দেশ্য ও পটভূমিঃ**

**৭.১ প্রকল্পের উদ্দেশ্যঃ**

প্রকল্পের প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

(ক) বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে বিদ্যুৎ ঘাটতি মোকাবেলাসহ লোড শেডিং কমানো;

(খ) স্থানীয় উৎপাদনের মাধ্যমে চাহিদা পূরণসহ গ্রাহক সেবা বৃদ্ধিকরণ; এবং

(গ) সঞ্চালন লস কমানো এবং লো-ভোল্টেজ সমস্যার উন্নয়ন।

**৭.২ প্রকল্পের পটভূমিঃ**

বিদ্যুৎ ঘাটতি মোকাবেলার লক্ষ্যে গত ২৯ জুলাই, ২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশ মোতাবেক বিদ্যুৎ বিভাগে এক মহাপরিকল্পনা হাতে নেয়া হয়। সে লক্ষ্যে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক In house Feasibility Study সম্পন্ন করা হয়। উক্ত In house Feasibility Study অনুযায়ী আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়। তৎকালীন বিরাজমান পরিস্থিতিতে লোড শেডিং এর মাত্রা অদূর ভবিষ্যতে কমিয়ে আনার লক্ষ্যে ও বিদ্যুতের ক্রমবর্ধমান ঘাটতি নিরসন করে আগামী ২০২১ সালের মধ্যে "সবার জন্য বিদ্যুৎ" সরবরাহের লক্ষ্যে আলোচ্য প্রকল্পের কার্যক্রম গ্রহণ করা হয়।

৮। **প্রকল্পের অর্থায়ন (সর্বশেষ সংশোধন অনুযায়ী):**

(ক) জিওবি:

(লক্ষ টাকায়)

| মোট | ঋণ | অনুদান (৬০%) | **Cash Foreign Exchange** |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৫৭৪৭৩৩.৯৪ | ঋণ ৪০%, ইন্টারেষ্ট রেইট ৩% এ (ফরেন এক্স. ১৭৯৮৬৮.২৫, স্থানীয়-৪০৪২৫.৩২) এবং ইকুইটি ৬০% (ফরেন এক্স. ২৬৯৮০২.৩৮, স্থানীয়-৬০৬৩৭.৯৮) | - | ৪৪৯৬৭০.৬৩ |

(খ) বিপিডিবি'র নিজস্ব অর্থায়নঃ ৩৭৬০৩.৩২ লক্ষ টাকা।

৯। **প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

প্রাথমিক পর্যায়ে ১০ টি পাওয়ার প্লান্ট সম্বলিত আলাচ্য প্রকল্পটি ৮২০ মেঃ ওঃ পিকিং পাওয়ার প্লান্ট প্রজেক্ট শীর্ষক নামে মোট **৬৯৫৯৮৫.৭২** লক্ষ (জিওবি **৬৮৪১৬৩.৮০** লক্ষ + বিপিডিবি'র নিজস্ব **১১৮২১.৯২** লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১০ হতে ডিসেম্বর, ২০১১ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৬/০৩/২০১০ তারিখে 'একনেক' কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির মেয়াদ ১ম বার ডিসেম্বর, ২০১২ পর্যন্ত (১ বছর) এবং ২য় বার গত ০৪/০৩/২০১৩ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত (১ বছর) বৃদ্ধি করা হয়। উল্লেখ্য, ঘোড়াশালের ২০০ মেঃ ওঃ পাওয়ার প্লান্টটি প্রকল্প হতে বাদ দেয়া হয় এবং ৯টি পাওয়ার প্লান্ট সম্বলিত আলাচ্য প্রকল্পটি সক্ষমতা হয় ৬২০ মেঃ ওঃ। ঘোড়াশালের ২০০ মেঃ ওঃ পাওয়ার প্লান্টটি ডিপিপি গত এপ্রিল ২০১৪ তে "কনস্ট্রাকশন অব ঘোড়াশাল ৩০০-৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট" শীর্ষক নামে অনুমোদিত হয়। ফলে ৬২০ মেঃওঃ সক্ষমতা প্রকল্পটি মোট **৬১২৩৩৭.২৬** লক্ষ (জিওবি **৫৭৪৭৩৩.৯৪** লক্ষ + বিপিডিবি'র নিজস্ব **৩৭৬০৩.৩২** লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে [৯টি পাওয়ার প্লান্ট এবং ঘোড়াশালের ২০০ মেঃওঃ এর জন্য ব্যয়কৃত ৩২.০৯ লক্ষ (জিওবি ১৯.৫৬ লক্ষ + বিপিডিবি ১২.৫৩ লক্ষ] এবং জানুয়ারী, ২০১০ হতে জুন, ২০১৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১০/০৯/২০১৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় সংশোধনের প্রস্তাব অনুমোদিত হয়।

## ১০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

বিপিডিবি থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| Description of Items | Target (as per RDPP) | | Actual Progress | |
|---|---|---|---|---|
| | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| (a) Revenue Component | | | | |
| Pay of Officers | 508.66 | 55 Nos. | 258.54 | 46 Nos. |
| Pay of Establishment | 205.30 | 82 Nos | 113.39 | 43 Nos |
| Allowances | 515.22 | LS | 348.49 | LS |
| Repairs, Maintenance & Rehabilitation | 208.81 | LS | 154.50 | LS |
| **Total Revenue** | 1437.99 | | 874.92 | |
| **(b) Capital Component** | | | | |
| Machinary & Equipment | 419503.44 | 1 lot | 416408.95 | Lot |
| Office Furniture,Equipment including all accessories | 379.91 | LS | 162.1 | LS |
| Transport -Vehicles | 617.92 | 37 Nos. | 437.33 | 36 Nos. |
| Civil Works Turn-key | 32265.16 | Lot | 32265.16 | Lot |
| Erection & Commissioning of whole power plant | 28323.22 | LS | 28323.22 | LS |
| Services Gurantee Period Operation | 1092.71 | LS | 1092.7 | LS |
| Training at site | 566.93 | LS | 566.88 | LS |
| Training at manufacture factory | 2047.96 | 135 nos. 135 pm | 2037.04 | 134 nos. |
| Consultancy Services & EIA | 84.00 | 554 pm | 36.15 | LS |
| Training Local | 16.00 | LS | | |
| Initial cost of O & M Operator | 0.00 | LS | | |
| Land Acquisition | 5481.51 | 71 Acres | 4256.6 | 71 Acres |
| Land Development | 583.95 | 268980 cu.m | 257.8 | 268980 cu.m |
| Cost of civil works (Non Residential) | 2742.56 | LS | 2138.35 | LS |
| Cost of civil works ( Residential) | 1682.46 | 6110 sq.m | 1629.92 | 6177 sq.m |
| Inland Transportation | 3351.39 | LS | 3351.34 | LS |
| Insurance | 1292.64 | LS | 1292.63 | LS |
| Long Term Service Agrement (LTSA), Service & Spare parts | 26526.90 | 4 years for each power plant | 0 | LS |
| Fueal for Initial run (2 month) | 0.00 | LS | 0 | LS |
| Charge of Electrical Energy during construction | 38.56 | LS | 2.65 | LS |
| L.C. charge (Bank Charge) | 7587.19 | LS | 403.24 | LS |
| Custom Duty, Taxes & VAT | 38626.82 | LS | 37199 | LS |
| VAT & Advance Income Tax | 0.00 | 8.50% | 0 | 8.50% |
| Physical Contingency | 4449.64 | LS | 1819.79 | LS |
| Interest During Construction @ 3% p.a. on Local and 3% p.a. on F.Ex. Component Considering 60% Equity on Local component | 9638.43 | LS | 17494.89 | LS |
| Cost Escalation | 24000.01 | LS | 18977.32 | |
| **Sub-Total (Capital Component)** | **610899.31** | | **570153.06** | |
| **Grand Total (a+b)** | **612337.26** | | **571027.98** | |

## ১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নিম্নোক্ত কর্মকর্তাগণ বিভিন্ন মেয়াদে আলোচ্য প্রকল্পের সাব-প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেনঃ

| কর্মকর্তার নাম ও পদবী | মেয়াদকাল | দায়িত্বের ধরন |
|---|---|---|
| **Gopalganj 100 MW** | | |
| A.T.M Zahirul Islam Mazumder<br>Project Director | ০৮/০৪/২০০৯ হতে ২১/১০/২০১২ | পূর্ণকালীন |
| A.T.M Zahirul Islam Mazumder<br>Project Director | ২১/০৪/২০০৯ হতে ৩০/০৬/২০১৪ | খন্ডকালীন |
| **Faridpur 50 MW** | | |
| A.T.M Zahirul Islam Mazumder<br>Project Director | ০৮/০৪/২০০৯ হতে ২১/১০/২০১২ | পূর্ণকালীন |
| A.T.M Zahirul Islam Mazumder<br>Project Director | ২১/০৪/২০০৯ হতে ৩০/০৬/২০১৪ | খন্ডকালীন |
| **Bera 70 MW** | | |
| Md. Nazrul Islam, SE<br>Project Director | ০৫/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৪ | পূর্ণকালীন |
| **Baghabari 50 MW** | | |
| Md. Nazrul Islam, SE<br>Project Director | ০৫/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৪ | পূর্ণকালীন |
| **Katakhali 50 MW** | | |
| Saiful Islam Khan, SE<br>Project Director | মে, ২০১০ হতে ০৩/০৭/২০১০ | পূর্ণকালীন |
| Salim Akter, SE<br>Project Director | ১৩/০৭/২০১০ হতে ৩০/০১/২০১১ | পূর্ণকালীন |
| Abul Baser Khan, SE<br>Project Director | ৩০/০১/২০১১ হতে ০৬/০৬/২০১১ | পূর্ণকালীন |
| SK Md. Alauddin, SE<br>Project Director | ০৬/০৬/২০১১ হতে ৩০/০৬/২০১৪ | পূর্ণকালীন |
| **Santahar 50 MW** | | |
| Saiful Islam Khan, SE<br>Project Director | মে, ২০১০ হতে ০৩/০৭/২০১০ | পূর্ণকালীন |
| Salim Akter, SE<br>Project Director | ১৩/০৭/২০১০ হতে ৩০/০১/২০১১ | পূর্ণকালীন |
| Abul Baser Khan, SE<br>Project Director | ৩০/০১/২০১১ হতে ০৬/০৬/২০১১ | পূর্ণকালীন |
| SK Md. Alauddin, SE<br>Project Director | ০৬/০৬/২০১১ হতে ৩০/০৬/২০১৪ | পূর্ণকালীন |
| **Hathazari 100 MW** | | |
| Md. Nazrul Islam, SE<br>Project Director | ২০/০৫/২০১০ হতে ১৬/০১/২০১১ | পূর্ণকালীন |
| Md. Shafiqul Islam, SE<br>Project Director | ১৬/০১/২০১১ হতে ০৩/০৩/২০১৪ | পূর্ণকালীন |
| Md. Jasim Uddin Bhuiyan, XEN<br>Project Director (Additional Charge) | ০৩/০৩/২০১৪ হতে ৩০/০৬/২০১৪ | পূর্ণকালীন |
| **Daudkandi/Titas 50 MW** | | |
| Md. Nazrul Islam, SE<br>Project Director | ০৭/০২/২০১০ হতে ৩০/০৬/২০১৪ | পূর্ণকালীন |
| **Dohazari 100 MW** | | |
| Mr. Swapan Kanti Chakraborty<br>Project Director | ২০/০৫/২০১০ হতে ২৬/০৯/২০১২ | পূর্ণকালীন |
| Md. Nurul Hoque<br>Project Director | ২৬/০৯/২০১২ হতে ২০/১২/২০১২ | পূর্ণকালীন |
| Mr. Swapan Kanti Chakraborty<br>Project Director (Additional Charge) | ০৩/০৩/২০১৪ হতে ৩০/০৬/২০১৪ | পূর্ণকালীন |

## ১২। পরিদর্শনঃ

আইএমই বিভাগের সহকারী পরিচালক (বিদ্যুৎ) জনাব ইশতিয়াক আহমেদ ০৯ টি প্রকল্প এলাকার মধ্যে পাবনা (বেড়া) এবং সিরাজগঞ্জ (শাহজাদপুর)-এ গত ২৮/০৫/২০১৬ তারিখে সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক এবং প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

## ১৩। পর্যবেক্ষণ/বাস্তবায়ন সমস্যাঃ

১৩.১ প্রকল্পটির মাধ্যমে ৯টি পাওয়ার প্লান্টেরই নির্মাণ কাজ শেষ হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। পাওয়ার প্লান্টগুলো বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা থাকার সময় চলমান থাকার সাথে প্রয়োজনানুযায়ী অন্যান্য সময়ও বিদ্যুৎ উৎপাদন করে থাকে।

১৩.২ প্রকল্পের মাধ্যমে নির্মিত পাওয়ার প্লান্টগুলো HFO (Heavy Fuel Oil) ভিত্তিক। প্রাথমিক পর্যায়ে শুধুমাত্র বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা থাকার সময় প্লান্টগুলো চলমান রাখার পরিকল্পনা হয় এবং সে অনুযায়ী প্লান্টে উৎপাদিত Sludge সংরক্ষনের জন্য নির্মিত Sludge Storage Tank এর Capacity নির্ধারণ করা হয়। কিন্তু পরিকল্পনার তুলনায় অধিক সময় পাওয়ার প্লান্টগুলো চলমান থাকার ফলে প্লান্টে অধিক উৎপাদিত Sludge সংরক্ষণে এবং তা বিক্রি করতে সমস্যার সম্মুখিন হতে হচ্ছে।

১৩.৩ আলোচ্য প্রকল্পে ২০১০-১১ অর্থবছরে অপ্রতুল অর্থ বরাদ্দের কারণে ইপিসি কনট্রাকটরের বিল প্রদান করা সম্ভব ছিল না। বিপিডিবি'র বোর্ড মিটিং এর সিদ্ধান্ত অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের GPF/CPF হতে অস্থায়ী ভিত্তিতে অর্থের ঘাটতি (৬১৪.৪০ কোটি) টাকা পূরণ করা হয়। এর ফলে প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত হয়।পরবর্তীতে এডিপি বরাদ্দ হতে তা সমন্বয় করা হয়।

১৩.৪ সকল পাওয়ার প্লান্ট হতে উৎপাদনকৃত বিদ্যুৎ ন্যাশনাল গ্রীডে সরবরাহ করা হচ্ছে।

১৩.৫ প্রাথমিক পর্যায়ে ১০ টি পাওয়ার প্লান্ট সম্বলিত আলাচ্য প্রকল্পটি ৮২০ মেঃ ওঃ পিকিং পাওয়ার প্লান্ট প্রজেক্ট শীর্ষক শিরোনামে অনুমোদিত হয়। পরবর্তীতে ঘোড়াশালের ২০০ মেঃ ওঃ পাওয়ার প্লান্টটি প্রকল্প হতে বাদ দেয়া হয় এবং ৯টি পাওয়ার প্লান্ট সম্বলিত আলাচ্য প্রকল্পটি সক্ষমতা হয় ৬২০ মেঃ ওঃ। ঘোড়াশালের ২০০ মেঃ ওঃ পাওয়ার প্লান্টটি ডিপিপি গত এপ্রিল ২০১৪ তে "কনস্ট্রাকশন অব ঘোড়াশাল ৩০০-৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট" শীর্ষক নামে অনুমোদিত হয়।

১৩.৬ অনুমোদিত সংশোধিত ডিপিপিতে নির্মানকালীন সুদ অঙ্গে ৯৬৩৮.৪৩ লক্ষ টাকা প্রাক্কলন করা হলেও এ অঙ্গে প্রকৃত ব্যয় হয়েছে ১৭৪৯৪.৮৯ লক্ষ টাকা। যা অনুমোদিত বরাদ্দের তুলনায় ৭৮৫৬.৪৬ লক্ষ টাকা বেশী।

১৩.৭ প্রকল্প এলাকায় সাইট বুক/পরিদর্শন বহি পাওয়া যায়নি।

১৩.৮ প্রকল্পের Audit সংক্রান্ত তথ্যঃ

১৩.৮.১ Internal Audit সংক্রান্ত তথ্যঃ

প্রকল্পটির বিভিন্ন প্রকল্প এলাকায় ২০১০-১১ হতে ২০১২-১৩ অর্থবছরে Internal Audit সম্পন্ন করা হয়েছে।যার মধ্যে ৪০ টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে।৮টির বিষয়ে পিসিআর এ তথ্য প্রদান করা হয়নি এবং ১টির অডিট চলমান রয়েছে।

১৩.৮.২ External Audit সংক্রান্ত তথ্যঃ

পূর্ত অডিট অধিদপ্তরঃ কোন প্রকার External Audit সম্পন্ন হয় নাই। তবে কম্পট্রোলার এন্ড অডিট জেনারেল এর কার্যালয় হতে পিডিবির উপর প্রণীত Efficiency Audit পরিকল্পনার আওতায় একটি দল প্রকল্পের Efficiency Audit এর কাজ সম্পন্ন করার লক্ষ্যে নিরীক্ষাযোগ্য রেকর্ডপত্র পর্যবেক্ষণ করে এবং এর আওতায় আপত্তি উপস্থাপন করেঃ

| অডিট রিপোর্ট | অডিট রিপোর্ট দাখিলের তারিখ | প্রধান প্রধান পর্যবেক্ষণ/আপত্তি | নিষ্পত্তি হয়েছে কিনা (নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থা) |
|---|---|---|---|
| Gopalganj 100 MW (4.2.2) | ০৩ ডিসেম্বর ২০১৩ | টার্ণকী ঠিকাদারের বিল হতে আয়কর ও ভ্যাট কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি ৪২৪, ১৩,২৮, ৩১৮ টাকা। | আংশিকভাবে অডিট আপত্তিটি নিষ্পত্তি হয়েছে। ভ্যাট কর্তন সংক্রান্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের/জাতীয় রাজস্ব বোর্ড হতে নির্দেশনা পাওয়া যায়। কিন্তু আয়কর এর ব্যাপারে নির্দেশনা পাওয়া যায়নি। |
| Faridpur 50 MW (4.2.2) | ০৩ ডিসেম্বর ২০১৩ | টার্ণকী ঠিকাদারের বিল হতে আয়কর ও ভ্যাট কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি ৪২৪, ১৩,২৮,৩১৮ টাকা। | আংশিকভাবে অডিট আপত্তিটি নিষ্পত্তি হয়েছে। ভ্যাট কর্তন সংক্রান্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের/জাতীয় রাজস্ব বোর্ড হতে নির্দেশনা পাওয়া যায়। কিন্তু আয়কর এর ব্যাপারে নির্দেশনা পাওয়া যায়নি। |
| Katakhali 50 MW Audit for Performance (AG) | ১৯ সেপ্টেম্বর ২০১৩ | চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কমার্শিয়াল অপারেশন (ICO) গ্রহণে ব্যর্থ মেসার্স ডংফ্যাং ইলেকট্রিক (চায়না) এর নিকট হতে লিকিউডিটি ডেমারেজ আদায় না করায় বিউবোর ক্ষতি ৩১,১৮,৫৮,১৭১/- টাকা। | Resolved |
| Santahar 50 MW Audit for Performance (AG) | ১৯ সেপ্টেম্বর ২০১৩ | চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ে কমার্শিয়াল অপারেশন (ICO) গ্রহণে ব্যর্থ মেসার্স ডংফ্যাং ইলেকট্রিক (চায়না) এর নিকট হতে লিকিউডিটি ডেমারেজ আদায় না করায় বিউবোর ক্ষতি ৩১,১৮,৫৮, ১৭১/- টাকা। | Resolved |

**প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ**



চিত্র-১ প্রকল্প এলাকা, বাঘাবাড়ি, সিরাজগঞ্জ




চিত্র-২ প্রকল্প এলাকা, বাঘাবাড়ি, সিরাজগঞ্জ




চিত্র-৩ প্রকল্প এলাকা, বাঘাবাড়ি, সিরাজগঞ্জ



চিত্র-৪ প্রকল্প এলাকা, বাঘাবাড়ি, সিরাজগঞ্জ

**প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ**




চিত্র-১ প্রকল্প এলাকা, বেড়া, পাবনা



চিত্র-২ প্রকল্প এলাকা, বেড়া, পাবনা



চিত্র-৩ প্রকল্প এলাকা, বেড়া, পাবনা



চিত্র-৪ প্রকল্প এলাকা, বেড়া, পাবনা

## ১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| (ক) বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে বিদ্যুৎ ঘাটতি মোকাবেলাসহ লোড শেডিং কমানো; | (ক) ৯ (নয়) টি বিভিন্ন পাওয়ার প্লান্টের ৬২০ মেঃওঃ পাওয়ার উৎপাদন হচ্ছে যা ৬২০ মেঃওঃ লোড শেডিং হ্রাস করছে; |
| (খ) স্থানীয় উৎপাদনের মাধ্যমে চাহিদা পূরণসহ গ্রাহক সেবা বৃদ্ধিকরণ; | (খ) ৯ (নয়) টি বিভিন্ন পাওয়ার প্লান্ট এলাকায় স্থানীয় উৎপাদন বৃদ্ধি পেয়েছে এবং বিদ্যুৎ এর স্থিতিশীলতা বৃদ্ধি পেয়েছে; |
| (গ) সঞ্চালন লস কমানো এবং লো-ভোল্টেজ সমস্যার উন্নয়ন; | (গ) সঞ্চালন লস হ্রাস পেয়েছে এবং লো-ভোল্টেজ সমস্যার উন্নয়ন হয়েছে। |
| (ঘ) জাতীয় গ্রীডের স্থিতিশীলতা এবং নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা। | (ঘ) জাতীয় গ্রীডের স্থিতিশীলতা এবং নির্ভরযোগ্যতার উন্নয়ন হয়েছে। |

## ১৫। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

| **Description of Procurement (Goods/Works/Consultancy) as per bid document.** | **Tender/Bid/Proposal Cost (1 USD=69.50 BDT, 1 EURO=104.7782 BDT)** | | **Tender/Bid/ Proposal** | | **Date of Completion of Works/Services and Supply of goods** | |
|---|---|---|---|---|---|---|
| | **As per pp (Revise) ( in lakh Taka)** | **Contracted value** | **Invitation date** | **Contract signing/L. C Opening date** | **As per Contract** | **Actual** |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| **Gopalganj 100 MW** | | | | | | |
| Engineering, Design, Manufacturing, Inspection, Supply, Installation, Erection, Testing, Commissioning, performance test and related civil and building works including necessary auxiliaries and ancillaries on turn-key basis along with 2(two) years warranty period for the entire work as well as LTSA (Long Term Service Agreement) for 4 years after expiry of warranty of Gopalganj 100 MW Peaking Power Plant Project (HFO Fired Engine Generating Set) having net output 108.950 MW at site conditions of 35ºC, 1.013bar, 98 percent RH at Gopalganj. | 69308.16 | USD 13,368,416.00 + EURO 48,626,557.00 + BDT 906,707,943.00 only | 13/09/2009 | 26/01/2011 | Effective date of contract: 06/06/2010 and completion time: 450 days from the effective date i.e. 29/08/2011 | 20/11/2011 |
| **Faridpur 50 MW** | | | | | | |
| Engineering, Design, Manufacturing, Inspection, Supply, Installation, Erection, Testing, Commissioning, performance test and related civil and building works including necessary auxiliaries and ancillaries on turn-key basis along with 2(two) years warranty period for the entire work as well as LTSA (Long Term Service Agreement) for 4 years after expiry of warranty of Faridpur 50 MW Peaking Power Plant Project (HFO Fired Engine Generating Set) having net | 38354.22 | USD 8,906,417.94 + EURO 25,549,131.00 + BDT 539,433,203.00 only | 13/09/2009 | 26/04/2010 | Effective date of contract: 26/05/2010 and completion time: 450 days from the effective date i.e. 18/08/2011 | 03/11/2011 |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| output 54.419 MW at site conditions of 35ºC, 1.013bar, 98 percent RH at Faridpur. | | | | | | |
| **Bera 70 MW** | | | | | | |
| Engineering, Design, Manufacturing, Inspection, Supply, Installation, Erection, Testing, Commissioning, performance test and related civil and building works including necessary auxiliaries and ancillaries on turn-key basis along with 2(two) years warranty period for the entire work as well as LTSA (Long Term Service Agreement) for 4 years after expiry of warranty of Bera 70 MW Peaking Power Plant Project (HFO Fired Engine Generating Set) having net output 71.283 MW at site conditions of 35ºC, 1.013bar, 98 percent RH at Bera, Pabna. | 48468.84 | USD 63,051,304.61 + BDT 464,816,887.07 only | 04.05.2010 | 26/04/2010 | 29/10/2011 | 07/10/2011 |
| **Baghabari 50 MW** | | | | | | |
| Engineering, Design, Manufacturing, Inspection, Supply, Installation, Erection, Testing, Commissioning, performance test and related civil and building works including necessary auxiliaries and ancillaries on turn-key basis along with 2(two) years warranty period for the entire work as well as LTSA (Long Term Service Agreement) for 4 years after expiry of warranty of Baghabari 50 MW ± 15% Peaking Power Plant Project (Duel fuel based HFO Fired Engine Generating Set) having net output 52.054 MW at site conditions of 35ºC, 1.013bar, 98 percent RH at Baghabari, Sirajganj. | 50466.10 | EURO 45,499,208.78 + BDT 259,822,415.28 only | 04/05/2010 | 13/05/2010 | 13/09/2011 | 20/09/2011 |
| **Katakhali 50 MW** | | | | | | |
| Engineering, Design, Manufacturing, Inspection, Supply, Installation, Erection, Testing, Commissioning, performance test and related civil and building works including necessary auxiliaries and ancillaries on turn-key basis along with 2(two) years warranty period for the entire work as well as LTSA (Long Term Service Agreement) for 4 years after expiry of warranty of Katakhali 50 MW ± 15% Peaking Power Plant Project (HFO Fired Engine Generating Set) having net output 50.436 MW at site conditions of 35ºC, 1.013bar, 98 percent RH at Katakhali, Rajshahi. | 31186.85 | USD 42,000,304.00 + BDT 195,463,013.00 only | 04/05/2010 | 18/10/2010 | 17/04/2012 | 17/12/2012 |
| **Santahar 50 MW** | | | | | | |
| Engineering, Design, Manufacturing, Inspection, Supply, Installation, Erection, Testing, Commissioning, performance test and related civil and building works including necessary auxiliaries and ancillaries on turn-key basis along with 2(two) years warranty period for the entire work as well as LTSA (Long Term Service Agreement) for 4 years after expiry of warranty of Shantahar 50 MW ± 15% Peaking Power Plant Project (HFO Fired Engine Generating Set) having | 31994.77 | USD 42,674,405.00 + BDT 229,334,959.00 only | 04/05/2010 | 18/10/2010 | 25/03/2012 | 07/12/2012 |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| net output 50.436 MW at site conditions of 35ºC, 1.013bar, 98 percent RH at Shantahar, Naogaon. | | | | | | |
| **Hathazari 100 MW** | | | | | | |
| Engineering, Design, Manufacturing, Inspection, Supply, Installation, Erection, Testing, Commissioning, performance test and related civil and building works including necessary auxiliaries and ancillaries on turn-key basis along with 2(two) years warranty period for the entire work as well as LTSA (Long Term Service Agreement) for 4 years after expiry of warranty of Hathazari 100 MW Peaking Power Plant Project (Duel fuel based HFO Fired Engine Generating Set) having net output 98.164 MW at site conditions of 35ºC, 1.013bar, 98 percent RH at Hathazari, Chittagong. | 90874.62 | EURO 78,494,914.00 + BDT 862,902,425.00 only. | 13/09/2009 | 26/04/2010 | Effective date of contract: 12/08/2010 and completion time: 450 days from the effective date i.e. 08/11/2011 | 01/01/2012 |
| **Daudkandi 50 MW** | | | | | | |
| Engineering, Design, Manufacturing, Inspection, Supply, Installation, Erection, Testing, Commissioning, performance test and related civil and building works including necessary auxiliaries and ancillaries on turn-key basis along with 2(two) years warranty period for the entire work as well as LTSA (Long Term Service Agreement) for 4 years after expiry of warranty of Daudkandi 50 MW ± 15% Peaking Power Plant Project (Duel fuel based HFO Fired Engine Generating Set) having net output 52.054 MW at site conditions of 35ºC, 1.013bar, 98 percent RH at Daudkandi, Comilla. | 57483.27 | EURO 52,382,010.92 + BDT 259,833,704.40 only. | 04/05/2010 | 13/05/2010 | 12/09/2011 | 19/10/2011 |
| 2. Land Development | 283.00 | 250.29 | 03/07/2013 | 11/11/2013 | 07/02/2014 | 30/06/2014 |
| 3. Approach Road | 440.00 | 269.92 | 03/07/2013 | 22/12/2013 | 19/06/2014 | 30/06/2014 |
| **Dohazari 100 MW** | | | | | | |
| Engineering, Design, Manufacturing, Inspection, Supply, Installation, Erection, Testing, Commissioning, performance test and related civil and building works including necessary auxiliaries and ancillaries on turn-key basis along with 2(two) years warranty period for the entire work as well as LTSA (Long Term Service Agreement) for 4 years after expiry of warranty of Dohazari 100 MW Peaking Power Plant Project (Duel fuel based HFO Fired Engine Generating Set) having net output 102.456 MW at site conditions of 35ºC, 1.013bar, 98 percent RH at Dohazari, Chittagong. | 97169.76 | EURO 84,633,328.00 + BDT 849,253,652.00 only. | 13/09/2009 | 26/04/2010 | Effective date of contract: 12/08/2010 and completion time: 450 days from the effective date i.e. 08/11/2011 | 01/01/2012 |

**১৬। সুপারিশঃ**

১৬.১ **প্রকল্পের মেয়াদ ৩০ (ত্রিশ) মাস বৃদ্ধি করা হয়েছে। ভবিষ্যতে ডিপিপি প্রণয়ন এবং প্রকল্প বাস্তবায়নের সময় অধিকতর সর্তকতা অবলম্বন করতে হবে যাতে এত বেশি** Time Over Run **না হয়।**

১৬.২ পাওয়ার প্লান্টগুলোতে উৎপাদিত Sludge সংরক্ষণ এবং তা যথাসময়ে বিক্রি করার জন্য মন্ত্রণালয়/সংস্থাকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (**অনুচ্ছেদ-১৩.২**)। **আপাতত**: Storage tank **এর ধারণ ক্ষমতার অতিরিক্ত** Sludge disposal এর ব্যবস্থা এমন করতে হবে যাতে পরিবেশের উপর বিরূপ প্রতিক্রিয়া না হয়;

**১৬.৩** যথাশীঘ্র অডিট আপত্তি নিষ্পত্তি করে বিদ্যুৎ বিভাগ ও আইএমই বিভাগকে অবহিত করতে হবে;

১৬.৪ অনুমোদিত সংশোধিত ডিপিপিতে নির্মানকালীন সুদ অঙ্গে অনুমোদিত বরাদ্দের তুলনায় ৭৮৫৬.৪৬ লক্ষ টাকা বেশী ব্যয়ের কারণ বিদ্যুৎ বিভাগ ও আইএমই বিভাগকে অবহিত করতে হবে এবং ভবিষ্যৎ এ অনুমোদিত অঙ্গের ব্যয়ের তুলনায় অধিক ব্যয় করা যাবে না;

**১৬.৫ প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রদান করার বিধান থাকলেও এই প্রকল্পের পিসিআর ১৮ (আঠারো) মাস পর প্রেরণ করা হয়েছে।** ভবিষ্যতে সময়মত পিসিআর প্রেরণের ব্যাপারে মন্ত্রণালয়/সংস্থাকে সচেষ্ট হতে হবে;

১৬.৬ আগামী ৩ (তিন) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৬.১ হতে ১৬.৫) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আইএমইডি'কে অবহিত করতে হবে।

# খুলনা ১৫০ মেগাওয়াট পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ(২য় সংশোধিত)

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৪)

১। প্রকল্পের অবস্থান : গোয়ালপাড়া, খালিশপুর, খুলনা

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ

৩। বাস্তবায়নকারী সংস্থা : নর্থ-ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (NWPGCL)

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৮০৩১৯.৯৬ (৪৯৩৬৬.৩৫) | **১৭০৮৮৩.৫২ (৫৬৭৫৮.৩৫)** | ১৬৬৩১৫.৩৩ | জুলাই, ২০০৬ হতে জুন, ২০০৯ | জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৪ | জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৪ | ১০৭% | ১৬৬% |

**৫। প্রকল্পের অর্থায়ন ও প্রকৃত ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

| উৎস | মোট | ঋণ | ইকুয়িটি/অনুদান | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| জিওবি | **১১৪১২৫.১৬** | ৪৫৬৫০.০৬ | ৬৮৪৭৫.১০ | **১১১০৩০.১৮** |
| প্রকল্প সাহায্য | **৫৬৭৫৮.৩৫** | **৫৬৭৫৮.৩৫** | -- | ৫৫২৮৫.১৫ |
| মোট = | **১৭০৮৮৩.৫২** | ১০২৪০৮.৪১ | ৬৮৪৭৫.১০ | ১৬৬৩১৫.৩৩ |

*প্রকল্প সাহায্যের উৎসঃ এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)*

**৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** সরেজমিন পর্যবেক্ষণ ও PCR পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

**৭। প্রকল্পের উদ্দেশ্যঃ**

প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশের উত্তর -পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের লক্ষ্যে ১৫০ (±১০%) মে:ও: অতিরিক্ত বিদ্যুৎ উৎপাদন , সঞ্চালন লস হ্রাস এবং লো -ভোল্টেজ সমস্যার উন্নয়ন এবং বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে জাতীয় গ্রীডের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা।

**৮। প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

প্রকল্পটি মোট ৮০৩১৯.৯৬ লক্ষ (জিওবি ৩০৯৫৩.৬১ লক্ষ + প্রকল্প সাহায্য ৪৯৩৬৬.৩৫ লক্ষ) টাকা ব্যয়ে এবং জুলাই, ২০০৬ হতে জুন, ২০০৯ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ২৭ /০৯/২০০৬ তারিখে 'একনেক' কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ প্রথমবার জুন , ২০১০ পর্যন্ত এবং দ্বিতীয় বার জুন , ২০১২ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি ২২/০৩/২০১১ তারিখে ১৫৪২২৩.৬৬ লক্ষ (জিওবি ১০৫৪৯৮.১৪ লক্ষ+ প্রকল্প সাহায্য ৪৮৭২৫.৫২ লক্ষ) টাকা

ব্যয়ে এবং জুলাই, ২০০৬ হতে মার্চ, ২০১৩ মেয়াদকালে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের বাস্তবায়ন কাল ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন, ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধির ফলে ব্যয় বৃদ্ধি , বিভিন্ন আইটেমে price adjustment এর কারণে ব্যয় বৃদ্ধি, প্রকল্পের কাজের পরিধি বৃদ্ধি এবং কয়েকটি অংগে ব্যয় হ্রাস /বৃদ্ধি করে ২য় সংশোধন প্রস্তাব অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি ০৯/১০/২০১৩ তারিখে জুলাই, ২০০৬ থেকে জুন, ২০১৪ বাস্তবায়ন মেয়াদকালে মোট ১৭০৮৮৩.৫২ লক্ষ টাকা (জিওবি ১১৪১২৫.১৬ লক্ষ + প্রকল্প সাহায্য ৫৬৭৫৮.৩৫ লক্ষ) ব্যয়ে 'একনেক' কর্তৃক অনুমোদিত হয়।

**৯। প্রকল্পের মূল কার্যক্রমঃ**

(ক) ১৫০(+১০%) মে: ও: গ্যাস টারবাইন (ডুয়েল-ফুয়েল সিস্টেম) ইউনিট স্থাপন;
(খ) গ্যাস বুস্টার ক্রয় ও স্থাপন;
(গ) স্টেপ-আপ ট্রান্সফরমার এবং ১৩২ কেভি সুইচ গিয়ারসহ যাবতীয় যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপন;
(ঘ) ডিস্ট্রিবিউটেড কন্ট্রোল সিষ্টেম;
(ঙ) ডুয়েল-ফুয়েল সাপ্লাই সিস্টেম;
(চ) তৈলাধার নির্মাণ (৫০ লাখ লিটার ক্যাপাসিটির ২টি ও ১০ লাখ লিটার ক্যাপাসিটির ১টি);
(ছ) পাওয়ার ইভাকুয়েশন ফ্যাসিলিটিস;
(জ) গ্যাস আরএমএস স্থাপন;
(ঝ) আবাসিক এবং অনাবাসিক ভবন নির্মাণ
(ঞ) ১৩২ কেভি ওভারহেড লাইন রিলোকেশন;
(ট) মূল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ সংশ্লিস্ট অন্যান্য পূর্তকাজ।

**১০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:** প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি 'পরিশিষ্ট-ক' তে দেয়া হ'ল।

**১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালকগণ প্রকল্পের দায়িত্ব পালন করেছেনঃ

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | মেয়াদকাল | |
|---|---|---|---|
চিত্র-৩- গ্যাস বুস্টার কম্প্রেসার



চিত্র-৪-মূল ট্রান্সফর্মার



চিত্র-৫- সুইচ ইয়ার্ড



চিত্র-৬- ওয়াটার ট্রীটমেন্ট প্ল্যান্ট



চিত্র-৭- ফুয়েল ট্যাঙ্ক



চিত্র-৮-গ্যাস রেগুলেটিং এন্ড মিটারিং স্টেশন

# ইফিসিয়েন্ট লাইটিং ইনিসিয়েটিভ ফর বাংলাদেশ (অংশ-১ ও অংশ-২)
## সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
## (সমাপ্ত: জুন, ২০১৪)

**১। প্রকল্পের নাম** : ইফিসিয়েন্ট লাইটিং ইনিসিয়েটিভ ফর বাংলাদেশ (অংশ-১ ও অংশ-২)

**২। প্রকল্পের অবস্থান** : সমগ্র বাংলাদেশ

**৩। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ বিভাগ; বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

**৪। বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**৫। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন সময়** :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র:সা:) | | মূল | মেয়াদ বৃদ্ধি | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২৭৯২৮.০০ (২৭৫৮৪.০০) | -- | ১০৩৯০.০০ | জানুয়ারি, ২০১০ হতে জুন, ২০১১ | জানুয়ারি, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৪ | জানুয়ারি, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৪ | (-)১৭৫৩৮.০০ (৬২.৮০%) | ৩.৫ বছর (২৩৩%) |

*প্রকল্প সাহায্যের উৎসঃ বিশ্বব্যাংক*

**৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:**

সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের অংশ-১ এর কোন কাজ অসমাপ্ত নেই। অংশ-১ এর উপর আইএমইডি'র মূল্যায়ন কমিটির প্রতিবেদন ২৭/০২/২০১৪ তারিখে প্রেরণ করা হয়েছিল। পরবর্তীতে প্রকল্পের অংশ-২ আর বাস্তবায়ন করা হয়নি।

**৭। প্রকল্পের উদ্দেশ্য:**

আবাসিক গ্রাহকদের ব্যবহৃত প্রচলিত Incandescent বাতি সমূহ Compact Fluorescent Lamp (সিএফএল) দ্বারা বিনা মূল্যে প্রতিস্থাপন করে বিদ্যুৎ সাশ্রয় ও পিক লোড ব্যবস্থাপনায় উন্নয়ন সাধন করাই আলোচ্য প্রকল্পের মূল উদ্দেশ্য।

**৮। প্রকল্পের অনুমোদন অবস্থা:**

বিশ্ব ব্যাংকের অর্থায়নে আলোচ্য প্রকল্পটি ২৭৯.২৮ কোটি টাকা (জিওবি ৩.৪৪ কোটি টাকা ও প্রকল্প সাহায্য ২৭৫.৮৪ কোটি টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১০ হতে জুন, ২০১১ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক ০২/০২/২০১০ তারিখে অনুমোদিত হয়। তন্মধ্যে পার্ট-১ এর অনুমোদিত ব্যয় ছিল ১০৫.৩১ কোটি টাকা (জিওবি ১.৪৩ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ১০৩.৮৮ কোটি টাকা) এবং পার্ট-২ এর অনুমোদিত ব্যয় ছিল ১৭৩.৯৭ কোটি টাকা (জিওবি ২.০১ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ১৭১.৯৬ কোটি টাকা)।

**৯। প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম:**

**৯.১** আলোচ্য প্রকল্পের পার্ট-১ এর আওতায় ১,০৪,৯৭,২০০টি সিএফএল (Compact Fluorescent Lamp) বাল্ব বিতরণ করা হয়েছে। বিতরণ কাজের সাথে সংশ্লিষ্ট বাপবিবো, বিপিডিবি, ডেসকো, ডিপিডিসি এবং ওজোপাডিকো এর এলাকায় প্রকল্পের পার্ট-১ বাস্তবায়িত হয়। প্রকল্পের পার্ট-১ এর কার্যক্রম ডিসেম্বর, ২০১০ এ সমাপ্ত হয়।

**৯.২** ০২/০২/২০১০ তারিখের একনেক সভায় সিদ্ধান্ত ছিল –"আলোচ্য প্রকল্পটির ১ম পর্যায়ে সমাপ্তির সাথে সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রকল্পটির মূল্যায়ন করবে। উক্ত মূল্যায়নের ফলাফল এবং ইআরডি কর্তৃক বৈদেশিক সহায়তা প্রাপ্তি নিশ্চিতকরণের পর ২য় পর্যায়ের কার্যক্রম গ্রহণ করতে হবে।" প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আরইবি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে গত জুলাই, ২০১০ এ একটি ইমপ্যাক্ট স্টাডি সম্পন্ন করে। এছাড়া, IDCOL কর্তৃক সরবরাহকৃত বাল্বের কার্যকারিতা সম্পর্কে একটি জরিপ সম্পন্ন করা হয়। গত ২৩ অক্টোবর,২০১২ তারিখে প্রকল্পের পার্ট-২ এর জন্য বিশ্বব্যাংকের সংগে বাংলাদেশ সরকারের ১৭ মিলিয়ন ডলারের সম-পরিমাণ অর্থের ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়, যা ২০ ফেব্রুয়ারি, ২০১৩ হতে কার্যকরী হয়।

**৯.৩** বর্ণিত প্রকল্পের মেয়াদ জুন, ২০১১- তে শেষ হয়ে যাওয়াতে ৩১/১০/২০১৩ ইং তারিখে বিদ্যুৎ বিভাগ হতে আলোচ্য প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব করে আইএমইডি'তে পত্র প্রেরণ করা হয়েছিল। ১৯/০৫/২০১৩ তারিখে আইএমইডি'র জারিকৃত সুপারিশে বলা হয়েছিল যে, সংশোধিত আরডিপিপি পুনর্গঠন করে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে আরডিপিপি অনুমোদনের সময় মেয়াদ বৃদ্ধির বিষয়টি একত্রে বিবেচনা করা যেতে পারে।

**৯.৪** প্রকল্পের মেয়াদ বদ্ধি, সিএফএল বাল্ব সংগ্রহ, লক্ষ্যমাত্রা পরিবর্তন, সিএফএল বাল্ব এর স্পেসিফিকেশন পরিবর্তন, বিভিন্ন খাতে ব্যয় বৃদ্ধি করার কারণে সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশন প্রেরণ করার পর গত ১১/১১/২০১৩ ইং তারিখে পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি)-এর সভাপতিত্বে "Efficient Lighting Initiative For Bangladesh (Part-I & Part-II)" (সংশোধিত প্রস্তাব) শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিদ্ধান্ত হয় যে, "পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ আগামী ১৫ দিনের মধ্যে "Efficient Lighting Initiative For Bangladesh (Part-I & Part-II)" (সংশোধিত প্রস্তাব) শীর্ষক প্রকল্পের পার্ট-১ মূল্যায়ন করে প্রতিবেদন দাখিল করবে। এছাড়া, আইএমইডি ইতোপূর্বে বুয়েট কর্তৃক সম্পাদিত ইমপ্যাক্ট স্টাডি ও ইডকল কর্তৃক সম্পাদিত জরিপ পর্যালোচনা করে মতামত পেশ করবে"।

**৯.৫** আলোচ্য প্রকল্পের পার্ট-১ মূল্যায়নের জন্য আইএমই বিভাগের সচিব মহোদয়ের নির্দেশক্রমে আইএমইডি'র মহাপরিচালক (শিল্প ওশক্তি)-কে আহবায়ক করে একটি মূল্যায়ন কমিটি গঠন করা হয় যা প্রজ্ঞাপন আকারে ১৫/১২/২০১৩ তারিখে জারি করা হয়।

**৯.৬** আইএমইডি'র মহাপরিচালক (শিল্প ও শক্তি) -এর সভাপতিত্বে গঠিত মূল্যায়ন কমিটিতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, আরইবি, ডিপিডিসি, The federation of Bangladesh chambers of commerce and industry (FBCCI), বাংলাদেশ ইফিসিয়েন্ট লাইটিং ম্যানুফাকচারার্স এসোসিয়েশন (BELMA), Metropolitan chamber of commerce and industry (MCCI) এবং Infrastructure Development Company Limited (IDCOL)-এর প্রতিনিধি অন্তর্ভুক্ত ছিলেন। ২২/০১/২০১৪ তারিখে আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টর কর্তৃক মূল্যায়ন কমিটির প্রতিবেদন প্রণয়ন করা হয়। ২৭/০২/২০১৪ তারিখে বিদ্যুৎ বিভাগকে লিখিতভাবে জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগ আলোচ্য প্রকল্পের ব্যাপারে বাস্তবতার নিরিখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। পরবর্তীতে প্রকল্পটির পার্ট-২ আর বাস্তবায়ন করা হয়নি।

**১০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

পল্লী বিদ্যুতায়ন বোর্ড থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| ক্র: নং | অংগের নাম | ডিপিপি অনুযায়ী অংগের প্রাক্কলিত ব্যয় | জুন, ২০১৪ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | আর্থিক | আর্থিক | বাস্তব (%) |
| ১ | ২ | ৪ | ৫ | ৬ |
| ০১ | কর্মকর্তাদের বেতন | ১৩.০০ | ১.২৪ | ২০% |
| ০২ | কর্মচারীদের বেতন | ৩.৩০ | ১.১০ | ৬০% |
| ০৩ | অফিস ভাড়া | ৩.৯০ | ১.৪৫ | ৬০% |
| ০৪ | গাড়ি ভাড়া | ২৫.০০ | ৬.৪৯ | ৬০% |
| ০৫ | টেলিফোন | ০.৬৪ | ০.৩০ | ৬০% |
| ০৬ | পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন | ০.৯০ | ০.০৯ | ৬০% |
| ০৭ | বিদ্যুৎ বিল | ০.৯০ | ০.১৪ | ৬০% |
| ০৮ | গ্যাস ও জ্বালানী বিল | ০.১৬ | ০.০৬ | ৬০% |
| ০৯ | ইন্সুরেন্স ও ব্যাংক চার্জ | ৪০০.০০ | ১৭১.১৯ | ৩৭.৫০% |
| ১০ | ছাপা ও প্রকাশনা | ২.৭০ | ০.১৬ | ৫০% |
| ১১ | ষ্টেশনারী, সীল ও ষ্ট্র্যাম্প | ১৮.৬০ | ১.৬৬ | ৩৭.৫% |
| ১২ | প্রচার ওবিজ্ঞাপন | ১৩০.০০ | ৫৮.৮৬ | ৩৭.৫% |
| ১৩ | প্রশিক্ষণ (সফটওয়্যার) | ১১.০০ | - | ০% |
| ১৪ | আপ্যায়ন | ০.৮০ | ০.৫৭ | ৭১% |
| ১৫ | মালামাল পরিবহণ ল্যান্ডিং চার্জ | ৩৬৯.০০ | ১৫২.২১ | ৩৭.৫% |
| ১৬ | পরামর্শক ফি | ১০.০০ | ১০.০০ | ১০০% |
| ১৭ | মালামাল পরিদর্শন ও টেষ্টিং ফি | ৯৪.০০ | ৪৫.৬৩ | ৩৭.৫% |
| ১৮ | স্টোর ভাড়া | ৮০.০০ | ২৮.৯৪ | ৩৭.৫% |
| ১৯ | পুরাতন বাল্ব ধ্বংসকরণ | ৭০.০০ | - | ০% |
| ২০ | মালামাল ক্রয় (সিএফএল বাল্ব) | ১৯৬০০.০০ | ৭০৫১.৫৫ | ৩৭.৫% |
| ২১ | কম্পিউটার ও আনুষাংগিক | ৬৩.০০ | ৪৭.৬০ | ৯০% |
| ২২ | আসবাবপত্র | ১১.০০ | ২.১৭ | ৯০% |
| ২৩ | সিএফএল বাল্ব বিতরণ | ১০৬৫.০০ | ৩৯১.৫০ | ১০০% |
| ২৪ | সিডি ভ্যাট | ৫৮৮০.০০ | ২৪১৭.০৯ | ৩৭.৫% |
| ২৫ | বিবিধ মূলধন ব্যয় | ৭৫.০০ | - | ০% |
| | মোট = | ২৭৯২৭.৯০ | ১০৩৯০.০০ | *৫০% |

*প্রকল্পের অংশ-১ এর কাজ ১০০% সম্পন্ন হয়েছে এবং অংশ-২ বাস্তবায়ন করা হয়নি।

**১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত জনাব মোস্তাফিজুল হক চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বর্তমানে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সদস্য) প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

## ১২। পরিদর্শন:

প্রকল্পটি কার্যতঃ ডিসেম্বর, ২০১০-এ সমাপ্ত হয়ে গেছে বিধায় সমাপ্তি মূল্যায়নের জন্য মাঠ পর্যায়ে পরিদর্শন করা হয়নি। ২০ আগস্ট, ২০১৫ তারিখে আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাওসীফ রহমান প্রকল্প পরিচালকের কার্যালয়, নিকুঞ্জ, ঢাকা-তে পরিদর্শন ও তথ্য সংগ্রহ করেন।

## ১৩। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য:

(in lakh Taka)

| Description of procurement (goods/works/consultancy) as per bid document | Tender /Bid/ proposal cost | | Tender/Bid/ proposal | | Date of completion of work/Services and supply of goods |
|---|---|---|---|---|---|
| | As per DPP | Contracted value | Invitation Date | Contract signing/ LC opening Date | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| Equipments and materials ( CFL bulb 14 Watt and 23 Watt) | 7350.00 | 7051.55 | 12/09/2009 and 13/09/2009 | 28/02/2010 (for 2 lots) and 21/06/2010 (for 2 lots) | 29/05/2010 and 12/10/2010 |
| Erection and Installation (CFL Distribution) | 400.00 | 391.50 | N/A | N/A | 19/06/2010 and 23/10/2010 |

## ১৪। পর্যবেক্ষণঃ

**১৪.১** Infrastructure Development Company Limited (IDCOL) কর্তৃক সম্পাদিত সার্ভেতে ১৪০০ গ্রাহকের উপর একটি জরিপ করা হয়। উক্ত জরিপে ১ম পর্যায়ে বিতরণকৃত বাল্বের ২২ -৫২% বাল্ব নষ্ট পাওয়া যায়। তবে উক্ত জরিপ সরকারের অনুমোদনক্রমে করা হয়নি এবং সরবরাহকারী প্রতিষ্ঠান উক্ত জরিপ গ্রহণযোগ্য নয় বলে জানিয়েছে।

**১৪.২** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কর্তৃক সম্পাদিত ইমপ্যাক্ট স্টাডিতে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উপর সিএফএল বাল্ব ইন্সটলেশনের কারণে কোন THD ভোল্টেজের পরিবর্তন হয়েছে কিনা সেটা পর্যবেক্ষণ করা হয়েছে। স্টাডিতে দেখা গেছে THD ভোল্টেজ level যেখানে স্ট্যান্ডার্ড অনুযায়ী ৫% পর্যন্ত গ্রহণযোগ্য সেখানে এই লেভেল ৩% এর কম পাওয়া গেছে। ইমপ্যাক্ট স্টাডিতে মিরপুর ৩৩/১১ কেভি সাবস্টেশন-২ এ ৫৬০ কি. ও. এবং ধামরাই সাবস্টেশনে ৬০০ কি .ও. বিদ্যুৎ সাশ্রয় হয়েছে বলে প্রমাণ পাওয়া গেছে।

**১৪.৩** ডিপিপি অনুযায়ী সিএফএল বাতি সমূহ "পিন টাইপ" হিসেবে নির্ধারিত ছিল। প্রকল্পটির ১ম পর্যায়ে সে মোতাবেক বাতি ক্রয় পূর্বক গ্রাহক পর্যায়ে বিতরণ করা হয়। "পিন টাইপ" বাতি মাঠ পর্যায়ে ব্যবহার কালীন সময়ে পিন টাইপ হোল্ডার এর সাথে বাতির ব্যবহার জনিত সমস্যা পরিলক্ষিত হয়। উক্ত মাঠ পর্যায়ের অভিজ্ঞতার আলোকে ১৭/১০/২০১১ তারিখের মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক জাতীয় স্পেশিফিকেশন কমিটির মাধ্যমে ২য় পর্বের জন্য সিএফএল বাতির স্পেশিফিকেশন উন্নীত করা হয়। অপরদিকে সিএফএল বাতির প্রাক্কলিত মূল্য ১ম পর্বের তুলনায় দ্বিগুণ বৃদ্ধি পায়। পরবর্তীতে প্রকল্পের ২য় পর্যায় আর গ্রহণ করা হয়নি।

**১৪.৪** সিএফএল বাল্বে ক্ষতিকর মার্কারী কম্পোনেন্ট থাকায় সেগুলি নষ্ট হয়ে যাবার পর Disposal এর ব্যাপারে সাবধানতা অবলম্বন করা উচিত। পরিবেশ অধিদপ্তর হতে জানা যায়, ২০১৫ সালের পর দেশে আর মার্কারীযুক্ত বাতি ব্যবহার করা যাবে না। এ লক্ষ্যে গত ১০ অক্টোবর ২০১৩ তারিখে বাংলাদেশ সরকার Minamata Convention on Mercury স্বাক্ষর করে। এ চুক্তি মোতাবেক ২০১৫ সালের মধ্যে মার্কারীযুক্ত বাতি ফেইজ আউট করতে হবে। তবে এলইডি বাল্বের গ্রহণযোগ্যতা এখনও প্রমাণিত নয়। উপরন্তু এলইডি বাল্ব অধিকতর ব্যয়বহুল হওয়ায় অন্তবর্তীকালীন উদ্যোগ হিসেবে বাংলাদেশে সিএফএল বাল্ব ব্যবহার করা হচ্ছে। তবে প্রকল্পের আওতায় সিএফএল বাল্ব নষ্ট হবার পর সেগুলি কিভাবে Disposal করতে হবে সে বিষয়ে জনসচেতনতা সৃষ্টির উদ্যোগ নেয়া উচিত ছিল।

## ১৫| প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| প্রকল্পটির মূল উদ্দেশ্য ছিল বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে বৃহৎ পরিসরে ডিমান্ড সাইড ম্যানেজমেন্ট প্ল্যান-এর অংশ হিসেবে বিনামূল্যে বিদ্যুৎ সাশ্রয়ী সিএফএল বাল্ব বিতরণ করে ইনক্যানডেসেন্ট বাল্বের ব্যবহার হ্রাস করা | আলোচ্য প্রকল্পের আওতায় দুই পর্যায়ে মোট ২,৮০,০০,০০০ (দুই কোটি আশি লক্ষ) টি সিএফএল বাল্ব বিতরণ করার পরিকল্পনা ছিল। পার্ট-১ এর আওতায় ১,০৪,৯৭,২০০টি সিএফএল বাল্ব বিতরণ করা হয়েছে। সিএফএল বাল্ব বিতরণের আগে ও পরে দেশের বিভিন্ন স্থানে পবিবো, পিডিবি, ডেসকো, ডিপিডিসি এবং ওজোপাডিকো কর্তৃক পিক ডিমান্ড পর্যবেক্ষণ করে মোট ১৫৪ মেগাওয়াট বিদ্যুৎ সাশ্রয় হয়েছে মর্মে জানা গেছে। তদুপরি মানুষের মধ্যে বিদ্যুৎ সাশ্রয়ী বাল্ব ব্যবহারের প্রবণতা বৃদ্ধি পেয়েছে। তবে নানাবিধ কারণে প্রকল্পের পার্ট-২ বাস্তবায়িত না হওয়াতে সামগ্রিকভাবে প্রকল্পের লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জিত হয়নি। |

## ১৬| সুপারিশ:

১৬.১ সিএফএল বাল্বে ক্ষতিকর মার্কারী কম্পোনেন্ট থাকায় সেগুলি নষ্ট হয়ে যাবার পর Disposal এর ব্যাপারে সাবধানতা অবলম্বন করা উচিত। বিতরণকৃত সিএফএল বাল্ব Disposal এর সঠিক পদ্ধতি সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য বিদ্যুৎ বিভাগ হতে জনসচেতনতামূলক প্রচারণা চালানো যেতে পারে (অনুচ্ছেদ-১৪.৪)।

১৬.২ সিএফএল বাল্বের ক্ষতিকর মার্কারী কম্পোনেন্ট যেন পরিবেশের ক্ষতি করতে না পারে সেজন্য নষ্ট সিএফএল বাল্ব ধ্বংস করার নীতিমালা দ্রুত প্রণয়ন করতে হবে।

১৬.৩ জনগণের মধ্যে সামাজিক সচেতনতা সৃষ্টির মাধ্যমে বিদ্যুৎ সাশ্রয়ী বাল্ব ক্রয় করার প্রতি উৎসাহ সৃষ্টির লক্ষ্যে কর্মসূচী , সেমিনার ইত্যাদি আয়োজন করা যেতে পারে যাতে করে বিনা মূল্যে বাল্ব বিতরণের জন্য প্রকল্প গ্রহণ করার প্রয়োজনীয়তা না থাকে।

১৬.৪ ভবিষ্যতে কোন প্রকল্পের দ্বিতীয় পর্যায় গ্রহণের প্রয়োজনীয়তা উদ্ভূত হলে প্রকল্পের প্রথম পর্যায় শেষ করার পর প্রকল্প সমাপ্ত ঘোষণা করা বাঞ্চনীয়। পরবর্তীতে সমাপ্তি মূল্যায়ন ও ক্ষেত্র বিশেষে প্রভাব মূল্যায়ন করে প্রাপ্ত সুপারিশমালার ভিত্তিতে দ্বিতীয় পর্যায় গ্রহণ করা উচিত।

# সঞ্চালন লাইনের সুবিধাসহ নতুন গ্রীড উপকেন্দ্র নির্মাণ ও সম্প্রসারণ (ফেজ-১) (সংশোধিত)
## প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
## (সমাপ্তি: জুন, ২০১৪)

১। প্রকল্পের নাম : সঞ্চালন লাইনের সুবিধাসহ নতুন গ্রীড উপকেন্দ্র নির্মাণ ও সম্প্রসারণ (ফেজ-১) (সংশোধিত)

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৩। বাস্তবায়নকারী সংস্থা : পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ

৪। প্রকল্প এলাকা : ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, চট্রগ্রাম,কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া ও খুলনা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের%) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র:সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৫৯৮৯৪.২০ (৩৬৬৫৮.২০) | ৭৭০৩০.৫৫ (৪৬০০০.০৯) | ৭৩৪৯২.৮২ | ০১/০৭/২০০৫ হতে ৩০/০৬/২০০৯ | ০১/০৭/২০০৫ হতে ৩০/০৬/২০১৪ | ০১/০৭/২০০৫ হতে ৩০/০৬/২০১৪ | ১৩৫৯৮.৬২ (২২.৭০%) | ৫ বছর (১২৫%) |

**৬। প্রকল্পের অর্থায়ন ও উৎস :**

প্রকল্পটি বাংলাদেশ সরকার, পিজিসিবি, এশিয়ান ডেভলাপমেন্ট ব্যাংক ও জাইকার অর্থে বাস্তবায়িত হয়েছে; ব্যয়িত অর্থের মধ্যে বাংলাদেশ সরকার, পিজিসিবি ও উন্নয়ন সহযোগীদের (উন্নয়ন সহযোগীদের নিকট হতে ঋণ হিসেবে প্রাপ্ত) অবদান যথাক্রমে: ২২৩৩০.৬৮ লক্ষ; ৮৬৬৯.১৬ লক্ষ ও ৪২৪৯২.৯৮ লক্ষ টাকা।

**৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :** PCR হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

**৮। উদ্দেশ্য:**

- নতুন ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে দাউদকান্দি, ব্রাহ্মণবাড়ীয়া, মুন্সিগঞ্জ, মেঘনাঘাট এবং গল্লামারী এলাকার ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানো;
- হাসনাবাদ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করা;
- কুমিল্লা, রামপুরা, হরিপুর, আমিনবাজার এবং হাটহাজারি ২৩০/১৩১২ কেভি উপকেন্দ্রের ট্রান্সফর্মারের উপর অতিরিক্ত লোড কমানো এবংউক্ত এলাকাসমূহে লোড শেডিং কমানো;
- বৈদ্যুতিক সিস্টেমের স্থায়িত্ব ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা; এবং
- ভোল্টেজ লেভেলের উন্নতি সাধন করা।

**৯। প্রকল্প অনুমোদনের অবস্থা:** মূল প্রকল্পটি ২৩ অক্টোবর ২০০৫ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) কর্তৃক জুলাই ২০০৫ থেকে জুন ২০০৯ মেয়াদে ৫৯৮৯৪.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। অত:পর সংশোধিত প্রকল্পটি ২৩/০৩/২০১০ তারিখে একনেক কর্তৃক জুলাই ২০০৫ থেকে জুন ২০১২ মেয়াদে ৭৭০৩০.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুলাই ২০০৫ হতে জুন ২০১৪ পর্যন্ত নির্ধারণ করা হয়।

**১০। প্রকল্পটির মূল কার্যক্রম:**

- গল্লামারী (খুলনা); দাউদকান্দি, ব্রাহ্মণবাড়ীয়া, মেঘনাঘাট ও মুন্সিগঞ্জে ১টি করে ৫টি ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণ;
- ১৩২/৩৩ কেভি ২টি (মদনগঞ্জ ও হাসনাবাদ) উপকেন্দ্রের ক্ষমতা বর্ধিতকরণ;
- খুলনা দক্ষিণ ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রের সম্প্রসারণ;
- ৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (৪১ কি:মি: ফোর সার্কিট লাইন ও ১০ কি:মি: ডাবল সার্কিট লাইন)।

**১১। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

বিদ্যুৎ, জ্বালানী ও খানিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত PCR (Project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ওআর্থিক আগ্রগতি
নিম্নরূপঃ

**Component wise Progress (DPP):**

**(Figures in Lakh)**

| Description of Items (as per DPP) | Unit | Target (as per DPP) | | Actual Progress | | Reasons for deviation |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| *1* | *2* | *3* | *4* | *5* | *6* | *7* |
| Pay of officers | LS | 204.12 | 12 nos. | 295.37 | 13 nos. | |
| Pay of Establishment | LS | 33.60 | 06 nos. | 56.99 | 05 nos. | |
| Allowances | LS | 190.71 | 18 nos. | 392.18 | 18 nos. | |
| Supplies and Services | LS | 581.53 | - | 549.19 | - | |
| Acquisition of Assets | Lot | 43223.30 | - | 42492.98 | - | |
| Acquisition/Purchase of Land | Lot | 105.29 | 8.00 | 983.76 | 8.00 | |
| Construction of Works | Lot | 11651.36 | - | 11268.33 | | |
| Development Import Duty and VAT | Lot | 15109.85 | - | 11130.91 | | |
| Capital Block Allocation & Misc. Capital Expenditure | LS | 5930.80 | - | 6323.11 | | |
| **Total =** | | **77030.56** | **-** | **73492.82** | | |

**১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

নিম্নে উল্লেখিত প্রকল্প পরিচালকগণ প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব পালনে নিয়োজিত ছিলেনঃ

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | মেয়াদ | দায়িত্বের ধরণ | পদমর্যাদা |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোজাম্মেল হোসেন | ০১ জুলাই ২০০৫ হতে ১০ জুলাই ২০০৭ | পূর্ণকালীন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| ২ | ফরিদ উদ্দিন আহম্মদ | ১১ জুলাই ২০০৭ হতে ২৮ ফেব্রুয়ারি ২০১৩ | পূর্ণকালীন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| ৩ | প্রণব কুমার রায় | ১ মার্চ ২০১৩ হতে ৩১ ডিসেম্বর ২০১৩ | অতিরিক্ত দায়িত্ব | তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| ৪ | মৃণাল কান্তি পাল | ১জানুয়ারি ২০১৪ হতে ২৮ মে ২০১৪ | পূর্ণকালীন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| ৫ | মোঃ ইয়াকুব ইলাহী চৌধুরী | ২৯ মে ২০১৪ হতে ৩০ জুন ২০১৪ | পূর্ণকালীন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী |

**১৩। প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্য:** ''সঞ্চালন লাইনের সুবিধাসহ নতুন গ্রীড উপকেন্দ্র নির্মাণ ও সম্প্রসারণ (ফেজ-১)'' শীর্ষক প্রকল্পের পিসিআর হতে দেখা যায় যে, অডিট সংক্রান্ত কোন তথ্যাদি উল্লেখ করা হয়নি। তবে প্রকল্প দপ্তর হতে জানা যায় যে, উক্ত প্রকল্পে কোন অডিট আপত্তি নেই।

**১৪। প্রকল্প পরিদর্শন:**

বিদ্যুৎ, জালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ হতে প্রকল্পের পিসিআর প্রাপ্তির পর আইএমইডি কর্তৃক প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রনয়নের নিমিত্ত আএমইডি'র শিল্প ও শক্তি সেক্টরের উপ-পরিচালক মুহাম্মদ কামাল হোসেন তালুকদার কর্তৃক গত ২৩-০৬-২০১৬ তারিখে প্রকল্পের আওতায় নির্মিত দাউদকান্দি ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র ও তৎসংশ্লিষ্ট ফোর সার্কিট সঞ্চালন লাইন, কুমিল্লা (উঃ) ২৩০/১৩২ কেভি ও ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র সম্প্রসারণ, নতুন নির্মিত মেঘনাঘাট ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র ও তৎসংশ্লিষ্ট ফোর সার্কিট সঞ্চালন লাইন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর নির্বাহী প্রকৌশলীসহ উপকেন্দ্র পরিচালনা ও সংরক্ষন কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উক্ত পরিদর্শন ও সংশ্লিষ্ট প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত তথ্যের আলোকে আলোচ্য প্রকল্পের কম্পোনেন্ট/প্যাকেজের নির্মাণ ও সম্প্রসারণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ

### ১৪.১ দাউদকান্দি ১৩২/৩৩ কেভি নতুন উপকেন্দ্রঃ

কুমিল্লা জেলার তিতাস উপজেলার দড়িকান্দি ইউনিয়নে আলোচ্য প্রকল্পের আওতায় ১২০ মে:ও: ক্ষমতা সম্পন্ন নতুন দাউদকান্দি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে। পিডিবি কর্তৃক দাউদকান্দি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ উক্ত গ্রীড উপকেন্দ্রে সংযোগ করা হয়েছে। এছাড়া বর্ণিত প্রকল্পের আওতায় বিদ্যমান কুমিল্লা- হরিপুর ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনটি দাউদকান্দি উপকেন্দ্রে ফোর সার্কিট সঞ্চাল লাইণের সাথে যুক্ত হওয়ায় দাউদকান্দি, গৌরিপুর, তিতাস ও হোমনা এলাকার লো ভোল্টেজ সমস্যার সমাধান হয়েছে।

নিম্নে দাউদকান্দি ১৩২/৩৩ কেভি নতুন উপকেন্দ্রের স্থির চিত্র উপস্থাপন করা হলো:




দাউদকান্দি ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের প্রবেশ ফটক



দাউদকান্দি ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের কন্ট্রোল রুম্নম



দাউদকান্দি উপকেন্দ্র সংশ্লিষ্ট ১৩২ কেভি সঞ্চালন লাইন



দাউদকান্দি উপকেন্দ্রের আউটডোর সুইচ ইয়ার্ড

### ১৪.২। কুমিল্লা (উঃ) ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্র সম্প্রসারণঃ

কুমিল্লা জেলার সদর উপজেলার হরিণধরা ইউনিয়নে বিদ্যমান কুমিল্লা (উঃ) ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্র ওভার লোডেড হওয়ায় আলোচ্য প্রকল্পের আওতায় ১২০ মেঃওঃ ক্ষমতা সম্পন্ন পাওয়ার ট্রান্সফরমার স্থাপন করা হয়। এতে উপকেন্দ্রের সক্ষমতা বৃদ্ধি পায়। এছাড়াও উক্ত উপকেন্দ্রে একটি মাত্র ২৩০/১৩২ কেভি, ৩ ×৭৫ এমভিএ ক্ষমতা সম্পন্ন পাওয়ার ট্রান্সফরমার ছিল। বর্তমানে সম্প্রসারণের ফলে উপকেন্দ্রের Reliability বৃদ্ধি এবং সংশ্লিষ্ট এলাকা সমূহের Voltage Profile বৃদ্ধি পেয়েছে। বর্তমানে উক্ত উপকেন্দ্র হতে ১৩২ কেভি লেভেলে ১৮০ মেঃওঃ লোড সরবরাহ করা যাচ্ছে এবং ৩৩ কেভি লেভেলে ১২০ মেঃওঃ লোড সরবরাহ করা যাছে। নিম্নে কুমিল্লা (উঃ) ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের স্থির চিত্র উপস্থাপন করা হল:



বিদ্যমান কুমিল্লা (উঃ) উপকেন্দ্রের কন্ট্রোল রুম



বিদ্যমান কুমিল্লা (উঃ) উপকেন্দ্রের সম্প্রসারণ অংশ

### ১৪.৩। মেঘনাঘাট ১৩২/৩৩ কেভি নতুন উপকেন্দ্রঃ

নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার মোগড়াপাড়া ইউনিয়নে আলোচ্য প্রকল্পের আওতায় ১২০ মেঃওঃ ক্ষমতা সম্পন্ন নতুন মেঘনাঘাট ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে। ILE প্রাইভেট পাওয়ার প্ল্যান্ট কর্তৃক মেঘনাঘাট ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ উক্ত গ্রীড উপকেন্দ্রে সংযোগ করা হয়েছে। এছাড়া বর্ণিত প্রকল্পের আওতায় বিদ্যমান কুমিল্লা-হরিপুর ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনটি মেঘনাঘাট উপকেন্দ্রে ফোর সার্কিট সঞ্চালন লাইনে সংযুক্ত হয়েছে। ফলে মেঘনাঘাট, মোগড়াপাড়া, সোনারগাঁও, কাঁচপুর ও নরসিংদী এলাকার কিছু এলাকার লো ভোল্টেজের সমস্যা সমাধান হয়েছে এবং এলাকা সমূহে গ্রাহক সংখ্যা বৃদ্ধি পেয়েছে। উক্ত উপকেন্দ্র হতে ৩৩ কেভি লেভেলে ১২০ মেঃওঃ লোড সরবরাহ করা যাছে।

### ১৪.৪। গল্লামারী ১৩২/৩৩ কেভি জিআইএস নতুন উপকেন্দ্রঃ

খুলনা জেলার গল্লামারী উপজেলার বটিয়াঘাটা ইউনিয়নে আলোচ্য প্রকল্পের আওতায় ১৩২/৩৩ কেভি, ২ ×৪১ এমভিএ ক্ষমতা সম্পন্ন পাওয়ার ট্রান্সফরমার স্থাপনসহ সংশ্লিষ্ট অন্যান্য জিআইএস বে ও কন্ট্রোল ইকুইপমেন্ট স্থাপন, উপকেন্দ্রের ভূমি উন্নয়ন, কন্ট্রোল রুম ও বাউন্ডারী ওয়ালসহ অন্যান্য সিভিল কাজ ও Approach Road নির্মাণ করা হয়েছে। ডিপিপির সংস্থান অনুযায়ী ৪ কিঃমিঃ সঞ্চালন লাইনের বিপরীতে ৪.১৭ কিঃমিঃ সঞ্চালন লাইন নির্মাণের ফলে খুলনাস্থ গল্লামারী এলাকার লো ভোল্টেজের সমস্যা সমাধান হয়েছে এবং উক্ত উপকেন্দ্র হতে বিতরন সংস্থা ওজোপাডিকো কে বরাদ্দকৃত লোড সরবরাহ করা হচ্ছে।

নিম্নে গল্লামারী ১৩২/৩৩ কেভি জিআইএস নতুন উপকেন্দ্রের কন্ট্রোল রুম এবং জিআইএস ইকুইপমেন্টের স্থির চিত্র উপস্থাপন করা হল:





**১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

| ক্র: নং | পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|---|
| ১। | দাউদকান্দি, ব্রাহ্মণবাড়িয়া, মুন্সিগঞ্জ, মেঘনাঘাট ও গল্লামারীতে নতুন ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে বর্ণিত এলাকা সমূহে লোড বৃদ্ধি মিটআপ করা। | দাউদকান্দি, ব্রাহ্মণবাড়িয়া, মুন্সিগঞ্জ, মেঘনাঘাট ও গল্লামারীতে নতুন ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে। |
| ২। | হাসনাবাদ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে সক্ষমতা বৃদ্ধি করে এলাকার বিদ্যুৎ চাহিদা নিশ্চিত করা। | হাসনাবাদ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে নতুন ট্রান্সফরমার প্রতিস্থাপন করে উপকেন্দ্রের সক্ষমতা ৯৮.৪০ মেঃওঃ এর স্থলে ২৪০.০০ মেঃওঃ এ উন্নিত করা হয়োছ। |
| ৩। | কুমিল্লা (উঃ), রামপুরা, হরিপুর, আমিনবাজার ও হাটহাজারী ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রের ওভার লোড রিলিজ করা। | কুমিল্লা (উঃ), রামপুরা, হরিপুর, আমিনবাজারে ১৮০ মে:ও: এবং হাটহাজারী ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রে নতুন ১২০ মে:ও: ক্ষমতা সম্পন্ন ট্রান্সফরমার স্থাপন করা হয়েছে। |
| ৪। | প্রকল্প এলাকা সমূহে লোড শেডিং কমানো। | প্রকল্প এলাকা সমূহে লোড শেডিং কমে গিয়েছে বলে পিজিসিবি'র কর্মকর্তারা জানান। |
| ৫। | বিদ্যুৎ সরবরাহের Reliability ও Stability বৃদ্ধি করা। | বিদ্যুৎ সরবরাহের Reliability ও Stability বৃদ্ধি পেয়েছে বলে পিজিসিবি'র কর্তৃপক্ষ জানান। |
| ৬। | Voltage Profile increase করা। | ট্রান্সমিশন লাইন, নতুন উপকেন্দ্র নির্মাণ ও পুরাতন উপকেন্দ্র সম্প্রসারনের মাধ্যমে Voltage Profile increase হয়েছে বলে প্রতীয়মান হয়। |

**১৬। বাস্তবায়ন সমস্যাঃ**

১৬.১ **প্রকল্প সংশোধন:** মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বৈদ্যুতিক মালামালের মূল্য বৃদ্ধি পাওয়াতে প্রকল্প সংশোধন প্রয়োজন হয়। ডিপিপি সংশোধন এবং অনুমোদনে যথেষ্ট সময় ব্যয় হয়েছে।

**১৬.২ টাওয়ার নির্মাণে বাধা:** ভূমি অধিগ্রহনের মাধ্যমে প্রকল্পের উপকেন্দ্র নির্মাণে সাধারনতঃ সমস্যা সৃষ্টি হয় না, তবে সঞ্চালন লাইন নির্মাণের ক্ষেত্রে প্রচুর বাধা ও প্রতিরোধের সম্মুখিন হতে হয়। ১৮৮৫ ও ১৯০৫ সালের বিদ্যুৎ আইনে বলা হয়েছে দেশের ও জনগণের স্বার্থে বিদ্যুৎ লাইন নির্মাণে যে জায়গায় বৈদ্যুতিক পোল পরবে সে জায়গায় বৈদ্যুতিক পোল বসানোর জন্য জনগণকে জায়গা ছেড়ে দিতে হবে তবে নির্মাণ কালীন সময়ে জমির মালিককে মাঠের ফসলের ক্ষতি পূরণ দিতে হবে। কিন্তু ১৩২ কেভি, ২৩০ কেভি ও ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণে চার পা বিশিষ্ট Steel Lattice Tower ব্যবহৃত হয়ে থাকে, যাতে ১৫০ বর্গ ফুট হতে ৩০০ বর্গ ফুট জমি লাগে। এ ক্ষেত্রে জমির মালিককে জমির মূল্য পরিশোধ করার বিধান না থাকায় অধিকাংশ ক্ষেত্রে টাওয়ার নির্মাণে বাধার সন্মুখীন হতে হয়। উল্লেখ্য যে, দাউদকান্দি, ব্রাহ্মণবাড়িয়া, মুন্সিগঞ্জ ও মেঘনাঘাট ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র সংশ্লিষ্ট ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণে প্রবল বাধার সম্মুখিন হতে হয়েছে।

**১৬.৩ মামলার কারণে কার্যসম্পাদনে বিলম্ব:** দাউদকান্দি ও মেঘনাঘাট এলাকায় জমির মালিক আইনের আশ্রয় নেয় এবং দীর্ঘ সময় ক্ষেপন হয় ও পরবর্তীতে কোর্ট হতে টাওয়ার নির্মাণের পক্ষে রায় দেয়া হয়। এতে কাজ সম্পাদনে নির্ধারিত সময়ের চেয়ে অনেক সময় ব্যয় হয়।

**১৬.৪ জলাবদ্ধতা**: প্রকল্প সংশ্লিষ্ট কিছু এলাকায় বিল ও নিচু জমি থাকার কারণে বর্ষা মৌসুমে বৈদ্যুতিক টাওয়ার স্থাপন ও বিদ্যুৎ লাইন সম্প্রসারণের কাজ করা যায়নি বিধায় পরিকল্পিত সময়ের চেয়ে বেশী সময় ব্যয় হয়।

**১৬.৫ সঞ্চালন লাইন সম্প্রসারণে বাধা:** সঞ্চালন লাইন সম্প্রসারণের ক্যাবল কোন কোন এলাকায় ব্যক্তি মালিকানা জমির উপর দিয়ে নেয়ার সময়ে জমির মালিক কর্তৃক আপত্তি ও অনেক ক্ষেত্রে বাধার কারণে উক্ত কার্য সম্পাদনে নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় ব্যয় হয়।

## ১৭। সুপারিশঃ

১৭.১। মুল প্রকল্পটি জুলাই ২০০৫ হতে জুন ২০০৯ এ সমাপ্তির উদ্দেশ্য নিয়ে জন্য অনুমোদিত হলেও তা জুন ২০১৪ তে সমাপ্ত হয়। ফলে পণ্যের ক্রমাগত মূল্য বৃদ্ধির কারনে একদিকে যেমন প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে; অন্যদিকে কাঙ্খিত সময়ে প্রকল্পের সুফল পাওয়া যায়নি। তাই , ভবিষ্যতে প্রকল্পের শুরু হতেই বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করতে হবে;

১৭.২। ভবিষ্যতে ডিপিপি প্রণয়ন এবং প্রকল্প বাস্তবায়নের সময় অধিকতর সর্তকতা অবলম্বন করতে হবে যাতে এত বেশি Time over Run ও Cost Over Run এড়িয়ে যাওয়া সম্ভব হয়;

১৭.৩। প্রকল্পের External audit ও Internal audit এর প্রতিবেদন আ্ডএমইডি'কে অবহিত করতে হবে;

১৭.৪। প্রকল্পের আওতায় নির্মিত বৈদ্যুতিক লাইন ও সাবস্টেশন নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে;

১৭.৫। যেহেতু প্রকল্প সংশ্লিষ্ট অনেক এলাকার অধিকাংশ মাট- ঘাট বর্ষাকালে প্লাবিত থাকার কারণে গ্রীড টাওয়ার নির্মাণ এবং লাইন সম্প্রসারণর কাজ করা সম্ভব হয় না। তাই ভবিষ্যতে অনুরুপ প্রকল্প গ্রহনের ক্ষেত্রে বর্ষাকালে জলবেষ্টিত এলাকায় বছরের অবশিষ্ট সময়ে গ্রীড টাওয়ার নির্মাণ এবং লাইন সম্প্রসারনের পরিকল্পনা এবং তদানুযায়ী কর্ম সম্পাদন করতে হবে;

১৭.৬। সঞ্চালন লাইনের টাওয়ার নির্মাণে যে জমির প্রয়োজন হয় তার ক্ষতিপূরণ ক্ষতিগ্রস্থ জমির মালিকদের দেয়া যায় কিনা তা মন্ত্রণালয় বিবেচনা করতে পারে;

১৭.৭। (১৭.১-১৭.৬) অনুচ্ছেদে বর্ণিত কার্যক্রমের উপর গৃহিত ব্যবস্থাবলী আগামী তিন (০৩) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করবে।

# মেঘনাঘাট-আমিনবাজার ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প (ফেইজ-১)
## সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
## (সমাপ্ত: জুন, ২০১৪)

১। **প্রকল্পের নাম :** মেঘনাঘাট-আমিনবাজার ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প (ফেইজ-১)

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ :** বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৩। **বাস্তবায়নকারী সংস্থা :** পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লি: (পিজিসিবি)

৪। **প্রকল্পের অবস্থান :** মেঘনাঘাট (নারায়ণগঞ্জ), সিরাজদিখান (মুন্সীগঞ্জ), কেরাণীগঞ্জ (ঢাকা),আমিনবাজার (ঢাকা)

৫। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন সময় :**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের % | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র:সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২৭৩৬৭.৫০ (১৫৪৩৪.৭) | ৫৯৭১০.০১ (২৭০৩২.১৩) | ৫৪৯৩৭.০০ | জুলাই, ২০০৬ হতে জুন, ২০০৯ | জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৪ | জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৪ | ২৭৫৬৯.৫০ (১০০.৭৩%) | ৫ বছর (১৬৬.৬৭%) |

*প্রকল্প সাহায্যের উৎসঃ এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)*

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **প্রকল্পের উদ্দেশ্য ও পটভূমিঃ**

### ৭.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পের প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

(ক) মেঘনাঘাট বিদ্যুৎ কেন্দ্রসমূহ হতে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন;

(খ) ঢাকা শহরের পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ করা;

(গ) ঢাকা শহরের জন্য মানসম্পন্ন সঞ্চালন ব্যবস্থা গড়ে তোলা; এবং

(ঘ) ট্রান্সমিশন সিস্টেম লস হ্রাসকরণ।

### ৭.২ প্রকল্পের পটভূমিঃ

দেশে মোট উৎপাদিত বিদ্যুতের প্রায় ৪৫% হতে ৫০% বৃহত্তর ঢাকার বিদ্যুৎ চাহিদা মেটানোর জন্য প্রয়োজন হয়। বর্তমানে ঢাকার বিদ্যুৎ চাহিদা উল্লেখযোগ্য হারে বাড়ছে। এ ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের আওতাধীন "মেঘনাঘাট-আমিনবাজার ৪০০ কেভি সঞ্চালন লাইন (ফেইজ-১)" শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়।

**৮। প্রকল্পের অর্থায়ন:**

(ক) জিওবি:

(লক্ষ টাকায়)

| মোট | ঋণ (৪০%) | অনুদান (৬০%) | Cash Foreign Exchange |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১৮১৩২.৮১ | ৭২৫৩.১৩ | ১০৮৭৯.৬৯ | ২২.১১ মিলিয়ন ইউএসডি |

(খ) প্রকল্প সাহায্যঃ ২৭০৩২.১৩ লক্ষ টাকা(৩২.৯৭ মিলিয়ন ইউএস ডলার)।

(গ) পিজিসিবি'র নিজস্ব অর্থায়নঃ ১৪৫৪৫.০৭ লক্ষ টাকা।

**৯। প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

প্রকল্পটি মোট ২৭৩৬৭.৫২ লক্ষ (জিওবি ১১৯৩২.৮২ লক্ষ + প্রকল্প সাহায্য ১৫৪৩৪.৭০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই, ২০০৬ হতে জুন, ২০০৯ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৪/০৯/২০০৬ তারিখে 'একনেক' কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ প্রথমবার জুন, ২০১০ পর্যন্ত এবং দ্বিতীয় বার জুন, ২০১২ পর্যন্ত এবং ৩য় বার জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অত:পর ১ম সংশোধিত প্রকল্পটি ৫৯৭১০.০১ লক্ষ (জিওবি ১৮১৩২.৮১ লক্ষ+ প্রকল্প সাহায্য ২৭০৩২.১৩ লক্ষ + নিজস্ব ১৪৫৪৫.০৭) টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৪ মেয়াদকালে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক গত ১৯/০৯/২০১৩ তারিখে অনুমোদিত হয়।

**১০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ**

পিজিসিবি থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| Description of Items (as per DPP) | Target (as per RDPP) | | Actual Progress | |
|---|---|---|---|---|
| | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| Pay of officers<br>EC Code 4500 | 213.49 | 11 nos | 203.66 | 11 nos |
| Pay of Establishment<br>EC Code 4600 | 30.10 | 04 nos | 28.24 | 04 nos |
| Allowances<br>EC Code 4700 | 254.60 | 15 nos | 251.27 | 15 nos |
| Supplies and Services<br>EC Code 4800 | 1294.19 | -- | 804.00 | |
| Acquisition of Assets<br>EC Code 6800 | 27973.28 | -- | 26278.91 | |
| Acquisition/Purchase of Land & Landed Properties of Assets<br>EC Code 6900 | 6910.70 | 60 Acre | 2245.95 | 21.92 Acre |
| Construction of Works<br>EC Code 7000 | 10119.71 | 53.73 km<br>(04 bays) | 13295.52 | 53.73 km<br>(04 bays) |
| Development Import Duty and VAT<br>EC Code 7900 | 9146.42 | -- | 8501.64 | -- |
| Capital Block Allocation & Misc. Capital Expenditure<br>EC Code 7980 | 3767.52 | -- | 3327.82 | -- |
| **TOTAL** | **59710.01** | | **54937.00** | **--** |

## ১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নিম্নোক্ত কর্মকর্তাগণ বিভিন্ন মেয়াদে আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | মেয়াদকাল | |
|---|---|---|---|
| ১) | প্রকৌশলী মোজাম্মেল হোসেন<br>(মহাব্যবস্থাপক, পিজিসিবি) | ০১/০৭/২০০৫ হতে ২৯/০৯/২০০৮ | অতিরিক্ত দায়িত্ব |
| ২) | প্রকৌশলী মো: আইনুল হক<br>(মহাব্যবস্থাপক, পিজিসিবি) | ২৯/০৯/২০০৮ হতে ০৫/১২/২০১৩ | পূর্ণকালীন |
| ৩) | প্রকৌশলী বজলুল মুনির<br>(উপ মহাব্যবস্থাপক, পিজিসিবি) | ০৫/১২/২০১৩ হতে ৩০/০৬/২০১৪ | পূর্ণকালীন |

## ১২। পরিদর্শনঃ

আইএমই বিভাগের সহকারী পরিচালক(বিদ্যুৎ) জনাব মোঃ তাওসীফ রহমান প্রকল্প এলাকায় মেঘনাঘাট (নারায়নগঞ্জ), কেরানীগঞ্জ (ঢাকা) ও সিরাজদিখান (মুন্সীগঞ্জ)-এ গত ০৩/১২/২০১৫ তারিখে সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক এবং প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

## ১৩। পর্যবেক্ষণ/বাস্তবায়ন সমস্যাঃ

১৩.১ মূল ডিপিপি-তে ১০ একর জমি অধিগ্রহণের সংস্থান থাকলেও প্রকল্পের আওতায় ভবিষ্যতে মেঘনাঘাট ও আমিনবাজারে ৪০০/২৩০/১৩২ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য সংশোধিত ডিপিপিতে জমির পরিমাণ ৬০ একরে উন্নীত করা হয়। বর্ধিত পরিকল্পনাধীন "Aminbazar-Maowa-Mongla 400 kV Transmission line (NG3)" প্রকল্পের আওতায় ৪০০/২৩০ কেভি, ৩x৫২০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের জন্য আমিনবাজারে ২০ একর এবং "Anowara-Meghnaghat 400 kV Transmission line (NG4)" প্রকল্পের আওতায় ৪০০/২৩০ কেভি, ৩x৫২০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের জন্য মেঘনাঘাটে ৩০ একর মোট ৫০ একর অতিরিক্ত ভূমি অধিগ্রহণের সংস্থান রাখা হয়। বাস্তবে আমিনবাজারে ১০ একর এবং মেঘনাঘাটে ১১.৯২ একর জমি অধিগ্রহণ করা হয়েছে।

১৩.২ মেঘনাঘাট ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র মেঘনাঘাট পাওয়ার লি: এর অধীনে ছিল যা বর্তমানে Pendaker Energy Ltd. Malaysia পরিচালনা করে। ২৩০ কেভি বে এক্সটেনশনের জন্য মেঘনাঘাট পাওয়ার লি: এর জমি ক্রয় করা ব্যতীত অন্য কাজ করা সম্ভব ছিল না। বহু আলোচনার পর বিদ্যুৎ বিভাগের নির্দেশনা মোতাবেক পিজিসিবি, বিপিডিবি ও মেঘনাঘাট পাওয়ার লি: এর মধ্যে একটি ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয় এবং মেঘনাঘাট ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রটি পিজিসিবি'র নিকট ১৫-১২-২০১১ ইং তারিখ হস্তান্তর করা হয়। মেঘনাঘাট ও আমিনবাজার বে সম্প্রসারণ কাজের জন্য নভেম্বর, ২০১১ এ দরপত্র আহ্বান করা হয় এবং ১০-১০-২০১২ইং তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। এই দীর্ঘ প্রক্রিয়ায় প্রায় ১(এক) বছর ব্যয় হয়।

১৩.৩ প্রকল্পের আওতায় ১৪৭ টি টাওয়ার নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। মেঘনাঘাট এলাকায় এবং আমিনবাজার এলাকায় ২৩০ কেভি বে এক্সটেনশনের কাজ শেষ হয়েছে।

১৩.৪ আমিনবাজারে অধিগ্রহণকৃত ১০ একর জমি নিচু হওয়ায় ভূমি উন্নয়ন কাজ কিছুটা দুরূহ ছিল। এই কাজে সঠিক মাত্রায় কমপ্যাকশন আনার জন্য লোকাল হাইড্রলিক ফিলিং মেথড ব্যবহার করা হয়েছে।

১৩.৫ ৪০০ কেভি বিদ্যুৎ সঞ্চালন লাইনটি নারায়ণগঞ্জ জেলার বন্দর, বন্দর সদর ও সোনারগা উপজেলা; মুন্সীগঞ্জ জেলার সিরাজদীখান উপজেলা এবং ঢাকা জেলার কেরানীগঞ্জ ও সাভার উপজেলার উপর দিয়ে অতিক্রম করেছে। সঞ্চালন লাইনের বেশির ভাগ টাওয়ার ব্যক্তিগত মালিকানাধীন শস্যক্ষেত/ কৃষিজমি অথবা শিল্প প্রতিষ্ঠানের জমিতে স্থাপন করতে হয়েছে। এই কাজে জমির মালিকদের সাথে নিগোসিয়েশন করে রাজি করানো অত্যন্ত কষ্টসাধ্য ছিল।

১৩.৬ ৪০০ কেভি বিদ্যুৎ সঞ্চালন লাইনটি চালু/চার্জ করার পূর্বে কারিগরী ও জননিরাপত্তার স্বার্থে এর রাইট-অর-ওয়ে বরাবর উভয় পার্শ্বে আনুভূমিক ১০ মিটার জায়গা নিরাপদ উচ্চতা পর্যন্ত বিদ্যমান বিভিন্ন ধরনের গাছপালা কর্তন/ছাটাই করতে হয়েছে। সেই লক্ষ্যে গাছপালার ক্ষতিপূরণ নির্ধারণের জন্য বন বিভাগ ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে পত্র প্রদানসহ যোগাযোগ করা করে সাড়া পেতে যথেষ্ট বিলম্ব হয়েছে।

১৩.৭ গ্রীড লাইনের টাওয়ারগুলিতে বৈদ্যুতিক তার লাগানো সম্পন্ন হয়েছে। তাছাড়া টাওয়ার গুলিকে লাল/সাদা রং করা হয়েছে যা ইতোপূর্বে নির্মিত অন্যান্য টাওয়ার-এর সাথে সহজেই পৃথক করা যায়।

১৩.৮ টাওয়ারগুলির মাথায় বাতি লাগানো হয়েছে যা ইতোপূর্বে করা হতোনা। এই বাতিগুলি সোলার সিস্টেমে চলে বিধায় রাতে জ্বলে উঠে ফলে এই বাতিগুলি আকাশ পথে চলাচলকারী উড়োজাহাজ হতে টাওয়ারগুলি সহজেই দৃশ্যমান হয় যা ইতোপূর্বে নির্মিত টাওয়ারগুলি ছিলনা।

১৩.৯ এডিবি'র চাহিদা মোতাবেক প্রকল্পের পরামর্শক জানুয়ারি, ২০০৮ এ নিয়োগ হয়। বিডিং ডকুমেন্ট তৈরীর জন্য দাতা সংস্থা এডিবি'র ছকে বিড প্রস্তুতিতে নয় মাস পর্যন্ত সময় ক্ষেপণ হয়। ফলে জানুয়ারি, ২০০৯ এ দরপত্র আহ্বান করা হয় এবং সম্ভাব্য বিডারগণের আবেদনের প্রেক্ষিতে এবং এডিবি এর সম্মতিপূর্বক ৫ দফা সময় বৃদ্ধির পর ১৪/০১/২০০৯ইং তারিখে দরপ্রস্তাব সমূহের মূল্যায়ন বোর্ড সভায় অনুমোদন এবং এডিবি এর অনুমোদনের পর সঞ্চালন লাইনের প্যাকেজ ৩১শে মার্চ, ২০১০ এ স্বাক্ষরিত হয়। এই কারণে প্রকল্প বাস্তবায়নে যথেষ্ট বিলম্ব হয়েছে।

১৩.১০ প্রকল্পটির ৩ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। আন্তর্জাতিক বাজারে মেটালের দাম বৃদ্ধির কারণে প্রকল্পের সঞ্চালন লাইনের চুক্তিমূল্য বৃদ্ধি, প্রকল্পের কার্যপরিধি বৃদ্ধি, মুদ্রা বিনিময় হার বৃদ্ধি, সিডি ভ্যাট, আয়কর, নির্মাণকালীন সুদের পরিমাণ বৃদ্ধি ইত্যাদি কারণে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে। আরডিপিপি প্রণয়ন এবং অনুমোদনের জন্য প্রকল্পের বাস্তবায়ন কাজ বিলম্ব হয়েছে।

১৩.১১ প্রকল্পের External Audit সংক্রান্ত তথ্যঃ

প্রকল্পটি Foreign Aided Project Audit Directorate (ফাপাড) কর্তৃক ২০০৭-২০০৮ হতে ২০১৩-১৪ অর্থবছর পর্যন্ত প্রত্যেক অর্থবছরের অডিট সম্পন্ন করা হয়েছে। ২০১৩-২০১৪ অর্থবছরের ২টি আপত্তি ছাড়া সকল আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। ২০১৩-২০১৪ অর্থ বছরের তথ্য নিম্নরূপঃ

| অডিট পিরিয়ড | অডিট রিপোর্ট দাখিলের তারিখ | প্রধান প্রধান পর্যবেক্ষণ/আপত্তি | নিষ্পত্তি হয়েছে কিনা (নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থা) |
|---|---|---|---|
| ২০১৩-২০১৪ | ২৯ ডিসেম্বর ২০১৪ | ১) বিদেশী পরামর্শকের বিল থেকে আইটি/ভ্যাট কর্তন করা হয়নি।<br>২) একটি কমিশনিং এর আইটি ও ভ্যাটের অব্যইয়িত অর্থ সরকারী কোষাগারে জমা দেয়া হয়নি।<br>৩) মালামাল সঠিকভাবে স্পেসিফিকেশন অনুযায়ী আমদানী করা হয়নি।<br>৪) প্রকল্পের অব্যয়িত CD/VAT এর অর্থ সরকারী কোষাগারে জমা দেয়া হয়নি। | ১) নিষ্পত্তি করা হয়েছে।<br>২) নিষ্পত্তি করা হয়েছে।<br>৩) জবাব দেয়া হয়েছে, নিষ্পত্তির অপেক্ষায় আছে।<br>৪) জবাব দেয়া হয়েছে, নিষ্পত্তির অপেক্ষায় আছে। |

## প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ



চিত্র-১ প্রকল্প এলাকা, মেঘনাঘাট, নারায়ণগঞ্জ



চিত্র-২ প্রকল্প এলাকা, মেঘনাঘাট, নারায়ণগঞ্জ



চিত্র-৩ প্রকল্প এলাকা, বালুরচর, মুন্সীগঞ্জ



চিত্র-৪ প্রকল্প এলাকা, কেরানীগঞ্জ, ঢাকা

**১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| (ক) ঢাকা মহানগরীর পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুতর চাহিদা পূরণের জন্য মেঘনাঘাট হতে আমিন বাজার পর্যন্ত ৪০০ কেভি সঞ্চালন লাইন স্থাপন এবং মেঘনাঘাট ও আমিনবাজারে ২৩০ কেভি বে এক্সটেনশন করা। | (ক) প্রকল্প বাস্তবায়নের ফলে মেঘনাঘাট ও আমিন বাজার সুইচইয়ার্ডের ক্ষমতা বৃদ্ধি পেয়েছে এবং মেঘনাঘাটে উৎপাদিত বিদ্যুৎ সহজে ঢাকা শহরে সঞ্চালন করা সম্ভব হচ্ছে। |
| (খ) হাসনাবাদ-আমিনবাজার-টঙ্গী ২৩০ কেভি সঞ্চালন লাইনের উপর লোড কমানো। | (খ) প্রকল্প বাস্তবায়নের ফলে হাসনাবাদ-আমিনবাজার-টঙ্গী সঞ্চালন লাইনের উপর চাপ কমেছে। |
| (গ) লো ভোল্টেজ সমস্যা নিরসন করা। | (গ) প্রকল্প বাস্তবায়নের ফলে গ্রীড উপকেন্দ্রগুলিতে ভোল্টেজ প্রফাইল উন্নত হয়েছে। |

## ১৫। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

| Description of Procurement (goods/works/consultancy) as per Bid document | Tender/Bid/Proposal cost (in crore Taka) | | Tender/Bid/Proposal | | Date of completion works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per RDPP | Contracted Value | Invitation date | Signing/LC opening date | As per Contract | Actual |
| 1) Design, supply, erection, testing and commissioning of 400KV Meghnaghat-Aminbazar Transmission Line on Turnkey Basis. | 244.06 | mUSD 32.04+mBDT 645.46 | 30/07/2008 | 31/03/2010<br>08/07/2010 | 07/07/2012 | 29/06/2013 |
| 2) Design, supply, erection, testing and commissioning of Extension of Existing bays at Aminbazar and Meghnaghat and Meghnaghat 230 KV Substation on Turnkey Basis | 38.63 | mUSD 4.686+BDT 73.10 | 18/08/2008 | 10/10/2012<br>20/03/2013 | 09/01/2014 | 28/06/2014 |
| Consultancy Services for 400 KV Meghnaghat-Aminbazar Transmission Line | 5.925 | mUSD 0.5684+mBDT 142.04 | 29/04/2007 | 31/01/2008 | 30/06/2012 | 30/06/2013 |
| Land development with slope protection work for Aminbazar 400 KV Substation | 10.275 | mBDT 106.25 | 18/01/2011 | 21/03/2012 | 20/12/2012 | 25/04/2014 |

## ১৬। সুপারিশঃ

১৬.১ প্রকল্পের মেয়াদ ৪ (চার) দফায় ৫(পাঁচ) বছর বৃদ্ধি করা হয়েছে এবং প্রকল্পের ব্যয় মূল অনুমোদিত ডিপিপি'র চেয়ে ১০০.৭৩% বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে ডিপিপি প্রণয়ন এবং প্রকল্প বাস্তবায়নের সময় অধিকতর সর্তকতা অবলম্বন করতে হবে যাতে এত বেশি Time over Run ও Cost Over Run না হয়।

১৬.২ অন্য কোন প্রকল্পের জমির জন্য প্রয়োজনীয় অর্থ প্রকল্পের ডিপিপি'তে সংস্থা রেখে প্রকল্প ব্যয় বৃদ্ধি করা সমীচীন নয়। ভবিষ্যতে সংস্থাকে এ বিষয়ে সতর্ক থাকতে হবে;

১৬.৩ ভবিষ্যতে প্রকল্পের কাজে একাধিক সংস্থা সংশ্লিষ্ট থাকলে সমন্বয় কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্ন করতে হবে যাতে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমের কোন ব্যাঘাত না ঘটে (অনুচ্ছেদ-১৩.৬);

১৬.৪ যথাশীঘ্র অডিট আপত্তি নিষ্পত্তি করে বিদ্যুৎ বিভাগ ও আইএমই বিভাগকে অবহিত করতে হবে;

১৬.৫ প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রদান করার বিধান থাকলেও এই প্রকল্পের পিসিআর ১৬ (ষোল) মাস পর প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে সময়মত পিসিআর প্রেরণের ব্যাপারে মন্ত্রণালয়/সংস্থাকে সচেষ্ট হতে হবে;

১৬.৬ আগামী ৩ (তিন) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৬.১ হতে ১৬.৫) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আই এম ই ডি'কে অবহিত করতে হবে।

# Transmission Efficiency Improvement through Reactive Power Compensation at Grid Substations and Re-inforcement of Goalpara Substation
## প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত : জুন ২০১৪)

**১। প্রকল্পের নাম** : Transmission Efficiency Improvement through Reactive Power Compensation at Grid Substations and Re-inforcement of Goalpara Substation

**২। উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়** : বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

**৩। বাস্তবায়নকারী সংস্থা** : পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি)।

**৪। প্রকল্প এলাকা** : ঢাকা বিভাগের টাংগাইল, মানিকগঞ্জ, গাজীপুর, নারায়ণগঞ্জ, ঢাকা, জামালপুর, গোপালগঞ্জ ও ফরিদপুর জেলা, চট্টগ্রাম বিভাগের কুমিল্লা, নোয়াখালী ও ফেনী জেলা, খুলনা বিভাগের সাতক্ষীরা, ঝিনাইদহ, কুষ্টিয়া ও খুলনা জেলা, রাজশাহী বিভাগের সিরাজগঞ্জ, রাজশাহী, চাপাইনবাবগঞ্জ ও নওগা জেলা, রংপুর বিভাগের দিনাজপুর ও লালমনিরহাট জেলা।

**৫। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল** :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় ( মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল ডিপিপি | সর্বশেষ সংশোধিত ডিপিপি | | | | | | |
| • মোট<br>• জিওবি<br>• প্রকল্প সাহায্য<br>• সংস্থার নিজস্ব | • মোট<br>• জিওবি<br>• প্রকল্প সাহায্য<br>• সংস্থার নিজস্ব | • মোট<br>• জিওবি<br>• প্রকল্প সাহায্য<br>• সংস্থার নিজস্ব | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| • ২১৮৪২.৬৬<br>• ৬৪৭২.৮৫<br>• ১৩৯৭৯.৯৫<br>• ১৩৮৯.৮৬ | • ১৬১৯২.২৬<br>• ৪৪২৫.৪১<br>• ৯৯৫৮.৯৫<br>• ১৮০৭.৯১ | • ১৬১৩৯.৩২<br>• ৩৯৬৯.১৭<br>• ৯৭৬৩.৭৯<br>• ২৪০৬.৩৬ | ফেব্রুয়ারি, ২০০৮ হতে জুন, ২০১০ | ফেব্রুয়ারি, ২০০৮ হতে জুন, ২০১৪ | ফেব্রুয়ারি, ২০০৮ হতে জুন, ২০১৪ | (-) ৫৭০৩.৩৪* (-২৬.১১%) | ৪ (চার) বছর (১৭১.৪৩%) |

* প্রকল্পের প্রস্তাবিত ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় ৫৭০৩.৩৪ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

**৬। প্রকল্প সাহায্যের উৎস:**

আলোচ্য প্রকল্পটিতে উন্নয়ন সহযোগী সংস্থা হিসেবে কেএফডব্লিউ, জার্মানী আর্থিক সহায়তা প্রদান করেছে। প্রথমে কেএফডব্লিউ জার্মানীর এর সাথে ১৫.২১ মিলিয়ন ইউরো আর্থিক সহায়তা প্রদানের জন্য ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। পরবর্তীতে প্রকল্পের low bid price এর কারণে প্রায় ৫.৫১ মিলিয়ন ইউরো সাশ্রয় হয় যা রিফান্ড করা হয়। ফলশ্রুতিতে প্রকল্প সাহায্যের পরিমাণ ৯.৭ মিলিয়ন ইউরো নির্ধারিত হয়।

## ৭। সাধারণ পর্যবেক্ষণ:

**৭.১. পটভূমি:** ৩০ জানুয়ারি, ২০০৮ সালে একনেক সভায় আলোচ্য প্রকল্পের মূল ডিপিপি অনুমোদিত হয়। তৎকালীন বাংলাদেশের আর্থসামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে প্রকল্পটি যে পটভূমিতে নেয়া হয়েছিল তা নিম্নরূপ:

"বাংলাদেশের বিদ্যুৎ এর চাহিদা সরবরাহের তুলনায় বেশী। অপরদিকে ভোল্টেজ ড্রপ ও বিদ্যুৎ সঞ্চালন লস এর জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয় না। বিদ্যুতের ২টি অংশ যথা মেগাওয়াট অংশ ও মেগাভার অংশ। এর মধ্যে মেগাভার অংশটি সিস্টেম ভোল্টেজ ড্রপ ও বিদ্যুৎ সঞ্চালন লস বৃদ্ধি করে। ফলে এতে সিস্টেমের দক্ষতা হ্রাস পায়। গ্রীড উপকেন্দ্রে রিক্যাকটিভ পাওয়ার কমপেনসেশন ইউনিটের (ক্যাপাসিটর ব্যাংক) মাধ্যমে সিস্টেমের মেগাভার অংশটি স্থায়ীভাবে গ্রীড সিস্টেমে সরবরাহ করা হয়। এতে সার্বিকভাবে সিস্টেমের দক্ষতা বৃদ্ধি পায়। এছাড়া আর্থিকভাবে বিশ্লেষণ করে দেখা গেছে এটি আর্থিকভাবেও লাভজনক। পাওয়ার সিস্টেম মাষ্টার প্ল্যান অনুযায়ী সারা দেশে বিভিন্ন সাব-স্টেশনে ১৩৪০ MVAR কমপেনসেশন করার সুপারিশ প্রদান করা হয়েছে। বর্তমানে ১৩২ কেভি লেভেলে ৪৫০ MVAR কমপেনসেশন করার কাজ বাস্তবায়নাধীন আছে। German Financial Cooperation with Bangladesh Energy Efficiency Program-1 (Power Transmission) এর আওতায় পরামর্শক দ্বারা বাংলাদেশের গ্রীড সাবস্টেশন সমূহে ক্যাপাসিটর ব্যাংক স্থাপন করার পরামর্শ দেয়া হয়। উক্ত পরামর্শক দ্বারা প্রণীত প্রতিবেদনে দেশে ২৯টি সাব-স্টেশন রিএ্যাকটিভ পাওয়ার কমপেনসেশন করার পরামর্শ দেয়া হয়। KfW, জার্মানী হতে এ জন্য ১৫.২১ মিলিয়ন ইউরো অনুদান হিসেবে প্রদানেরও আশ্বাস পাওয়া যায়। এ প্রকল্পটি বাস্তবায়িত হলে আনুমানিক ৬০০ MVAR কমপেনসেশন করা সম্ভব হবে"।

**৭.২ উদ্দেশ্যঃ**

(ক) প্রকল্পটির মূল উদ্দেশ্য ক্যাপাসিটর ব্যাংক স্থাপনের মাধ্যমে গ্রীড উপকেন্দ্রে রিএ্যাকটিভ পাওয়ার কমপেনসেশনের মাধ্যমে সার্বিকভাবে সঞ্চালন লাইনে ভোল্টেজ বৃদ্ধি করা;

(খ) ট্রান্সমিশন ভোল্টেজ কলাপস (ধস) প্রতিরোধ করা;

(গ) গ্রীড ট্রান্সফর্মার এবং ট্রান্সমিশন সিস্টেম ডিলোড করা;

(ঘ) ট্রান্সমিশন লস হ্রাস করা এবং ট্রান্সমিশন ইফিসিয়েন্সি এর সার্বিক উন্নয়ন সাধন।

**৭.৩ প্রকল্প পরিদর্শন:** আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের সহকারী পরিচালক (বিদ্যুৎ) জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক গত ২২ জুলাই ২০১৬ তারিখে প্রকল্পটির ঢাকা জেলার সাভার ও নারায়ণগঞ্জ জেলার কবিরপুর সাবস্টেশন এবং ২৫ জুলাই ২০১৬ তারিখে খুলনা জেলার গোয়ালপাড়া সাবস্টেশন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পিজিসিবি'র সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

### ৭.৪ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ

**পিজিসিবি'র নিম্নোক্ত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। এ সংক্রান্ত তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:**

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | পূর্ণকালীন/ খন্ডকালীন | সময় কাল |
|---|---|---|---|---|
| ১। | প্রকৌশলী মোঃ বিল্লাল হোসেন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ | পূর্ণকালীন | ফেব্রুয়ারি, ২০০৮ হতে সেপ্টেম্বর, ২০০৮ |
| ২। | প্রকৌশলী মোঃ এমদাদুল ইসলাম | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ | পূর্ণকালীন | সেপ্টেম্বর, ২০০৮ হতে মার্চ, ২০১১ |
| ৩। | প্রকৌশলী মোঃ মাসুম আলম বকসী | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ | পূর্ণকালীন | মার্চ, ২০১১ হতে জুন, ২০১৪ |

### ৮। প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

পিজিসিবি হতে প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নে প্রদান করা হ'লঃ

(লক্ষ টাকায়)

| ক্র: নং | অঙ্গের নাম | সংখ্যা/পরিমাণ | সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | প্রকৃত অগ্রগতি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| **ক) রাজস্ব ব্যয়ঃ** | | | | |
| ১) | কর্মকর্তাদের বেতন | ১২ জন | ১৫০.২১ | ১৪৪.৮৮ |
| ২) | কর্মচারীদের বেতন | ৫ জন | ২৭.৩৫ | ২৮.৫১ |
| ৩) | ভাতা | ১৭ জন | ১৭৬.৩০ | ১৮৫.৩৩ |
| ৪) | কনসালটেন্সি | ৮৪.৫ জন মাস | ৭৩৯.৩৭ | ৭৬০.২২ |
| ৫) | প্রশিক্ষণ | ১৪ জন | ০.২৫ | ০.০০ |
| ৬) | পরিবহণ | থোক | ১৪৭.৩১ | ১১৪.৩৫ |
| ৭) | **ইন্সুরেন্স** | থোক | ৪.৮১ | ০.০০ |
| ৮) | ভাড়ার মূল্য | থোক | ২১.০০ | ১২.১০ |
| ৯) | বিবিধ (টি এ, ডিএ, OT, পেট্রোল, স্টেশনারী,টেলিফোন ইত্যাদি) | থোক | ১০৮.৩০ | ৯৪.৩৯ |
| | **উপ-মোট (রাজস্ব)ব্যয়ঃ** | | **১৩৭৪.৮৯** | **১৩৩৯.৭৮** |
| **খ) মূলধন ব্যয়ঃ** | | | | |
| ১০) | যানবাহন | ২টি (১টি জীপ, ১টি পিকআপ) | ৬৯.৭২ | ৬৯.৭২ |
| ১১) | টুলস,প্ল্যান্টস | থোক | ৫৮১.৯৬ | ৪৭০.৮৬ |
| ১২) | অফিস যন্ত্রপাতি | কম্পিউটার ৫টি ও স্টেশনারী | ৭.৭৭ | ৬.০৩ |
| ১৩) | অফিস আসবাবপত্র | থোক | ৩.৫৭ | ২.৮৮ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪) | ইলেকট্রিক যন্ত্রপাতি | ৬০০ MVAR | ৮৭৮৫.৪৫ | ৮৭৮৫.৪৫ |
| ১৫) | ভূমি উন্নয়ন | ৩৯৭৪ ঘঃ মিঃ | ১৯.৭৫ | ০.০০ |
| ১৬) | অন্যান্য ভবন (অনাবাসিক) | থোক | ৭২৯.৫৮ | ৭২৯.৫৮ |
| ১৭) | নির্মাণ ব্যয় | ৬০০ MVAR | ১৪৫৪.৯৫ | ১৪৫৪.৯৫ |
| ১৮) | সিডি-ভ্যাট | থোক | ১৫০০.০০ | ১১২৭.০৭ |
| ১৯) | ডেভেলপমেন্ট ক্যাপিটাল ফান্ড | থোক | ২৬৩.৭২ | ২৪৩.৪১ |
| ২০) | ইন্টারেষ্ট ডিউরিং কনস্ট্রাকশন (আইডিসি) | থোক | ১৩৭২.৯৯ | ১৯০৯.৫৯ |
| | **উপ-মোট (মূলধন ব্যয়)** | | **১৪৭৮৯.৪৭** | **১৪৭৯৯.৫৪** |
| গ) | **প্রাইস কন্টিনজেন্সিঃ** | থোক | ২৭.৯০ | ০.০০ |
| | **সর্বমোট (ক+খ+গ)** | | **১৬১৯২.২৬** | ১৬১৩৯.৩২ |

**৯। পরিদর্শনকালীন পর্যবেক্ষণ/বাস্তবায়ন সমস্যা:**

৯.১ প্রকল্পের আওতায় বাংলাদেশের ২৬টি স্থানে মোট ৬০০ এমভিআর ক্যাপাসিটর ব্যাংক স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। এর মধ্যে মানিকগঞ্জ গ্রীড উপকেন্দ্রের ২৫ এমভিআর ক্যাপাসিটর ব্যাংক ব্যতীত বাকি ৫৭৫ এমভিআর ক্যাপাসিটর ব্যাংক বাংলাদেশের বিভিন্ন উপকেন্দ্রে সফলভাবে স্থাপন করা হয়েছে। মানিকগঞ্জ গ্রীড উপকেন্দ্রের পল্লী বিদ্যুৎ সমিতি সংলগ্ন ইনডোর সুইচ গিয়ার আগুনে ক্ষতিগ্রস্থ হওয়াতে সেটি মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক প্রতিস্থাপনের পর প্রকল্পের আওতার বাইরে ভিন্ন একটি চুক্তির মাধ্যমে স্থানীয় ঠিকাদার দ্বারা ২৫ এমভিআর ক্যাপাসিটর ব্যাংক স্থাপন করা হবে মর্মে পিজিসিবি বোর্ড কর্তৃক সিদ্ধান্ত নেয়া হয়। উক্ত কাজের ক্রয়কৃত মালামাল আরিচা, পিজিসিবি-এর স্টোরে হস্তান্তর করা হয়েছে।

৯.২ কবিরপুর, নারায়ণগঞ্জ গ্রীড উপকেন্দ্র এবং সাভার, ঢাকা গ্রীড উপকেন্দ্র পরিদর্শন করে দেখা যায় যে, উভয় স্থানে ২৫ এমভিআর ক্যাপাসিটর ব্যাংক স্থাপন করা হয়েছে। পিজিসিবি'র দায়িত্বরত কর্মকর্তাদের সাথে কথা বলে জানা যায় যে, ক্যাপাসিটর ব্যাংক স্থাপনের পর ভোল্টেজ লেভেল আগের চেয়ে উন্নত হয়েছে এবং ভোল্টেজ উঠানামা (Fluctuation) সহনীয় পর্যায়ে আছে।

৯.৩ গোয়ালপাড়া, খুলনা গ্রীড উপকেন্দ্র পরিদর্শন করে দেখা যায় যে, সেখানে পুরাতন কন্ট্রোল রুম রিনোভেশন করা হয়েছে; একটি ১৩২/৩৩ কেভি ট্রান্সফর্মার স্থান পরিবর্তন করা হয়েছে; দুইটি ১৩২ কেভি বাসবার প্রতিস্থাপন করা হয়েছে এবং বাসবার ডিফারেনসিয়াল প্রটেকশন সিষ্টেম স্থাপন করা হয়েছে। পরিদর্শন করে জানা যায়, গ্রীড উপকেন্দ্রটির বর্তমান ওয়ার্কশপটি কাজের পরিধির তুলনায় ছোট এবং বাথরুমের সু-ব্যবস্থা নেই। গোয়ালপাড়া গ্রীড উপকেন্দ্রটি দেশের বিদ্যুৎ সঞ্চালনের জন্য অত্যান্ত গুরুত্বপূর্ণ একটি স্থাপনা। এখানকার ওয়ার্কশপটি বিভিন্ন যন্ত্রপাতি দ্রুত মেরামতের জন্য আরো সুপরিসর হওয়া প্রয়োজন।

৯.৪ প্রকল্পের মূল ডিপিপিতে কোন যানবাহনের সংস্থান ছিল না। ডিপিপি সংশোধনের পূর্বেই ২ জুন, ২০০৯ তারিখে একটি ডাবল কেবিন পিকআপ এবং ২৪ এপ্রিল, ২০১১ তারিখে একটি জীপ প্রকল্পের আওতায় ক্রয় করা হয়েছে। পরবর্তীতে সংশোধিত ডিপিপিতে যানবাহনের সংস্থান রাখা হয়। সংশোধিত ডিপিপি ৬ই মে, ২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। আরডিপিপি অনুমোদনের পূর্বেই গাড়ী ক্রয় করা এবং পরবর্তীতে আরডিপিতে সংস্থান রাখা ঘটনোত্তর অনুমোদন (Post Facto Approval) এর পর্যায়ে পড়ে, যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী।

৯.৫ প্রকল্পের মেয়াদ জুন, ২০১৪ পর্যন্ত নির্ধারিত ছিল। প্রকল্প সমাপ্ত হবার মাত্র ৪ (চার) মাস পূর্বে আরডিপিপি অনুমোদনের জন্য পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং মে, ২০১৪ তে আরডিপিপি অনুমোদিত হয়েছে। ভবিষ্যতে আরো সুদূরপ্রসারী পরিকল্পনা করা এবং এ ধরনের Practice এড়িয়ে যাওয়া সমীচীন হবে।

৯.৬ প্রকল্পের মূল ডিপিপিতে নির্মাণ ব্যয় খাতে ১২.০৭ কোটি টাকার সংস্থান ছিল। ডিপিপি সংশোধনের পূর্বেই ১৬.০৪ কোটি ব্যয় করা হয়েছে যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী।

৯.৭ প্রকল্পের আরডিপিপিতে প্রকল্প ব্যয়ের পিজিসিবি অংশে ১৮.০৮ কোটি টাকার সংস্থান রয়েছে। অথচ পিজিসিবি অংশে ২৪.০৬ কোটি টাকা ব্যয় হয়েছে। মোট প্রকল্প ব্যয় অপরিবর্তিত থাকলেও পিজিসিবি অংশের অনুমোদিত বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী।

৯.৮ প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৩ দফায় ৩(তিন) বছর ৬(ছয়) মাস বৃদ্ধি করা হয়েছে এবং সর্বশেষ সংশোধনের মাধ্যমে আরো ৬(ছয়), মোট ৪(চার) বছর বৃদ্ধি করা হয়েছে। ২০০৭ সালে উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত জার্মান পরামর্শক মেসার্স ইলেক্ট্রো কনসালটিং একটি স্টাডি রিপোর্ট প্রদান করে; পরবর্তীতে লোডের প্রকৃতি ও পরিমাণ পরিবর্তন হওয়াতে Implementation Consultant কেপকো, কোরিয়া ২০০৯ সালে ভিন্ন একটি রিপোর্ট প্রদান করে। ফলে চুক্তির বিভিন্ন অংশের পরিবর্তন করাতে বাস্তবায়ন কাল বৃদ্ধি পেয়েছে বলে প্রকল্প দপ্তর জানায়। প্রকল্পের আওতায় কোন ভূমি অধিগ্রহণের প্রয়োজন হয়নি। ভূমি অধিগ্রহণের জটিলতা থাকা সত্বেও ৪ (চার) বছর মেয়াদ বৃদ্ধি পাওয়া কাংক্ষিত নয়।

৯.৯ **অডিট সংক্রান্ত তথ্য:** প্রকল্প বাস্তবায়নকালে ২০০৮-০৯, ২০০৯-১০, ২০১০-১১ , ২০১১-১২, ২০১২-১৩ এবং ২০১৩-১৪ সালে এক্সটারনাল অডিট সম্পন্ন হয়। ২০১৩-১৪ সালের দুইটি আপত্তি বাদে সকল আপত্তি নিষ্পন্ন করা হয়েছে। অনিষ্পন্ন আপত্তি দুইটির উত্তর দেয়া হয়েছে।

১০। **প্রকল্প সংশ্লিষ্ট স্থির চিত্র:** প্রকল্প সংশ্লিষ্ট ৪ (চার)টি স্থির চিত্র নিম্নে প্রদান করা হ'ল:




চিত্র-১: কবিরপুর গ্রীড উপকেন্দ্রের কন্ট্রোল রুমে স্থাপিত ক্যাপাসিটর ব্যাংক



চিত্র-২: সাভার গ্রীড উপকেন্দ্রের সুইচইয়ার্ড



চিত্র-৩: গোয়ালপাড়া, খুলনা উপকেন্দ্রের কন্ট্রোল রুম



চিত্র-৪: গোয়ালপাড়া, খুলনা উপকেন্দ্রের সুইচইয়ার্ড

## ১১। প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ

(**কোটি টাকায়**)

| Description of procurement (goods/works/consultancy) as per bid document | Tender/Bid/Proposal Cost (in crore Taka) | | Tender/Bid/Proposal | | Date of completion of works/services and supply of gooods | |
|---|---|---|---|---|---|---|
| | As per RDPP | Contracted value | Invitation date | Contract signing/L.C opening date | As per contract | Actual |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| Installation of 325 MVAR Capacitor bank (Lot-1) | 41.176 | 41.335 | January'10 | 30/12/2010 | 22/09/2012 | 28/09/2013 |
| Installation of 175 MVAR Capacitor bank (Lot-2) | 32.711 | 32.756 | January'10 | 30/12/2010 | 30/09/2012 | 27/02/2013 |
| Installation of 100 MVAR Capacitor bank (Additional) | 14.725 | 14.73 | N/A | 22/04/2013 | 21/02/2014 | 19/05/2014 |
| Rehabilitation of Goalpara 132/33 KV grid substation | 28.60 | 28.893 | January'10 | 07/11/2010 | 06/03/2012 | 13/08/2012 |
| Consultancy services for installation of capacitor banks and reinforcement of Goalpara substation | 7.394 | 7.39 | July'08 | 04/07/2009 | 30/06/2014 | 30/06/2014 |

## ১২। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| (ক) প্রকল্পটির মূল উদ্দেশ্য ক্যাপাসিটর ব্যাংক স্থাপনের মাধ্যমে গ্রীড উপকেন্দ্রে রিএ্যাকটিভ পাওয়ার কমপেনসেশনের মাধ্যমে সার্বিকভাবে সঞ্চালন লাইনে ভোল্টেজ বৃদ্ধি করা। | (ক) দেশের ২৬টি স্থানে ক্যাপাসিটর ব্যাংক স্থাপন করা হয়েছে এবং রিএ্যাকটিভ পাওয়ার কমপেনসেশনের মাধ্যমে সার্বিকভাবে সঞ্চালন লাইনে ভোল্টেজ বৃদ্ধি পেয়েছে বলে জানা যায়। |
| (খ) ট্রান্সমিশন ভোল্টেজ কলাপস (ধস) প্রতিরোধ করা। | (খ) বিভিন্ন গীড উপকেন্দ্রে ট্রান্সমিশন ভোল্টেজ কলাপস বহুলাংশে হ্রাস পেয়েছে বলে জানানো হয়েছে। |
| (গ) গ্রীড ট্রান্সফর্মার এবং ট্রান্সমিশন সিস্টেম ডিলোড করা। | (গ) রিএ্যাকটিভ পাওয়ার কমপেনসেশনের মাধ্যমে লাইন কারেন্ট বৃদ্ধি পায়। প্রকল্পের আওতায় ক্যাপাসিটর ব্যাংক গ্রীড ট্রান্সফর্মারের লোড এন্ড এর সাথে যুক্ত হয়েছে , ফলে গ্রীড ট্রান্সফর্মার ডি-লোডেড হয়েছে বলে জানানো হয়েছে। |
| (ঘ) ট্রান্সমিশন লস হ্রাস করা এবং ট্রান্সমিশন ইফিসিয়েন্সি এর সার্বিক উন্নয়ন সাধন। | (ঘ) ট্রান্সমিশন লস হ্রাস পেয়েছে এবং ট্রান্সমিশন ইফিসিয়েন্সি বৃদ্ধি পেয়েছে বলে জানা যায়। |

১৩। **সুপারিশ/মতামত:**

১৩.১ আলোচ্য প্রকল্পের আওতায় ক্যাপাসিটর ব্যাংক স্থাপনের ফলে ট্রান্সমিশন এফিসিয়েন্সি কি পরিমাণ বৃদ্ধি পেয়েছে এবং ট্রান্সমিশন লস কি পরিমাণ হ্রাস পেয়েছে তার একটি স্টাডি করে ফলাফল আইএমইডি-কে অবহিত করতে হবে;

১৩.২ প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৩ দফায় ৩(তিন) বছর ৬(ছয়) মাস বৃদ্ধি করা হয়েছে এবং সর্বশেষ সংশোধনের মাধ্যমে আরো ৬(ছয়) মাস, মোট ৪(চার) বছর বৃদ্ধি করা হয়েছে। ভবিষ্যতে বাস্তবসম্মতভাবে প্রকল্প প্রণয়ন ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট হতে হবে (অনুচ্ছেদ ৯.৮);

১৩.৩ গোয়ালপাড়া, খুলনা গ্রীড উপকেন্দ্রটির বর্তমান ওয়ার্কশপটি কাজের পরিধির তুলনায় ছোট এবং বাথরুমের সু-ব্যবস্থা নেই। উক্ত উপকেন্দ্রটি দেশের বিদ্যুৎ সঞ্চালনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি স্থাপনা বিধায় বর্তমান ওয়ার্কশপটি রিনোভেশন করে আরো সুপরিসর করার জন্য পিজিসিবি কর্তৃপক্ষ থেকে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ-৯.৩);

১৩.৪ আরডিপিপিতে প্রকল্প ব্যয়ের পিজিসিবি অংশে ১৮.০৮ কোটি টাকার সংস্থান থাকা সত্বেও পিজিসিবি অংশে ২৪.০৬ কোটি টাকা ব্যয় হয়েছে। মোট প্রকল্প ব্যয় অপরিবর্তিত থাকলেও পিজিসিবি অংশের অনুমোদিত বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। এ বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ-৯.৭);

১৩.৫ প্রকল্পের মূল ডিপিপিতে কোন যানবাহনের সংস্থান না থাকা সত্বেও আরডিপিপি অনুমোদনের পূর্বেই প্রকল্পের আওতায় যানবাহন ক্রয় করা হয়েছে। আরডিপিপি অনুমোদনের পূর্বেই গাড়ী ক্রয় করা এবং পরবর্তীতে আরডিপিতে সংস্থান রাখা ঘটনোত্তর অনুমোদন (Post Facto Approval) এর পর্যায়ে পড়ে, যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ- ৯.৪);

১৩.৬ প্রকল্পের মূল ডিপিপিতে নির্মাণ ব্যয় খাতে ১২.০৭ কোটি টাকার সংস্থান ছিল। ডিপিপি সংশোধনের পূর্বেই ১৬.০৪ কোটি ব্যয় করা হয়েছে যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ- ৯.৬);

১৩.৭ মানিকগঞ্জ গ্রীড উপকেন্দ্রের জন্য ক্রয়কৃত মালামাল দিয়ে দ্রুত ক্যাপাসিটর ব্যাংক স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-৯.১);

১৩.৮ পরবর্তী পর্যায়ে পিজিসিবি নতুন প্রকল্প গ্রহণের পূর্বে বাস্তবসম্মতভাবে সম্ভাব্যতা সমীক্ষা নিশ্চিত করবে (অনুচ্ছেদ ৯.৮);

১৩.৯ প্রকল্প সমাপ্ত হবার মাত্র এক মাস পূর্বে মে, ২০১৪ তে আরডিপিপি অনুমোদিত হয়েছে। ভবিষ্যতে আরো সুদূরপ্রসারী পরিকল্পনা করতে হবে এবং এ ধরনের Practice রোধে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে (অনুচ্ছেদ-৯.৫);

১৩.১০ প্রকল্পের সকল অনিষ্পন্ন অডিট নিষ্পত্তির জন্য বাস্তবায়নকারী সংস্থা দ্রুত উদ্যোগ গ্রহণ করবে (অনুচ্ছেদ-৯.৯); এবং

১৩.১১ অনুচ্ছেদ ১৩.১ থেকে ১৩.৯ এর আলোকে গৃহীত ব্যবস্থাসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ আইএমই বিভাগকে ১(এক) মাসের মধ্যে অবহিত করবে।

# বাংলাদেশ-ভারত গ্রীড আন্তসংযোগ প্রকল্পের
# সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
## (সমাপ্ত: জুন ২০১৪)

১। প্রকল্পের নাম : বাংলাদেশ-ভারত গ্রীড আন্ত:সংযোগ প্রকল্প

২। উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয় : বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৩। বাস্তবায়নকারী সংস্থা : পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি)

৪। প্রকল্প এলাকা : ভেড়ামারা, কুষ্টিয়া।

৫। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন কাল :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় মোট (প্র: সা:) | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের%) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের%) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১০৭৮৬৯.২৯ (৭০০০০.০০) | ১৫৭৯৮২.৯৭ (৯১০৭০.৪৩) | ১৪৯৩১০.১৮ (৮৯,৭৩৬.৪২) | জুলাই,২০১০ হতে জুন, ২০১২ | জুলাই, ২০১০ হতে জুন,২০১৪ | জুলাই, ২০১০ হতে জুন,২০১৪ | ৪১৪৪০.৮৯ (৩৮.৪২%) | ১০০% |

নোট: সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ১৫৭৯৮২.৯৭ লক্ষ টাকার মধ্যে প্রকল্প সাহায্য ৯১০৭০.৪৩ লক্ষ টাকা যা এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) থেকে ঋণ হিসাবে প্রদানের সংস্থান রয়েছে। অবশিষ্ট ৬৬৯১২.৫৪ লক্ষ টাকার মধ্যে জিওবি ৪৫১১৯.৫৮ লক্ষ টাকা ঋণ ও ইক্যুটি হিসাবে যথাক্রমে ৪০% ও ৬০% পিজিসিবিকে প্রদান এবং বাকি ২১৭৯২.৯৬ লক্ষ টাকা পিজিসিবি'র নিজস্ব তহবিল থেকে বহনের প্রস্তাব করা হয়েছে।

**৬। সাধারণ পর্যবেক্ষণ:**

**৬.১ পটভূমি:** দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা অন্যতম পূর্বশর্ত। বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ এবং এ দেশে শিল্পায়ন ও নগরায়নের জন্য প্রয়োজনীয় বিদ্যুতের ঘাটতি রয়েছে। এ উদ্দেশ্যে পার্শ্ববর্তী দেশ ভারত থেকে বিদ্যুৎ আমদানির লক্ষ্যে বাংলাদেশ ও ভারত সরকারের মধ্যে গত ১১ জানুয়ারি ২০১০ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ ধারাবাহিকতায় "বাংলাদেশ-ভারত গ্রীড আন্ত:সংযোগ প্রকল্প" বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। পৃষ্ঠা-১/৯

**৬.২ উদ্দেশ্য:**

(ক) বাংলাদেশ -ভারত আন্ত:সংযোগ গ্রীড নির্মাণের মাধ্যমে দুই দেশের মাঝে বিদ্যুৎ আদান প্রদান নিশ্চিত করা;

(খ) উভয় দেশের আর্থ সামাজিক উন্নয়নের নিমিত্ত বর্ধিত বিদ্যুৎতের চাহিদার যোগান দেওয়া।

**৬.৩ প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

প্রকল্পটির মূল ডিপিপি ১০৭৮৬৯.২৯ লক্ষ (জিওবি ২৭৭২৩.৯৭ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ৭০০০০.০০ লক্ষ টাকা ও সংস্থার নিজস্ব ১০১৪৫.৩২ লক্ষ টাকা) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১০ থেকে জুন ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৭ আগস্ট ২০১০ তারিখের একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পে ব্যবহৃত দ্রব্য ও নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির কারণে প্রকল্পটি সংশোধন করা প্রয়োজন হয়ে পড়ে। অত:পর ১৫৭৯৮২.৯৭ লক্ষ (জিওবি ৪৫১১৯.৫৮ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ৯১০৭০৪৩ লক্ষ টাকা ও সংস্থার নিজস্ব ২১৭৯২.৯৬ লক্ষ টাকা) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১০ থেকে জুন ২০১৪ মেয়াদে ১ম সংশোধন ১৯ ফেব্রুয়ারি ২০১৩ তারিখের একনেক কর্তৃক অনুমোদিত হয়।

**৬.৪ প্রকল্প পরিদর্শন:**

আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ৪ জানুয়ারি ২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ পিজিসিবি'র সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

**৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

**পিজিসিবি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ মহাব্যবস্থাক/ব্যবস্থাপক পদমর্যাদার ২ জন কর্মকর্তা পূর্ণকালীন/খন্ডকালীন প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্নে তাদের বিবরণ প্রদান করা হলো:-**

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | পূর্ণকালীন/ খন্ডকালীন | সময় কাল |
|---|---|---|---|---|
| ১। | প্রকৌশলী মো: আকছেদ আলী | উপ মহাব্যবস্থাপক<br>প্রকল্প পরিচালক<br>পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ | খন্ডকালীন | ২৮ এপ্রিল ২০১০ হতে ১৭ জুলাই ২০১১ পর্যন্ত |
| ২। | প্রকৌশলী মো: আকছেদ আলী | উপ মহাব্যবস্থাপক<br>প্রকল্প পরিচালক<br>পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ | পূর্ণকালীন | ১৭ জুলাই ২০১১ হতে ১ আগস্ট ২০১১ পর্যন্ত |
| ৩। | প্রকৌশলী কাজী ইসতিয়াক হাসান | ব্যবস্থাপক<br>ভারপ্রাপ্ত প্রকল্প পরিচালক<br>পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ | পূর্ণকালীন | ১ আগস্ট ২০১১ হতে ৩ ডিসেম্বর ২০১৩ পর্যন্ত |
| ৪। | প্রকৌশলী কাজী ইসতিয়াক হাসান | তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>প্রকল্প পরিচালক<br>পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ | পূর্ণকালীন | ৪ ডিসেম্বর ২০১৩ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত |

**সূত্র: বিদ্যুৎ বিভাগ কর্তৃক ৩ নভেম্বর, ২০১৩ তারিখে প্রেরিত পিসিআর**



৭। ?????????????????? ??????????:বিদ্যুৎ বিভাগ থেকে প্রাপ্ত PCR (Project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| ক্র: নং | ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ | ইউনিট/ পরিমাণ | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | কর্মকর্তা/কর্মচারীদের বেতন | জন | ২২ জন | ১৭০.৯৫ | ২৪ জন | ১৮৯.৬৫৪০১ (১১০%) |
| ২ | ভাতাদি | জন | ২২ জন | ১৭২.৩২ | ২২ জন | ১৮৯.৬৫৪০১ (১০৪.৯৪%) |
| ৩ | বীমা ও পরিবহন | থোক | থোক | ২২২৬.২৮ | ২২২৭.১২৮৪১ | ২২২৭.১২৮৪১ (১০০.০৩৮%) |
| ৪ | ক্ষতিপূরণ | কি:মি: ও একর | ৩১.৬৭ কি:মি: ও ১১৩.৪৩ একর | ৫০০.০০ | ৩১.৬৭ কি:মি: ও ১১৩.৪৩ একর | ৭৫.৭৬৩১৪ (১৫.১৫২%) |
| ৫ | কনসালটেন্সি | জনমাস | ৩০ জনমাস | ৩৯০২.৮৮ | ৩০ জনমাস | ৩৬৬৫.০৭১৫৯ (৯৩.৯০৬%) |

| ক্র: নং | ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ | ইউনিট/ পরিমাণ | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক (%) |
| ৬ | টেস্টিং ফি | থোক | থোক | ১২.৪৫ | ১২.৬৭৭৫১ | ১২.৬৭৭৫১ (১০১.৮২৭৩৯%) |
| ৭ | সার্ভে | থোক | থোক | ১০.৭৭ | ৮.৬৪২৩০ | ৮.৬৪২৩০ (৮০.২৪৪%) |
| ৮ | হায়ারিং চার্জ (অফিস, সিকিউরিটি, ক্লিনিং ইত্যাদি) | থোক | থোক | ১৪.০০ | ১৪.৪৮৮৫৩ | ১৪.৪৮৮৫৩ (১০৩.৪৮%) |
| ৯ | ইআইএ স্টাডি | থোক | থোক | ১৫.৯০ | ৭.০৩০০০ | ৭.০৩০০০ (৪৪.২১৩%) |
| ১০ | অন্যান্য (টিএ,ডিএ,ওটি,পেট্রোল, যানবাহন,মেরামত, স্টেশনারী, টেলিফোন ইত্যাদি) | থোক | থোক | ১৮৯.৫০ | ১৭৮.৮৫৪০৯ | ১৭৮.৮৫৪০৯ (৯৪.৩৮২%) |
| ১১ | যানবাহন | যানবাহনের সংখ্যা | ৭টি | ১০৬.৮০ | ১টি জীপ ও ১টি মোটর সাইকেল | ৫৪.৩২৫০০ (৫০.৮৬৬%) |
| ১২ | টুলস এ্যান্ড প্ল্যান্টস | থোক | থোক | ১১২৭২.৪১ | ১২৮২৪.৩৪০৭৭ | ১২৮২৪.৩৪০৭৭ (১১৩.৭৬৭%) |
| ১৩ | অফিস ইক্যুইপমেন্ট | থোক | থোক | ১৮.৩০ | ২.৯০৬৯৪ | ২.৯০৬৯৪ (১৫.৮৮৪%) |
| ১৪ | অফিস আসবাবপত্র | থোক | থোক | ৫.৪২ | ০.৪৫০৯০ | ০.৪৫০৯০ (৮.৩১৯%) |
| ১৫ | বৈদ্যুতিক যন্ত্র ও যন্ত্রপাতি | লট | লট | ৭৪৮৫১.৩৩ | ৭৪৮৫১.২৫০১৪ | ৭৪৮৫১.২৫০১৪ (৯৯.৯৯৯%) |
| ১৬ | ভূমি অধিগ্রহণ | একর | ১১৩.৪৩ একর | ৭৬৪.১৯ | ১১৩.৪৩ একর | ৭৭২.৪৯৩২৭ (১০১.০৮৬%) |
| ১৭ | ভূমি উন্নয়ন | ঘনমিটার | ২২৯২৫৪৬ ঘ:মি: | ৫০৯৯.১৩ | ২২৯২৫৪৬ ঘ:মি: | ৪৩৪০.২২৫৯৪ (৮৫.১১৬%) |
| ১৮ | আবাসিক ভবন নির্মাণ | ব:ফু: | ৩২০০ ব:ফু: | ৭৪.০২ | -- | -- |
| ১৯ | অন্যান্য ভবন (অনাবাসিক) নির্মাণ | থোক | থোক | ৬৯৭৬.৭০ | ৫৬৩০.০৭৮২৫ | ৫৬৩০.০৭৮২৫ (৮০.৬৯৮%) |
| ২০ | স্থাপন ব্যয় (ফাউন্ডেশন, ইরেকশন, টেস্টিংও কমিশনিং) | থোক | থোক | ১৩১০৩.১৩ | ১৫৬৪২.০৬৬৫৩ | ১৫৬৪২.০৬৬৫৩ (১১৯.৩৭%) |
| ২১ | সিডি ভ্যাট এবং অন্যান্য চার্জ | থোক | থোক | ২৬৬৪২.৫৬ | ২৩৬৯৮.৬১৯৬১ | ২৩৬৯৮.৬১৯৬১ (৮৮.৯৫০%) |
| ২২ | থোক বরাদ্দ (আয় কর) | - | | ২৪৩৫.১৮ | -- | -- |
| ২৩ | নির্মাণকালীন সুদ | থোক | থোক | ৪৭৭১.৩৩ | ৪৯৩৩.২৭৭৮৭ | ৪৯৩৩.২৭৭৮৭ (১০৩.৩৯৪%) |
| ২৪ | ফিজিক্যাল কন্টিনজেন্সি | থোক | থোক | ২৫৮.৩৯ | ২৭৬৭.৭৯০০০ | ২৭৬৭.৭৯০০০ (১০৭১.১৬৭%) |
| ২৫ | প্রাইস কন্টিনজেন্সি | থোক | থোক | ৪৩৮৯.০৪ | ১১৮.০৭০০০ | ১১৮.০৭০০০ (২.৬৯০%) |
| সর্বমোট = | | | | ১৫৭৯৮২.৯৭ | | ১৪৯৩১০.১৮০৪৮ **(৯৪.৫১০%)** |

পৃষ্ঠা-৩/৯

## ৮। পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

### ৮.১ প্রধান প্রধান অঙ্গের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ:

৮.১.১ ৫০০ মেগাওয়াটের একটি HVDC Back to Back Station **নির্মাণ:**

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার রামকৃষ্ণপুরে স্টেশনটি নির্মাণ করা হয়েছে। এ স্টেশনে স্থাপিত গ্রীড আন্ত:সংযোগের মাধ্যমে বাংলাদেশ ও ভারতের মধ্যে বিদ্যুৎ আদান প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে। একক ফেইজের ৪০০ কেভির ৪টি ট্রান্সফর্মার, একক ফেইজের ২৩০ কেভির ৪টি ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে; তন্মধ্যে ৩টি একক ফেইজের ৪০০ কেভির ট্রান্সফর্মার বর্তমানে চালু আছে এবং ৪০০ কেভির ১টি ট্রান্সফর্মার সংরক্ষিত (reserve) রাখা হয়েছে। একক ফেইজের ৪০০/২৩০ কেভির প্রতিটি ট্রান্সফর্মারের ক্ষমতা হচ্ছে ২০১ এমভিএ।

৮.১.২ ভারত (বহরমপুর) থেকে বাংলাদেশ (ভেড়ামারা) পর্যন্ত ট্রান্সমিশন লাইন এবং কুষ্টিয়া (ঈশ্বরদী) থেকে খুলনা পর্যন্ত ট্রান্সমিশন লাইন নির্মাণ:

ভারত (বহরমপুর) থেকে বাংলাদেশ (ভেড়ামারা) পর্যন্ত ২৭.৩৩৫ কি:মি: দৈর্ঘ্যের ৪০০ কেভি ডাবল সার্কিট ওভারহেড ট্রান্সমিশন লাইন স্থাপন করা হয়েছে। এ ট্রান্সমিশন লাইনের মাধ্যমে দুই দেশের মধ্যে গ্রীড আন্ত:সংযোগ স্থাপিত হয়েছে বিধায় বিদ্যুৎ আদান প্রদান করা সম্ভব হবে। এ ট্রান্সমিশন লাইনে ৭৮টি ল্যাটিস টাইপ গ্যালভানাইজড ইস্পাত টাওয়ার এবং ৪টি অতিরিক্ত টাওয়ার অবস্থিত।

নবনির্মিত ৫০০ মে:ও: এইচভিডিসি ব্যাক টু ব্যাক স্টেশন থেকে ঈশ্বরদী হয়ে খুলনা পর্যন্ত ৪.৫১৩ কি:মি: দৈর্ঘ্যের ২৩০ কেভির LILO (Line in Line Out) ডাবল সার্কিটের ওভারহেড ট্রান্সমিশন লাইন সংযোগ প্রদান করা হয়েছে। এ সংযোগের মাধ্যমে দেশের দক্ষিণাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে। এ ট্রান্সমিশন লাইন ১৫টি ল্যাটিস টাইপ গ্যালভানাইজড ইস্পাত টাওয়ার দ্বারা গঠিত।

৮.১.৩ ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন: প্রকল্পের অধীনে ১১২.৬৩০ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা হয়েছে। ১১২.৬৩০ একরের মধ্যে ০.৫০০ একর বেসরকারি ভূমি, ০.৩০৫ একর সরকারি খাস জমি এবং অবশিষ্ট ভূমি বাংলাদেশ রেলওয়ের ছিল। অধিগ্রহণকৃত ভূমি নীচু এলাকায় ছিল বিধায় তা উন্নয়নের জন্য পিজিসিবি ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর ডাইরেক্টরেট অব ড্রেজারস-এর মধ্যে গত ২১ জুলাই ২০১০ তারিখে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

পৃষ্ঠা-৪/৯

ভূমি উন্নয়ন কাজের অংশ হিসাবে পদ্মা নদীর তলদেশ থেকে মাটি খনন করে বন্যা লেভেল থেকে গড়ে ৫.৬২ মিটার উচুতে প্রকল্প এলাকায় মাটি ভরাট করা হয়। আরডিপিপিতে সংস্থানমতে ২২,৯২,৫৪৬ ঘন মিটারের বিপরীতে প্রকৃত পক্ষে ২১,৫৬,১৩০.৪৭ ঘন মিটার মাটি ভরাটের কাজ সম্পন্ন করা হয়। চুক্তি অনুসারে মাটি ভরাট সম্পন্নের নির্ধারিত তারিখ ২১ জুলাই ২০১১ তারিখের পর গত ১৮ জুলাই ২০১২ তারিখে মাটি ভরাটের কাজ সম্পন্ন করা হয়।

৮.১.৪ পরামর্শক সেবা: এ প্রকল্পের অধীনে বাংলাদেশ ও ভারতের মধ্যে বৈদ্যুতিক গ্রীড আন্ত:সংযোগ স্থাপন ও সংশ্লিষ্ট ট্রান্সমিশন লাইন স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শক সেবা প্রদান সম্পর্কিত এক চুক্তি পিজিসিবি ও পাওয়ার গ্রীড কর্পোরেশন অব ইন্ডিয়া লিমিটেডের মধ্যে গত ২৭ এপ্রিল ২০১০ তারিখে স্বাক্ষরিত হয়। পাওয়ার গ্রীড কর্পোরেশন অব ইন্ডিয়া লিমিটেড ভারত সরকারের একটি পাবলিক লিমিটেড কর্পোরেশন। চুক্তির অধীনে ভারতের এ কর্পোরেশনের ২১ (একুশ) জন পরামর্শক আলোচ্য প্রকল্পে কাজ করেন। পরামর্শক দল দরপত্র সংক্রান্ত ডকুমেন্ট প্রণয়ন ও চূড়ান্তকরণ, দরপত্র মূল্যায়ন ও চূড়ান্তকরণ, প্রাক দরপত্র ও দরপত্র আহ্বান পরবর্তী ঠিকাদারের ড্রয়িং পুনরীক্ষণ এবং বিস্তারিত প্রকল্প প্রতিবেদন প্রণয়নে কাজ করেন। চুক্তি অনুসারে পরামর্শক সেবা সম্পাদনের নির্ধারিত মেয়াদ ২৭ নভেম্বর ২০১২ তারিখের পর ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে পরামর্শক সেবা অঙ্গ সম্পন্ন হয়।

**৯| প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য:**

| ক্র: নং | কাজের নাম/ প্যাকেজের নাম | দরপত্র ডকুমেন্ট প্রস্তুতের তারিখ | দরপত্র আহ্বানের তারিখ | দরপত্র প্রাপ্তির তারিখ | পিজিসিবি বোর্ড কর্তৃক দরপত্রের কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ | দাতা সংস্থা (এডিবি) কর্তৃক কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ | পিজিসিবি কর্তৃক আর্থিক প্রস্তাব মূল্যায়ন অনুমোদনের তারিখ | দাতা সংস্থা (এডিবি) কর্তৃক আর্থিক প্রস্তাব অনুমোদনের তারিখ | -চুক্তি স্বাক্ষরের তারিখ<br>-ঠিকাদারের নাম<br>- চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ<br>- বাস্তবে কার্য সম্পাদনের তারিখ<br>-চুক্তি মূল্য<br>- পরিশোধিত মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | কুষ্টিয়ার ভেড়ামারায় ১×৫০০ মে:ও: HVDC ব্যাক টু ব্যাক স্টেশনের ডিজাইন, সাপ্লাই, ডেলিভারী, ইনস্টলেশন, টেস্টিং ও কমিশনিং | ১৬ ফেব্রুয়ারি, ২০১০ | ২৮ ফেব্রুয়ারি, ২০১০ | ২০ মে, ২০১০ (১ম পর্যায়)<br>৮ নভেম্বর, ২০১০ (২য় পর্যায়) | ২৪ আগস্ট, ২০১০ | ৩০ সেপ্টেম্বর, ২০১০ | ২১ ডিসেম্বর, ২০১০ | ৩১ জানুয়ারি, ২০১১ | - ২৯ মার্চ, ২০১১<br>-M/S Siemens AG, Germany<br>- ২৮ মার্চ, ২০১৩<br>- ১৫ ডিসেম্বর, ২০১৩<br>- ৭৭,৭৯০,৩৩৯ ইউরোর সমপরিমাণ ১,৬২৫,১৫৪,৯৯৭/- টাকা<br>- ৭৭,৭৯,৩৩৮.১৬ ইউরোর সমপরিমাণ ১,৬২৪,৯৪৮,৬২১/- টাকা |
| ২ | ভারত (বহরমপুর) থেকে বাংলাদেশ (ভেড়ামারা) পর্যন্ত ২৭.৩৩৫ কি:মি: ৪০০ কেভি ডাবল সার্কিট ওভারহেড ট্রান্সমিশন লাইন এবং ৫০০ মে:ও: এইডভিডিসি ব্যাক টু ব্যাক স্টেশন থেকে ঈশ্বরদী হয়ে খুলনা পর্যন্ত ৪.৫১৩ কি:মি: ২৩০ কেভির LILO ডাবল সার্কিট ওভারহেড ট্রান্সমিশন লাইন স্থাপনের ডিজাইন, সাপ্লাই, ডেলিভারী, ইনস্টলেশন, টেস্টিং ও কমিশনিং | ১৬ ফেব্রুয়ারি, ২০১০ | ২৮ ফেব্রুয়ারি, ২০১০ | ২৬ এপ্রিল, ২০১০ | ২০ অক্টোবর, ২০১০ | ৩ নভেম্বর, ২০১০ | ২৮ সেপ্টেম্বর, ২০১০ | ৩ নভেম্বর, ২০১০ | - ৩০ ডিসেম্বর, ২০১০<br>- M/S. Cobra Instalacionnes Y Servicios S.A. Spain<br>- ৩০ জুন, ২০১২<br>- ৩০ জুন, ২০১৩<br>৯,৭৪১,৯২১.৯৪ মার্কিন ডলারের সমপরিমাণ<br>৩৫৯,৯৫৯,৮৮১.৯০ টাকা<br>৯,৬৪১,৪২৮.০৩ মার্কিন ডলারের সমপরিমাণ<br>২৯০,৬৮৩,৫৭৩.৫৮ টাকা |
| ৩ | কুষ্টিয়ার ভেড়ামারায় ১×৫০০ মে:ও: HVDC ব্যাক টু ব্যাক স্টেশনের জন্য পদ্মা নদীর তলদেশ থেকে ড্রেজিংয়ের মাধ্যমে ভূমি উন্নয়ন | | | | | | | | -২১ জুলাই, ২০১০<br>- Directorate of Dredgers, BWDB<br>- ২১ জুলাই, ২০১১<br>- ১৮ জুলাই, ২০১২<br>- ৪৯৮.৭২২ মি: টাকা<br>- ৪৩৪.০২ মিলিয়ন টাকা |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | কুষ্টিয়ার ভেড়ামারায় ১×৫০০ মে:ও: HVDC ব্যাক টু ব্যাক স্টেশন স্থাপন ও সংশ্লিষ্ট ট্রান্সমিশন লাইন স্থাপন কাজের পরামর্শক সেবা | | | | | | | | - ২৭ এপ্রিল, ২০১০<br>- M/S, Power Grid Corporation of India Ltd.<br>- ২৭ নভেম্বর, ২০১২<br>- ৩১ ডিসেম্বর, ২০১৩<br>- ৭৪,৯০০ মিলিয়ন মার্কিন ডলার ও ২১১ মি: ভারতীয় রুপি<br>- ৭৪,৯০০ মিলিয়ন মার্কিন ডলার ও ২১১ মিলিয়ন ভারতীয় রূপি |

পরিদর্শনকালে আলোচনার মাধ্যমে জানা যায় যে, প্যাকেজ ৩ এর বিষয়ে ১ অক্টোবর, ১৯৯৭ তারিখে জারিকৃত পিজিসিবি'র Delegation of Administrative and Financial Approval –এর E (ii) অনুচ্ছেদ অনুসারে বাজেটে প্রয়োজনীয় সংস্থান থাকা সাপেক্ষে এবং নির্ধারিত প্রক্রিয়ায় দরপত্র মূল্যায়ন সমাপ্তকরণের পর সরকার নিয়ন্ত্রিত রেইটে সরকারের প্রতিনিধিত্বমূলক এন্টারপ্রাইজ থেকে দরপত্র আহ্বান ব্যতীত ক্রয়ের বিধান রয়েছে। উক্ত বিধান অনুসারে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর Directorate of Dredgers-এর সঙ্গে গত ২১ জুলাই, ২০১০ তারিখে স্বাক্ষরিত এক চুক্তির মাধ্যমে প্যাকেজ ৩-এর কাজ উক্ত সংস্থাকে প্রদান করা হয়।

পৃষ্ঠা-৬/৯

প্যাকেজ ৪-এর বিষয়ে উল্লেখ করা যাচ্ছে যে, বিদ্যুৎ সেক্টরে বাংলাদেশ ও ভারতের মধ্যে সহযোগিতা সংক্রান্ত সমঝোতা স্মারক বাস্তবায়ন বিষয়ে ভারতের নয়াদিল্লীতে সচিব পর্যায়ে যৌথ স্টিয়ারিং কমিটির প্রথম সভা গত ১২ জানুয়ারি, ২০১০ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার স্বাক্ষরিত কার্যবিবরণীর ৭ম অনুচ্ছেদ অনুসারে ভারতের Power Grid Corporation of India Limited (PGCIL)-কে আলোচ্য প্রকল্পের পরামর্শক হিসাবে কাজ করার জন্য বাংলাদেশের পক্ষ থেকে অনুরোধ করা হলে PGCIL পরামর্শক সেবা প্রদান বিষয়ে এক প্রস্তাব ভারতের পক্ষ থেকে গত ২৮ জানুয়ারি, ২০১০ তারিখে সচিব, বিদ্যুৎ বিভাগ বরাবরে পেশ করা হয়। সে পরিপ্রেক্ষিতে PGCIL এর সঙ্গে গত ২৭ এপ্রিল, ২০১০ তারিখে এক চুক্তি স্বাক্ষরিত হয় এবং PGCIL কে আলোচ্য প্রকল্পের পরামর্শক নিয়োগ করা হয়।

**১০। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| (ক) বাংলাদেশ-ভারত আন্ত:সংযোগ গ্রীড নির্মাণের মাধ্যমে দুই দেশের মাঝে বিদ্যুৎ আদান প্রদান নিশ্চিত করা। | কুষ্টিয়ার ভেড়ামারায় HVDC ব্যাক টু ব্যাক স্টেশন নির্মাণ এবং নতুন সঞ্চালন লাইন স্থাপনের মাধ্যমে বাংলাদেশ-ভারতের মধ্যে বিদ্যুৎ আদান প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে। |
| (খ) উভয় দেশের আর্থ সামাজিক উন্নয়নের নিমিত্তে বর্ধিত বিদ্যুৎতের যোগান দেওয়া। | বর্ধিত বিদ্যুতের যোগান দেওয়ার মাধ্যমে শিল্প কারখানা,কৃষি খাত সহ বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন ঘটেছে । |

**১১। অডিট সংক্রান্ত তথ্য:**

২০১০-১১ থেকে ২০১৩-১৪ পর্যন্ত চার অর্থ বছরে ৪ বার অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয় এবং ৪৬টি অডিট আপত্তি উত্থাপিত হয়। ৪৬টির মধ্যে ৪৪টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ২টি অডিট আপত্তির জবাব প্রেরিত হয়েছে। বর্ণিত অর্থ বছরসমূহে FAPAD কর্তৃক ৪ বার External অডিট সম্পন্ন হয়েছে এবং ৩১টি আপত্তি উত্থাপিত হয়। তন্মধ্যে ২১টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে, ১০টি আপত্তির জবাব বিদ্যুৎ বিভাগে প্রেরিত হয়েছে এবং ১টি আপত্তির বিষয়ে সংশ্লিষ্ট কার্যালয়ে তথ্য চাওয়া হয়েছে। প্রকল্প মেয়াদ কালে ১১মে ২০১৪ তারিখে একবার সিভিল অডিট অধিদপ্তর কর্তৃক অডিট সম্পন্ন হয় এবং ৩টি আপত্তি উত্থাপিত হয়। ২টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ১টির জবাব সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

পৃষ্ঠা-৭/৯



চিত্র: ১ ৪০০ কেভি ভারত (বহরমপুর)-বাংলাদেশ (ভেড়ামারা) ২৭.৩৩৫ কি:মি: ডাবল সার্কিট ওভারহেড ট্রান্সমিশন লাইন



চিত্র: ২ স্থাপিত কনভার্টার ট্রান্সফরমার



চিত্র:৩ HVDC স্টেশন সুইচইয়ার্ড যন্ত্রপাতি

**১২| সমস্যা:**

১২.১ প্রকল্প ব্যয় ও মেয়াদ বৃদ্ধি : মূল প্রকল্পটি জুলাই, ২০১০ থেকে জুন, ২০১২ পর্যন্ত ২ (দুই) বছর মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল এবং মূল প্রাক্কলিত ব্যয় ছিল ১০৭,৮৬৯.২৯ লক্ষ টাকা। জানা যায় যে, প্রকল্পের ট্রান্সমিশন লাইন স্থাপন সংক্রান্ত দরপত্রের মূল্য সঠিকভাবে নির্ধারিত হয়নি বিধায় পরবর্তীতে তা বৃদ্ধি পায় এবং টুল, প্ল্যান্টস ও স্পেয়ার আইটেমের মূল্য বৃদ্ধিসহ অন্যান্য কারণে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৫৭,৯৮২.৯৭ লক্ষ টাকায় বৃদ্ধি পায়। অন্যান্যর মধ্যে আরও জানা যায় যে, ভূমি অধিগ্রহণের বিলম্বের কারণে বাস্তবায়নকাল দুই বছর বৃদ্ধি করার প্রয়োজন হয় (অনুচ্ছেদ ৫) ;

১২.২ অনুমোদিত বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত ব্যয়: প্রকল্পের অনুমোদিত আরডিপিপি-তে কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা, টেস্টিং ফি, হায়ারিং চার্জ, টুলস্ এ্যান্ড প্ল্যান্টস, নির্মাণকালীন সুদ ও ফিজিক্যাল কন্টিনজেন্সি অঙ্গের ক্ষেত্রে বরাদ্দের তুলনায় অতিরিক্ত ব্যয় হয়েছে (অনুচ্ছেদ ৭);

১২.৩ দরপত্র প্রক্রিয়াকরণে দীর্ঘ সময় গ্রহণ: দরপত্র আহ্বান থেকে চুক্তির তারিখ পর্যন্ত দীর্ঘ সময় অতিবাহিত হয়েছে যা কাঙ্খিত নয় (অনুচ্ছেদ ৯);

১২.৪ নির্ধারিত সময়ের পর চুক্তি বাস্তবায়ন: প্রকিউরমেন্টের ৪টি প্যাকেজের ক্ষেত্রে চুক্তি অনুযায়ী নির্দিষ্ট সময়ের পর কার্য সম্পাদন করা হয়েছে (অনুচ্ছেদ ৯);

১২.৫ পর্যাপ্ত বনায়ন ও ড্রেনেজের অভাব: পরিদর্শনকালে HVDC ব্যাক টু ব্যাক স্টেশন এলাকায় বৃক্ষের সংখ্যা খুবই কম এবং ভারী বৃষ্টিপাতের কারণে পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত ড্রেনেজ ব্যবস্থা পরিলক্ষিত হয়নি;

১২.৬ অডিট সংক্রান্ত: FAPAD ও সিভিল অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত যথাক্রমে ১০টি ও ১টি আপত্তি এখনও নিষ্পত্তি হয়নি (অনুচ্ছেদ ১১); এবং

১২.৭ পিসিআর প্রেরণ সংক্রান্ত: প্রকল্প সমাপ্তির ১ বছর ৪ মাস পর পিসিআর প্রেরণ করা হয়।

পৃষ্ঠা-৮/৯

## ১৩। সুপারিশ/মতামত:

১৩.১ ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবতার ভিত্তিতে ব্যয় ও সময় নির্ধারণ এবং নির্ধারিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করা প্রয়োজন (অনুচ্ছেদ ১২.১);

১৩.২ আরডিপিপি'র কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা, টেস্টিং ফি, হায়ারিং চার্জ, টুলস্ এ্যান্ড প্ল্যান্টস, নির্মাণকালীন সুদ ও ফিজিক্যাল কন্টিনজেন্সি অঙ্গের ক্ষেত্রে বরাদ্দের তুলনায় বেশি ব্যয় হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ অবিলম্বে আইএমইডিকে অবহিত করবে (অনুচ্ছেদ ১২.২);

১৩.৩ দরপত্র আহ্বান থেকে চুক্তির তারিখ পর্যন্ত দীর্ঘ সময় অতিবাহিত হয়েছে যা কাঙ্খিত নয়। ভবিষ্যতে বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে পিজিসিবি দরপত্র প্রক্রিয়াকরণের সময় যৌক্তিক পর্যায়ে হ্রাস করার বিষয়ে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১২.৩);

১৩.৪ ভবিষ্যতে দরপত্রের চুক্তি অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে কার্য সম্পাদনের বিষয়ে পিজিসিবি সচেষ্ট থাকবে (অনুচ্ছেদ ১২.৪);

১৩.৫ নবনির্মিত HVDC ব্যাক টু ব্যাক স্টেশন এলাকায় প্রয়োজনীয় সংখ্যক বৃক্ষরোপণের উদ্যোগ এবং পর্যাপ্ত পানি নিষ্কাশন ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ ১২.৩);

১৩.৬ ভবিষ্যতে প্রকল্পের অধীনে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত যাবতীয় কর্মকান্ড ত্বরান্বিতকরণের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে সমন্বয়পূর্বক বাস্তবায়নকারী সংস্থা পর্যায়ে সুপারভিশন ও ফলো-আপ জোরদার করতে হবে (অনুচ্ছেদ ১২.১);

১৩.৭ প্রকল্পটি নতুন ধরনের বিধায় নবনির্মিত HVDC ব্যাক টু ব্যাক স্টেশন ও এর যাবতীয় যন্ত্রপাতি/সরঞ্জামের মাসিক/ষান্মাসিক/বার্ষিক রক্ষণাবেক্ষণ বাস্তবায়নকারী সংস্থা নিশ্চিত করবে;

১৩.৮ প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে পিসিআর আইএমইডিতে প্রেরণের বিষয়টি মন্ত্রণালয়/বিভাগ নিশ্চিত করবে (অনুচ্ছেদ ১২.৫); এবং

১৩.৯ অনুচ্ছেদ ১৩.১ – ১৩.৭ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

**"Installation/ Shifting of 132kV, 33kV, 11kV & 0.4 kV Underground/Overhead line along Mayor Mohammad Hanif Flyover Project of DCC"**

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৪)

**১। প্রকল্পের নাম** : **"Installation/ Shifting of 132kV, 33kV, 11kV & 0.4 kV Underground/Overhead line along Mayor Mohammad Hanif Flyover Project of DCC"**

**২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ

**৩। বাস্তবায়নকারী সংস্থা** : Dhaka Power Distribution company Ltd (ডিপিডিসি)

**৪। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন সময়** :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র:সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৭৮১৬.৬৬ | -- | ৬৩২৬.৬৮ | জানুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৩ | জানুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৪ | জানুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৪ | (-)১৪৮৯.৯৮ (-১৯.০৬%) | ১(এক) বছর (২০০%) |

**৫। প্রকল্পের অর্থায়ন:**

(ক) জিওবি:

(লক্ষ টাকায়)

| মোট | ঋণ | অনুদান | Cash Foreign Exchange |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২৫০০.০০ | ০.০০ | ২৫০০.০০ | প্রযোজ্য নয় |

(খ) প্রকল্প সাহায্য: প্রযোজ্য নয়

(গ) ডিপিডিসি'র নিজস্ব অর্থায়ন: ৫৩১৬.৬৬ লক্ষ টাকা

**৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

**৭। প্রকল্প এলাকা:** ঢাকা মহানগরীর যাত্রাবাড়ি হতে গুলিস্তান পর্যন্ত।

৮। **প্রকল্পের পটভূমি:** ঢাকা সিটি কর্পোরেশনের আওতায় মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার (যাত্রাবাড়ি-সায়েদাবাদ-গুলিস্তান-নিমতলী) নির্মাণ করার সময় এই ফ্লাইওভারের এলাইনমেন্ট সংলগ্ন প্রায় ২.৬ কি:মি:, ১৩২ কেভি আন্ডার গ্রাউন্ড ক্যাবল এবং ২০ কি:মি: ৩৩ কেভি ওভারহেড ক্যাবল ছিল যা স্থানান্তর/পুনঃস্থাপনের প্রয়োজন হয়। মূল ফ্লাইওভার প্রকল্পের সাথে ইউটিলিটি লাইন স্থাপন/অপসারণ করার কথা থাকলেও সিটি কর্পোরেশন তা না করে বিদ্যুৎ বিভাগকে অনুরোধ করে এবং এতে ডিপিডিসি'র উপর আর্থিক চাপ পড়ে। এ প্রেক্ষিতে প্রকল্পের আওতায় ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় ভূ-গর্ভস্থ ক্যাবল স্থাপনের জন্য রোড কাটিং চার্জ বাবদ যে পরিমাণ অর্থ ডিপিডিসি কর্তৃক সিটি কর্পোরেশনকে পরিশোধ করতে হবে তা গত ০৯/০৪/২০১২ তারিখে মাননীয় স্থানীয় সরকার প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মওকুফ করার সিদ্ধান্ত হয়। মোট প্রকল্প ব্যয়ের একটা অংশ (২৫.০০ কোটি টাকা) জিওবি অর্থায়নে এবং অবশিষ্ট অর্থ ডিপিডিসি কর্তৃক নির্বাহ করার জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯। **প্রকল্পের উদ্দেশ্য:** ঢাকা সিটি কর্পোরেশনের আওতায় নির্মিত মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভারের এলাকা সংলগ্ন আন্ডারগ্রাউন্ড /ওভারহেড বৈদ্যুতিক ক্যাবলসমূহ স্থানান্তর করা এবং নতুন রুটে ক্যাবলসমূহ স্থাপন করে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।

১০। **প্রকল্পের অনুমোদন অবস্থা:** প্রকল্পটি মোট ৭৮১৬.৬৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১৩ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৯/০২/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়।

১১। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

ডিপিডিসি থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| ক্র: নং | অংগের নাম | ডিপিপি অনুযায়ী অংগের প্রাক্কলিত ব্যয় | জুন, ২০১৪ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | আর্থিক | আর্থিক | বাস্তব (%) |
| ১ | ২ | ৪ | ৫ | ৬ |
| ১ | মেশিনারিজ এন্ড ইকুইপমেন্ট | ৬৯৩৬.২৯ | ৫২৩৪.২৪ | ১০০% |
| ২ | সিডি এন্ড ভ্যাট | ০.০০ | ০.০০ | - |
| ৩ | ক্যাপিটাল ব্লক অ্যালোকেশন | ০.০০ | ০.০০ | - |
| ৪ | ইন্সটলেশন, টেস্টিং এন্ড কমিশনিং | ৮৮০.৩৬ | ১০৯২.৪৪৪ | ১০০% |
| ৫ | ইন্টারেস্ট ডিউরিং কনট্রাকশন | ০.০০ | ০.০০ | - |
| ৬ | কন্টিনজেন্সি | ০.০০ | ০.০০ | - |
| | মোট = | ৭৮১৬.৬৫ | ৬৩২৬.৬৮৫ | ১০০% |

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :**

| ক্র: নং | নাম ও পদবী | মেয়াদকাল |
|---|---|---|
| ১) | জনাব শফিউল ইসলাম খান,<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ০১/০২/২০১১ হতে ৩০/১২/২০১৩ |
| ২) | জনাব এ.এস.এম. মাহমুদুল হক,<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ২২/০১/২০১৪ হতে ৩০/০৬/২০১৪ |

**১৩। পরিদর্শন:** গত ২৫/১০/২০১৫ তারিখে আইএমই বিভাগের সহকারী পরিচালক (বিদ্যুৎ) জনাব মো: তাওসীফ রহমান প্রকল্প এলাকা এবং প্রকল্প পরিচালকের দপ্তর পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

**১৪। পর্যবেক্ষণ/ বাস্তবায়ন সমস্যা:**

১৪.১। মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার প্রকল্পের লাইন স্থাপনের কাজ শুরু করা হলে ঢাকা সিটি কর্পোরেশনের অনুরোধের প্রেক্ষিতে বিভিন্ন সময়ে উক্ত প্রকল্প এলাকার বিভিন্ন জায়গায় কাজ করা হয়। ফ্লাইওভারের এলাইনমেন্টের ডিপিডিসি 'র বিদ্যমান বিদ্যুৎ লাইন সমূহ ফ্লাইওভার নির্মাণ কাজে বিঘ্ন সৃষ্টি করায় ফ্লাইওভার কর্তৃপক্ষ তাদের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সময়ে বিভিন্ন কাজ করার অনুরোধ জানান। প্রথম দিকে তাদের অনুরোধের প্রেক্ষিতে বেশ কিছু লাইন স্থানান্তর করা হয় এবং কিছু কিছু স্থানে ১১ কেভি লাইন ভূ -গর্ভস্থ করা হয়। পরবর্তীতে বেশ কিছু দিন কাজ বন্ধ থাকার পরে তারা পুনরায় বিভিন্ন স্থানে জরুরি ভিত্তিতে লাইন স্থানান্তর করার অনুরোধ জানায়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক যথাসময়ে ফ্লাইওভার উদ্বোধনের স্বার্থে সে সময়ে অত্যন্ত দ্রুততার সাথে লাইনসমূহ স্থানান্তর করা হয়। কিছু কিছু স্থানে পূর্বেই অস্থায়ীভাবে লাইন স্থানান্তর করা হয়েছিল কিন্তু বর্তমানে আবার সেই সকল স্থানে লাইন পুনঃস্থাপনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় ফ্লাইওভার কর্তৃপক্ষের অনুরোধে সে সকল লাইনসমূহ ভূ -গর্ভস্থ কেবলের মাধ্যমে স্থানান্তর করা হয়। এছাড়াও ফ্লাইওভার প্রকল্পের কাজের জন্য তাদের ক্রেন এবং অন্যান্য ইকুইপমেন্ট মুভমেন্ট এর জন্য কিছু কিছু স্থানে ট্রান্সফরমার সহ ১১ কেভি বৈদুতিক লাইন স্থানান্তর করা হয়।

১৪.২। এছাড়াও ফ্লাইওভার উদ্বোধন হওয়ার পরে নিমতলী এলাকায় ফ্লাইওভারের পার্শ্ব রাস্তা করার ফলে বিদ্যমান পোল সমূহ উক্ত রাস্তার এলাইনমেন্টের মধ্যে পড়ে যায়। ফলে গুলিস্থান এলাকা হতে চাঁনখারপুল মোড় পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে লাইন সমূহ স্থানান্তর করা প্রয়োজন হয়। বিষয়টি ডিপিডিসি'র উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হলে চলমান কার্যাদেশের আওতায় কাজটি করার জন্য পূর্বে প্রণীত 'জব'টি সংশোধন করা হয়। ফলে প্রকল্পের কাজ পুনরায় বিলম্বিত হয়।

১৪.৩। ডিপিডিসি'র নারিন্দা-কাজলা সার্কিট-১ এর আংশিক ফ্লাইওভারের ডেমরা রোডস্থ টোল প্লাজার নীচে থাকার কারনে উক্ত লাইনটি স্থানান্তরের জন্য একটি নতুন জব প্রণীত হয়, যা ভু-গর্ভস্থ ক্যাবল (দক্ষিন) বিভাগের আওতায় বাস্তবায়িত হয়।

১৪.৪। প্রকল্পের আওতায় সকল ৩৩ কেভি ও ১১ কেভি আন্ডারগ্রাউন্ড/ওভারহেড ক্যবলসমূহ স্থানান্তর করা হয়েছে এবং প্রয়োজন অনুযায়ী লাইন পুনঃনির্মাণ করা হয়েছে। তবে ঢাকা সিটি কর্পোরেশনের সাথে কাজের সমন্বয়হীনতার কারণে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়েছে।

**১৫। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য:**

(In lakh Taka)

| Description of procurement (goods/works/consultancy) as per bid document | Tender /Bid/ proposal cost | | Tender/Bid/ proposal | | Date of completion of work/Services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per DPP (in lakh Taka) | Contracted value | Invitation Date | Contract signing/ LC opening Date | As per contract | Actual |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| Installation of 132 kV Underground line | Machineries and equipment cost: 6936.29 | 4573.18 | 29/01/2013 | 28/02/2013 | 30/06/2013 | 30/06/2013 |
| Installation 33 kV Underground line(part-1) | | 1061.77 | 31/01/2013 | 03/03/2013 | 30/06/2013 | 30/06/2013 |
| Installation 33 kV Underground line(part-2) | | 41.48 | 08/01/2014 | 12/03/2014 | 30/06/2014 | 30/06/2014 |
| 33 kV, 11kV, 0.4 kV Overhead line and 11/0.4 kV Distribution Transformer shifting | | 650.24 | 20/03/2013 | 25/04/2013 | 30/06/2014 | 30/06/2014 |
| | Total cost as per DPP: 6936.29 | Total Contracted value: 6326.68 | | | | |

## প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ




চিত্র-১: কালীমন্দিরের নিকটে ইলেকট্রিক ও টিএনটি পোস্ট




চিত্র-২: নিমতলী গেটের নিকটে ইলেকট্রিক ও টিএনটি পোস্ট




চিত্র-৩: নিমতলী গেট ও নিমতলী ডিসিসি সুপার মার্কেটের নিকটে ইলেকট্রিক ট্রান্সফর্মার




চিত্র-৪: বাংলাবাজারের নিকটে ইলেকট্রিক পোস্ট ও ইলেকট্রিক ট্রান্সফর্মার

**১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ঢাকা সিটি কর্পোরেশনের আওতায় নির্মিত মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভারের এলাকা সংলগ্ন আন্ডারগ্রাউন্ড /ওভারহেড বৈদ্যুতিক ক্যাবলসমূহ স্থানান্তর করা এবং নতুন রুটে ক্যাবলসমূহ স্থাপন করে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা। | প্রকল্পের আওতায় মোহাম্মদ হানিফ ফ্লাইওভারের সংলগ্ন অংশে সকল ৩৩ কেভি ও ১১ কেভি আন্ডারগ্রাউন্ড/ওভারহেড ক্যবলসমূহ স্থানান্তর করা হয়েছে এবং পুনঃনির্মাণ করা হয়েছে। অতএব প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে। তবে ২০০% টাইম ওভার রান হয়েছে বিধায় প্রকল্পের উদ্দেশ্য সঠিক সময়ে অর্জিত হয়নি। |

**১৭। সুপারিশ:**

১৭.১। প্রকল্প ডিজাইন ও প্ল্যানিং এর সময় অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে যাতে করে Time Over Run এড়িয়ে যাওয়া যায়;

১৭.২। ভবিষ্যতে প্রকল্পের কাজে একাধিক সংস্থা সংশ্লিষ্ট থাকলে সমন্বয় কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্ন করতে হবে যাতে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমের কোন ব্যাঘাত না ঘটে;

১৭.৩। পুনঃনির্মিত বৈদ্যুতিক লাইনের রক্ষণাবেক্ষণ সঠিকভাবে করার প্রতি লক্ষ্য রাখতে হবে যাতে করে বিদ্যুৎ বিভ্রাটের কারণে ফ্লাইওভারটি স্বাভাবিক কার্যক্রম ব্যাহত না হয়;

১৭.৪। আগামী ২(দুই) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৭.১ হতে ১৭.৩) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী যথাশীঘ্র আই এম ই ডি'কে অবহিত করতে হবে।

**Rural Electrification Expansion Under Gopalganj PBS (Revised)**

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত: জুন, ২০১৪)**

১। **প্রকল্পের নাম** ঃ **Rural Electrification Expansion Under Gopalganj PBS (Revised)**

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** ঃ বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খণিজ সম্পদ মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি)।

৪। **প্রকল্প এলাকা** ঃ গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির আওতাভুক্ত এলাকা।

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের% | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র:সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২৩৮৯.৫২ (০.০০) | ২৬২১.৩৮ (০.০০) | ২৫৮১.৬০ | ০১/০৭/২০১১ হতে ৩০/০৬/২০১৩ | ০১/০৭/২০১১ হতে ৩০/০৬/২০১৪ | ০১/০৭/২০১১ হতে ৩০/০৬/২০১৪ | ১৯২.০৮ (৮.০৪%) | ১ বছর (৫০%) |

৬। **প্রকল্পের অর্থায়ন ও উৎস ঃ**

প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অনুদানের অর্থে বাস্তবায়িত হয়েছে।

৭। **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:**

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য বিদ্যুৎ হচ্ছে অন্যতম চালিকা শক্তি। দেশের সামগ্রিক উন্নয়ন নিশ্চিতকরণের জন্য বিভিন্ন উন্নয়নমূলক খাতে পর্যাপ্ত ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা জরুরী বিধায় বাংলাদেশ সরকার বিদ্যুতায়ন কর্মসূচিকে সর্বোচ্চ অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করেছে।পল্লী এলাকার ব্যাপক জনগোষ্ঠির আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে সরকার পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠা করে।পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় বর্তমানে প্রতিষ্ঠিত ৭৭টি পল্লী বিদ্যুৎ সমিতি পল্লী এলাকার জনগোষ্ঠির নিকট বিদ্যুৎ পৌছেঁ দেয়ার লক্ষ্যে কাজ করছে। এ প্রেক্ষিতে গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন পল্লী এলাকার অর্থনৈতিক কর্মকান্ড জোরদারকরণের লক্ষ্যে নতুন বেদ্যুতিক লাইন নির্মান/ সম্প্রসারণ, নতুন সাব-স্টেশন নির্মাণ এবং নতুন গ্রাহক সংযোগ প্রদানের নিমিত্ত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন অন্য একটি প্রকল্প "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ ঢাকা বিভাগীয় কার্যক্রম -১" এর অধীনে গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় কিছু বিদ্যুতায়ন সম্প্রসারণ কার্যক্রম চলমান থাকলেও তা পর্যাপ্ত না হওয়ার কারণে গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির অবশিষ্ট এলাকায় বিদ্যুতায়ন কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক ২০১১ সালে বিবেচ্য প্রকল্পটি হাতে নেয়া হয়।

৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :** PCR হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

**৯। উদ্দেশ্য:**

প্রকল্পটির মূল উদ্দেশ্য ছিল গোপালগঞ্জ জেলার ৫টি উপজেলায় ২৩০ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন ও ১টি ৩৩/১১ কেভি নতুন সান-স্টেশন নির্মাণ করে গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন এলাকার অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের জন্য ৮০০০ গ্রাহক সংযোগ প্রদান করা।

**১০। প্রকল্প অনুমোদনের অবস্থা:** মূল প্রকল্পটি জুলাই ২০১১থেকে ডিসেম্বর ২০১৩ মেয়াদে ২৩৮৯.৫২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের নিমিত্ত মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০৫/০৬/২০১১ তারিখে অনুমোদিত হয়।পরবর্তীতে ০১/১১/২০১২ তারিখে ২৬২১.৩৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ম বার সংশোধিত হয় ।এ সংশোধিত প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ছিল জুলাই ২০১১ হতে জুন ২০১৪ পর্যন্ত।

**১১। প্রকল্পটির মূল কার্যক্রম:**

- ২৩০ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ;
- ১টি ৩৩/১১ কেভি নতুন সাব-স্টেশন নির্মাণ;
- ৮০০০ নতুন গ্রাহক সংযোগ প্রদান।

**১২। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

বিদ্যুৎ, জ্বালানী ও খানিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত PCR (Project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ওআর্থিক আগ্রগতি নিম্নরূপঃ

| ক্র: নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | সর্বশেষ ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক (লক্ষ্য -টাকা) | বাস্তব | আর্থিক (লক্ষ্য -টাকা) | বাস্তব |
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* | *(৫)* | *(৬)* | (৭) |
| | **Revenue:** Supplies & Services | | | | | |
| 1 | Petrol and Lubricant for Vehicle | L.S | 4.00 | - | 3.84 | - |
| 2 | Transportation & Landing Charge | - | - | - | - | - |
| 3 | Consultant for Engineering Design & Supervision | - | 27.00 | Total Line=230 km & S/S=01 | 25.20 | Line=229.29 1 km & S/S=01 |
| 4 | Inspection & testing | | | | | |
| 5 | **Capital:** Asset Procurement Equipment & Materials | Lot | 2076.67 236.90 | - | 2339.80 | - |
| 6 | Land Acquisition/Purchase | 0.33 Acres | 4.46 | 100% | 4.46 | 100% |
| 7 | Construction & works Land Development | - | 17.20 | 0.33 Acres | 17.23 | - |
| 8 | Electrical Line | 230 km | 180.61 | Total Line=230 km | 156.53 | Total Line=229.29 1 km |
| 9 | Substation | 1 | 34.54 | 1 | 34.54 | 1 |
| 10 | Price Contingency | 40.00 | 40.00 | - | - | - |
| Total | | | 2621.38 | | 2581.60 | - |

নোট: প্রকল্পের প্রাক্কলিত বরাদ্ধ ২৬২১.৩৮ লক্ষ টাকার বিপরীতে ২৫৮১.৬০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

**১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, গোপালগঞ্জ জেলার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ মহিউদ্দিন সম্পূর্ণ প্রকল্প মেয়াদে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

**১৪। প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্য:** প্রাপ্ত পিসিআর হতে দেখা যায় আলোচ্য প্রকল্পের কোন External এবং Internal অডিট সম্পন্ন হয়নি।

**১৫। প্রকল্প পরিদর্শন:**

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ হতে প্রকল্পের পিসিআর প্রাপ্তির পর আইএমইডি কর্তৃক প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রনয়নের নিমিত্ত আইএমইডি'র শিল্প ও শক্তি সেক্টরের উপ -পরিচালক মুহাম্মদ কামাল হোসেন তালুকদার কর্তৃক গত ০৯-০৮-২০১৫ তারিখে প্রকল্পের আওতায় নির্মিত ৩৩/১১কেভি সাব-স্টেশন ও গোপালগঞ্জ সদর উপজেলায় চলমান বিদ্যুৎ লাইন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড গোপালগঞ্জ জেলার নির্বাহী প্রকৌশলী জনাব গনপতি বিশ্বাসসহ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উক্ত পরিদর্শনের প্রেক্ষিতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড গোপালগঞ্জ জেলার নির্বাহী প্রকৌশলীর দপ্তর হতে প্রাপ্ত তথ্যের আলোকে গোপালগঞ্জ জেলার বিভিন্ন উপজেলায় বিদ্যুৎ লা্ইন নির্মাণ ও সম্প্রসারণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| অন্তর্ভুক্ত থানা / উপজেলা | উপজেলা ওয়ারী মোট বরাদ্দ কিঃমিঃ | প্রকল্পের শুরূ হতে ৩০ জুন/১৪ পর্যন্ত বর্ণিত প্রকল্পে মোট অগ্রগতি | নতুন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি | সংযোগ কৃত গ্রাহক সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| মুকসুদপুর | ৪৬.০৮৬ | ৪৬.০৮৬ | ১৫৪২ | ১৫৪২ | |
| কাশিয়ানী | ৪২.৬৬৩ | ৪২.৬৬৩ | ১৭৮২ | ১৭৮২ | |
| গোপালগঞ্জ সদর | ৯০.১৫৮ | ৯০.১৫৮ | ৪২৬৮ | ৪২৬৮ | |
| টুঙ্গীপাড়া | ১৫.৮৯৬ | ১৫.৮৯৬ | ১০৭৫ | ১০৭৫ | |
| কোটালীপাড়া | ৩৫.৩৮১ | ৩৫.৩৮১ | ১৭৪৫ | ১৭৪৫ | |
| মোট | ২৩০.১৮৪ | ২৩০.১৮৪ | ১০৪১২ | ১০৪১২ | |

উল্লিখিত সারণী হতে দেখা যায় আলোচ্য প্রকল্পের আওতায় গোপালগঞ্জ জেলার ৫টি উপজেলায় মোট ২৩০.১৮৪ কি: মি: বরাদ্দের বিপরীতে ২৩০.১৮৪ কি: মি: বিদ্যুৎ লাইন নির্মাণ করা হয়েছে; যা ডিপিপিতে উল্লিখিত মোট লক্ষ্য মাত্রার প্রায় সমান। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক বলেন বাস্তবে বিদ্যুৎ লাইন সম্প্রসারণের কাজ করতে গিয়ে অনেক সময় কিছু কিছু এলাকায় existing ওয়ান ফেইজ লাইনকে থ্রি ফেইজ লাইন এবং নিম্ন ক্ষমতা সম্পন্ন তার ও খুঁটি পরিবর্তন করে উচ্চ ক্ষমতা সম্পন্ন লাইন নির্মাণের জন্য upgradation কাজ করতে হয় বিধায় অনেক ক্ষেত্রে মোট অর্জন এবং ডিপিপিতে উল্লিখিত লক্ষ্য মাত্রার মধ্যে সামান্য তারতম্য থেকে যায়।

**১৫.১। ৩৩/১১ কেভি ৫ এমভিএ বৈদ্যুতিক উপকেন্দ্র:**

গোপালগঞ্জ সদর ও মকসুদপুর উপজেলা সীমান্তে ভেন্নবাড়ী (চামটা)নামক স্থানে আলোচ্য প্রকল্পের আওতায় ৩৩/১১ কেভি ৫এমভিএ ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ উপ-কেন্দ্রটি নির্মাণ করা হয়েছে। উক্ত উপ-কেন্দ্রটি নির্মাণের ফলে এর আওতায় ৮হতে ১০ হাজার নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে এবং ইতোমধ্যে প্রায় পাঁচ হাজার নতুন গ্রাহককে নতুন বিদ্যুৎ

**১৫.২। গোপালগঞ্জ সদর উপজেলা:**

আলোচ্য প্রকল্পের আওতায় গোপালগঞ্জ সদর উপজেলায় ৯০.৭২৪ ?? ?? নতুন লাইন নির্মাণের লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকল্প মেয়াদে ৯০.১৫৮ কি:মি: নতুন লাইন নির্মাণ করা হয়েছে যা লক্ষ্যমাত্রার চেয়ে ০.৫৬৬ কি: মি: কম । এ প্রসংঙ্গে নির্বাহী প্রকৌশলী বলেন কোন কোন উপজেলায় লক্ষ্যমাত্রার চেয়ে কম আবার কোন কোন উপজেলায় লক্ষ্যমাত্রার চেয়ে কিছু বেশী বিদ্যুৎ লাইন স্থাপন করা হয়েছে; এ ক্ষেত্রে মূলত সমন্বয় সাধন করে প্রকল্পের মূল লক্ষ্য অর্জিত হয়েছে।

??? ??????????? বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ে একটি প্রকিউরমেন্ট ইউনিট রয়েছে; যেখান থেকে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন সকল প্রকল্পের প্রয়োজনীয় মালামাল ক্রয় করা হয়ে থাকে। শুধু বিদ্যুৎ লাইন সম্প্রসারনের জন্য ঠিকাদার নিয়োগের কাজটি প্রকল্প পরিচালকের আওতাধীন প্রকল্প সংশ্লিষ্ট এলাকার পল্লী বিদ্যুৎ সমিতির সাথে সমন্বয় করে করা হয়ে থাকে। আলোচ্য প্রকল্পের গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাধীন এলাকার বিদ্যুৎ লাইন সম্প্রসারনের দরপত্রের বিস্তারিত বর্ণনা নিম্নরুপ:

| ক্র:নং | চুক্তি/কার্যাদেশ নং | ঠিকাদার প্রতিষ্ঠানের নাম | চুক্তি অনুযায়ী কিঃমিঃ | চুক্তি মুল্য লড়া টাকা | কাজ শুরম্নর তারিখ | কাজ সম্পাদনের তারিখ | মোট সম্পাদিত কাজ (কিঃমিঃ) | মোট পরিশোধিত বিল (লড়া টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১৮৩ এন | মেসার্স টেকনো ট্রেড ইন্টারন্যাশনাল | ২৩.০৩৬ | ১৬.৩৩ | ২৯/০১/১২ | ২১/১০/১২ | ২৩.২৫০ | ১৩.৫৩ | চুড়ান্ত |
| ২ | ১৮৪ এন | মেসার্স টেকনো ট্রেড ইন্টারন্যাশনাল | ২৩.১৮৪ | ১৫.৬০ | ০২/০২/১২ | ১৮/১২/১২ | ২৩.২৯৫ | ১৩.৬০ | চুড়ান্ত |
| ৩ | ১৮৫ এন | মেসার্স সুরমা কর্পোরেশন (প্রঃলিঃ) | ২৩.৭৪৬ | ১৫.১৫ | ৩০/০১/১২ | ১১/১১/১২ | ২৩.৯৩১ | ১৩.৬২ | চুড়ান্ত |
| ৪ | ১৮৬ এন | মেসার্স টেকনো ট্রেড ইন্টারন্যাশনাল | ২২.০৯১ | ১৪.৫৫ | ১০/০৩/১২ | ৩০/০৪/১৩ | ২১.৩৩৪ | ১২.২৪ | চুড়ান্ত |
| ৫ | ১৮৭ এন | মেসার্স হায়দার আলী এন্ড কোং | ২৩.৫৬২ | ১৫.৩৩ | ০৫/০৪/১২ | ২৯/০৬/১৪ | ২৫.৫৮৭ | ১২.৯২ | চুড়ান্ত |
| ৬ | ১৮৮ এন | মেসার্স সুরমা কর্পোরেশন (প্রঃলিঃ) | ১৬.০৭৬ | ১১.১২ | ২৪/০৪/১২ | ০৭/০৫/১৩ | ১৭.২৭০ | ৮.৩৯ | চুড়ান্ত |
| ৭ | ১৮৯ এন | মেসার্স সুরমা কর্পোরেশন (প্রঃলিঃ) | ২৪.০৭৭ | ৩২.১৩ | ১০/১২/১২ | ১৫/০৬/১৪ | ২৩.৪৯৫ | ২৯.১৩ | চুড়ান্ত |
| ৮ | ১৯০ | মেসার্স সুরমা কর্পোরেশন (প্রঃলিঃ) | ২৪.৩৫৪ | ১৯.৩৮ | ২৫/০১/১৩ | ৩০/১২/১৩ | ২৩.৬৭০ | ১৭.৪৮ | চুড়ান্ত |
| ৯ | ১৯১ | মেসার্স দি এ্যাসোসিয়েটেড ইঞ্জিঃ | ২৩.৫৮৩ | ১৯.৫১ | ০৩/০২/১৩ | ২৫/০১/১৪ | ২৪.৪৯২ | ১৭.২২ | চুড়ান্ত |
| ১০ | ১৯৩ এন | মেসার্স বিদুৎ প্রবাহ | ২১.৬৪২ | ২০.৭৫ | ০৭/০১/১৩ | ১৫/০৬/১৪ | ২৩.৮৬০ | ১৬.৪৯ | চুড়ান্ত |
| ১১ | এস-এস-১৯২ | মেসার্স প্রবাহ প্রকৌশলী | - | ৫৮.২৯ | ০১/০১/১৩ | ২৩/০৬/১৪ | - | ৫১.৭৭ | চুড়ান্ত |
| **মোট =** | | | **২২৫.৩৫১** | **২৩৮.১৪** | | | **২৩০.১৮৪** | **২০৬.৩৯** | |

**১৭। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| প্রকল্প এলাকায় ২৩০ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন এবং১টি ৩৩/১১ কেভি নতুন সাব-স্টেশন নির্মাণ করা; | প্রকল্প এলাকায় ২৩০ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মানের লক্ষ্য মাত্রার বিপরীতে ২৩০.১৮৪ কি:মি বৈদ্যুতিক লাইন নির্মাণ করা হয়েছে। এছাড়া ১টি ৩৩/১১ কেভি নতুন সাব-স্টেশন নির্মাণ করা হয়েছে। |
| গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন এলাকার অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের জন্য ৮০০০ গ্রাহক সংযোগ প্রদান করা; | গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন এলাকার অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের জন্য ১০৪১২ জন নতুন গ্রাহক সংযোগ প্রদান করা হয়েছে। |

**১৮। বাস্তবায়ন সমস্যা ঃ**

১৮.১ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট ইউনিট হতে বৈদ্যুতিক পোল ও অন্যান্য মালামাল যথাসময়ে না পাওয়ায় কিছু কিছু এলাকায় প্রকল্পের কার্য সম্পাদনে বিলম্ব হয়।

১৮.২ কোটালি পাড়া ও প্রকল্প সংশ্লিষ্ট কিছু এলাকায় বিল ও নিচু জমি থাকার কারনে বর্ষা মৌষমে বৈদ্যুতিক পোল স্থাপন ও বিদ্যুৎ লাইন সম্প্রসারণের কাজ করা যায়নি বিধায় পরিকল্পিত সময়ের চেয়ে বেশী সময় ব্যয় হয়।

১৮.৩ বিদ্যুতের পোল ইরেকশন এবং বিদ্যুৎ লাইন সম্প্রসারণের ক্যাবল কোন কোন এলাকায় ব্যক্তি মালিকানা জমির উপর দিয়ে নেয়ার সময়ে জমির মালিক কর্তৃক আপত্তি ও অনেক ক্ষেত্রে বাধার কারণে উক্ত কার্য সম্পাদনে নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় ব্যয় হয়।

**১৯। সুপারিশ ঃ**

১৯.১ বৈদ্যুতিক পোল ও অন্যান্য মালামাল যথাসময়ে না পাওয়ায় একদিকে যেমন কিছু কিছু পন্যের মূল্য বৃদ্ধির কারনে প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে; অন্যদিকে কাঙ্খিত সময়ে গ্রাহকেরা বিদ্যুৎ সুবিধা পায়নি। তাই, ভবিষ্যতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট ইউনিট হতে প্রকল্পের শুরুতেই যথাসময়ে মালামাল সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে।

১৯.২ প্রকল্পের External audit ও Internal audit সম্পন্ন করে এর প্রতিবেদন আ্ডএমইডি'কে অবহিত করতে হবে।

১৯.৩ প্রকল্পের আওতায় নির্মিত বৈদ্যুতিক লাইন ও সাবস্টেশন নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে।

১৯.৪ যেহেতু অনেক এলাকায় অধিকাংশ মাট- ঘাট বর্ষাকালে প্লাবিত থাকে; তাই বছরের অবশিষ্ট সময়ে এসব অঞ্চলে লাইন নির্মাণের পরিকল্পনা ও বাস্তবায়নের বিষয়টি বিবেচনা করা যায় (অনু:১৮.২)।

১৯.৫ ব্যক্তি মালিকানাধীন জমির উপর খুটি স্থাপনের ক্ষেত্রে জমির মালিককে ক্ষতিপূরণের ব্যবস্থা রাখা যেতে পারে (অনু:১৮.৩)।

১৯.৬ (১৯.১-১৯.৫) Aby‡”Q‡` ewY©Z Kvh©µ‡gi Dci M,,wnZ e¨e¯’vejx AvMvgx wZb (03) gv‡mi g‡a¨ AvBGgBwW-‡K AewnZ Ki‡e|

# "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারন ঢাকা বিভাগীয় কার্যক্রম-১ (সংশোধিত)"
# প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৪)

১। প্রকল্পের নাম : "**পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ ঢাকা বিভাগীয় কার্যক্রম-১ (সংশোধিত)**"

২। প্রকল্পের অবস্থান : ঢাকা বিভাগের ২১টি পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় ১৪০টি উপজেলা

৩। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ

৪। বাস্তবায়নকারী সংস্থা : পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৫। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন সময় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **৪৯৭৮৮.৪০** (০.০০) | ৫৮৬২৭.০১ (০.০০) | ৫৪১৯৯.৩৬ | জুলাই, ২০১১ হতে জুন, ২০১৩ | জুলাই, ২০১১ হতে জুন, ২০১৪ | জুলাই, ২০১১ হতে জুন, ২০১৪ | ৮৮৩৮.৬১ (১৭.৭৫%) | ১ বছর (৫০%) |

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **প্রকল্পের পটভূমি:**

২০২০ সালের মধ্যে বাংলাদেশের সকল গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক "এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম"- এর এক মহা পরিকল্পনা প্রণয়ন করা হয়। এ মহাপরিকল্পনা অনুযায়ী দেশের সমস্ত গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেয়ার জন্য প্রায় ৩,৩০,৩২০ কি: মি: বিতরণ লাইন নিমার্ণের প্রয়োজন হবে। ঢাকা বিভাগের আওতায় ২১টি পল্লী বিদ্যুৎ সমিতিতে মোট ৯৭,৫৪৯ কি:মি: লাইন নির্মাণ করা প্রয়োজন। ইতোমধ্যে এই বিভাগের আওতায় প্রায় ৬৩,০০০ কি:মি: লাইন নির্মাণ করা হয়েছে। অবশিষ্ট গ্রামগুলোতে বিদ্যুৎ সরবরাহের জন্য আরো প্রায় ৩৪,৫৪৯ কি:মি: নতুন লাইন নির্মাণের প্রয়োজন হবে। সে লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি প্রস্তাব করা হয়।

৮। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

বাংলাদেশের সকল গ্রামে দ্রুত বিদ্যুতায়নের মাধ্যমে পল্লী অঞ্চলের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা এই প্রকল্পের উদ্দেশ্য।

৯। **প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

প্রকল্পটির মূল ডিপিপি ২৪/০৮/২০১০ তারিখে একনেক সভায় ৪৯৭৮৮.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩ মেয়াদে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের সংশোধিত ডিপিপি ১৮/০৭/২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৫৮৬২৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০১০ হতে জুন, ২০১৪ মেয়াদে অনুমোদিত হয়।

**১০। প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- ৩৩৮৩ কি:মি: নতুন বিতরণ লাইন নির্মাণ;
- ৬০২ কি: মি: বিতরণ লাইন পুনর্বাসন;
- ১১৫ কি: মি: বিতরণ লাইন আপগ্রেডেশন;
- ৩১৭ কি: মি: ৩৩ কেভি লাইন নির্মাণ;
- ৩০টি (মোট ২৭৫ এমভিএ) নতুন ৩৩/১১ সাবস্টেশন নির্মাণ।

**১১। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন :**

পল্লী বিদ্যুতায়ন বোর্ড থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হলঃ

(লক্ষ টাকায়)

| ক্র: নং | অঙ্গের নাম | একক | ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলিত ব্যয় | জুন, ২০১৪ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | আর্থিক | বাস্তব (%) |
| ১ | ২ | ৩ | ৫ | ৯ | - |
| ০১ | কর্মকর্তাদের বেতন | ৪৩ জন | ৬৪.০৮ | ১৮.৪৪ | - |
| ০২ | কর্মচারীদের বেতন | ৫৮ জন | ১০২.৭২ | ৪৭.৮৩ | - |
| ০৩ | বাড়িভাড়া ভাতা | ১০১ জন | ১০৪.৮৯ | ৩৪.৮৩ | - |
| ০৪ | উৎসব ভাতা | ১০১ জন | ২৬.৯২ | ৯.৩২ | - |
| ০৫ | চিকিৎসা ভাতা | ১০১ জন | ২০.৮৩ | ৮.৬৩ | - |
| ০৬ | টিফিন ভাতা | ১০১ জন | ৩.৩৮ | ১.৫১ | - |
| ০৭ | যাতায়াত ভাতা | ১০১ জন | ৩.৩৮ | ০.১৯ | - |
| ০৮ | অন্যান্য ভাতা | ১০১ জন | ১৩০.০৮ | ৫৮.৬৫ | - |
| ০৯ | ভ্রমণ ভাতা | LS | ৬০.০০ | ৪৯.৮৭ | - |
| ১০ | অফিস ভাড়া | LS | ৮১.০০ | ১৭.৩৭ | - |
| ১১ | টেলিফোন | LS | ১২.৯৬ | ৬.২৯ | - |
| ১২ | পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন | LS | ৩.২৪ | ০.০৪ | - |
| ১৩ | বিদ্যুৎ বিল | LS | ৯.৭২ | ১.১৯ | - |
| ১৪ | গ্যাস ও জ্বালানী বিল | LS | ১.৯৪ | ০.৫২ | - |
| ১৫ | পেট্রোল ও লুব্রিক্যান্ট (গাড়ীর জন্য) | LS | ৮০.০০ | ৩০.৩৪ | - |
| ১৬ | ইন্সুরেন্স ও ব্যাংক চার্জ | LS | ০.০০ | ০.০০ | - |
| ১৭ | ছাপা ও প্রকাশনা | LS | ৫০.০০ | ১৭.৫৭ | - |
| ১৮ | ষ্টেশনারী, সীল ও ষ্ট্যাম্প | LS | ৫০.০০ | ১৯.৪৫ | - |
| ১৯ | প্রশিক্ষণ | LS | ১২.৫০ | ৩.০৪ | - |
| ২০ | আপ্যায়ন | LS | ৩৫.০০ | ৭.৩৩ | - |
| ২১ | মালামাল পরিবহন ও ল্যান্ডিং চার্জ | LS | ১২০০.০০ | ৩২৮.৩১ | - |
| ২২ | ইঞ্জি: ডিজাইন ও পরিদর্শন কাজের পরামর্শক ফি | LS | ৬০০.০০ | ৪৭৭.৮২ | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৩ | মালামাল পরিদর্শন ও টেষ্টিং ফি | LS | ৫০.০০ | ০.০০ | - |
| ২৪ | যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ | LS | ১৫০.০০ | ১১.৭০ | - |
| ২৫ | আসবাবপত্র মেরামত ও রক্ষণাবেক্ষণ | LS | ৩.০০ | ০.২৮ | - |
| ২৬ | কম্পিউটার ও আনুষাংগিক মেরামত ও রক্ষণাবেক্ষণ | LS | ৩.০০ | ১.০০ | - |
| ২৭ | অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ | LS | ২০.০০ | ২.৮০ | - |
| ২৮ | যানবাহন ক্রয় | ০৫টি | ২৮৩.৭৯ | ২৪০.২৯ | - |
| ২৯ | যন্ত্রপাতি ও মালামাল ক্রয় | লট | ৪৯২৭৫.০০ | ৪৮৩৯৮.১৯ | - |
| ৩০ | কম্পিউটার ও আনুষাংগিক ক্রয় | ১৮ সেট | ১৩.২০ | ১২.৭০ | - |
| ৩১ | আসবাবপত্র ক্রয় | লট | ২৭.০০ | ৯.৯৩ | - |
| ৩২ | অন্যান্য | লট | ১৬.০০ | ৪.১০ | |
| ৩৩ | ভূমি অধিগ্রহণ | ৯.৯ একর | ৮৫০.০০ | ৪৭১.৭৬ | - |
| ৩৪ | বৈদ্যুতিক লাইন ও | ৪১০০ কি:মি: | ৩১৫২.৫৯ | ২৬০৪.৬৯ | - |
| ৩৫ | উপকেন্দ্র নির্মাণ | ৩০ টি | ১৪৩০.৭৯ | ১৩০২.১১ | - |
| ৩৬ | Price Contingency | LS | ৭০০.০০ | ০.০০ | - |
| | **মোট =** | | ৫৮৬২৭.০১ | ৫৪১৯৯.৩৬ | ১০০% |

## ১২. প্রকল্পের অর্থায়নঃ

(ক) জিওবিঃ

(লক্ষ টাকায়)

| মোট | ঋণ | অনুদান | **Cash Foreign Exchange** |
|---|---|---|---|
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* |
| ৩৭৪৭৫.০০ | - | ৩৭৪৭৫.০০ | - |

(খ) প্রকল্প সাহায্যঃ প্রযোজ্য নয়।

(গ) নিজস্ব অর্থায়ন: ২১১৫২.০১ লক্ষ টাকা

## ১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

প্রকল্পের শুরু থেকে জনাব মো: মিজানুর রহমান খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছেন।

## ১৪। পরিদর্শনঃ

আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মো: তাওসীফ রহমান ১৬ই মার্চ, ২০১৫ তারিখে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি সরেজমিন পরিদর্শন ও তথ্য সংগ্রহ করেন। পরবর্তীতে আইএমই বিভাগের পরিচালক বেগম নাসিমা মহসিন ৮ই এপ্রিল, ২০১৫ তারিখে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি সরেজমিনে পরিদর্শন ও তথ্য সংগ্রহ করেন।

## ১৫। পর্যবেক্ষণঃ

১৫.১ ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ পরিদর্শন:

১৫.১.১ আলোচ্য প্রকল্পের আওতায় ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ ডিপিপি অনুযায়ী মোট ৮৫ কি:মি: বিতরণ লাইন নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। লক্ষ্যমাত্রার বিপরীতে জুন, ২০১৪ পর্যন্ত ৭৯.১৮ কি:মি: বিতরণ লাইন নির্মিত হয়েছে, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে ৬% কম।

১৫.১.২ আলোচ্য প্রকল্পের আওতায় মোট ২৪৯০ জন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি করা হয়েছে, যার বিপরীতে আগস্ট ,২০১৫ পর্যন্ত সবাইকে সংযোগ প্রদান করা হয়েছে।

১৫.১.৩ আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত সমিতিতে ২,৪২৩ টি পোল সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে মার্চ, ২০১৫ পর্যন্ত ২,১৯৮টি পোল ব্যবহার করা হয়েছে এবং ২২৫টি পোল সমিতিতে মজুদ আছে।

১৫.১.৪ আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত সমিতিতে ৪,৪১০টি মিটার সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে মার্চ, ২০১৫ পর্যন্ত ৪,৩০০ টি মিটার ব্যবহার করা হয়েছে এবং ১১০টি মিটার সমিতিতে মজুদ আছে।

১৫.১.৫ আলোচ্য প্রকল্পের আওতায় ২৭৬টি ট্রান্সফরমার সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে মার্চ,২০১৫ পর্যন্ত ২৭১টি ট্রান্সফরমার ব্যবহার করা হয়েছে এবং ৫টি ট্রান্সফরমার সমিতিতে মজুদ আছে।

### ১৫.২ মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি পরিদর্শন:

১৫.২.১ আলোচ্য প্রকল্পের আওতায় মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে ডিপিপি অনুযায়ী মোট ২৫২ কি:মি: বিতরণ লাইন নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। লক্ষ্যমাত্রার বিপরীতে জুন, ২০১৪ পর্যন্ত ২৪৩.০৯ কি:মি: বিতরণ লাইন নির্মিত হয়েছে, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে ৪% কম।

১৫.২.২ আলোচ্য প্রকল্পের আওতায় মোট ১২,৭৭০ জন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি করা হয়েছে, যার বিপরীতে আগস্ট ,২০১৫ পর্যন্ত ১২,৬৬২জন গ্রাহক সংযোগ প্রদান করা হয়েছে। Aewkó ৮ জন MÖvnK e¨w³MZ mgm¨vi Kvi‡Y Iq¨vwis m¤úv`b K‡i ms‡hvM MÖnY K‡ib bvB|

১৫.২.৩ আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত সমিতিতে ৬,৪৮৫ টি পোল সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে মার্চ, ২০১৫ পর্যন্ত ৫,৭৭২টি পোল ব্যবহার করা হয়েছে এবং ৭১৩টি পোল সমিতিতে মজুদ আছে।

১৫.২.৪ আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত সমিতিতে ১২,৫০০টি মিটার সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে সবগুলি মিটার ব্যবহার করা হয়েছে।

১৫.২.৫ আলোচ্য প্রকল্পের আওতায় ১০০৮টি ট্রান্সফরমার সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে মার্চ, ২০১৫ পর্যন্ত ৪৫৯টি ট্রান্সফরমার ব্যবহার করা হয়েছে এবং ৫৪৯টি ট্রান্সফরমার সমিতিতে মজুদ আছে।

### ১৫.৩ নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি -১ পরিদর্শন:

১৫.৩.১ আলোচ্য প্রকল্পের আওতায় নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ ডিপিপি অনুযায়ী মোট ৫৫ কি:মি: বিতরণ লাইন নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। লক্ষ্যমাত্রার বিপরীতে জুন, ২০১৪ পর্যন্ত ৫৫.৯৬ কি:মি: বিতরণ লাইন নির্মিত হয়েছে, অর্থাৎ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জিত হয়েছে।

১৫.৩.২ আলোচ্য প্রকল্পের আওতায় মোট ২৭৭০ জন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি করা হয়েছে, যার বিপরীতে আগস্ট ,২০১৫ পর্যন্ত সবাইকে সংযোগ প্রদান করা হয়েছে।

১৫.৩.৩ আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত সমিতিতে ১৩৭৬ টি পোল সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে মার্চ, ২০১৫ পর্যন্ত ১,১১৯টি পোল ব্যবহার করা হয়েছে এবং ২৫৭টি পোল সমিতিতে মজুদ আছে।

১৫.৩.৪ আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত সমিতিতে ২,৭৭০টি মিটার সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে সবগুলি মিটার ব্যবহার করা হয়েছে।

১৫.৩.৫ আলোচ্য প্রকল্পের আওতায় ২৫৭টি ট্রান্সফরমার সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে মার্চ,২০১৫ পর্যন্ত ২৩২টি ট্রান্সফরমার ব্যবহার করা হয়েছে এবং ২৫টি ট্রান্সফরমার সমিতিতে মজুদ আছে।

**১৫.৪ সার্বিকভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হবার কারণঃ**

১৫.৪.১ প্রকল্পটি ২৪ আগস্ট, ২০১০ এ অনুমোদিত হলেও এর মেয়াদ জুলাই, ২০১০ হতে শুরু হয়েছে, অর্থাৎ বাস্তবায়ন কার্যক্রম চার মাস দেরীতে শুরু হয়েছে।

১৫.৪.২ বিদ্যুৎ বিভাগের অভিন্ন রেট শিডিউল ২০১১ সালে রিভিউ করে হালনাগাদ করা হয়। আলোচ্য প্রকল্পটিতে ২০০৭ সালের অভিন্ন রেট শিডিউল অনুসরণ করে টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত করা হয়, ফলশ্রুতিতে প্রকল্পের শুরুর দিকে যেসব দরপত্র আহবান করা হয়, সেগুলিতে দরদাতাদের নিকট হতে আশানুরূপ সাড়া পাওয়া যায়নি।

**১৫.৫ প্রকল্পের External Audit সংক্রান্ত তথ্যঃ**

| **অডিট পিরিয়ড** | অডিট রিপোর্ট দাখিলের তারিখ | প্রধান প্রধান পর্যবেক্ষণ/আপত্তি | নিষ্পত্তি হয়েছে কিনা (নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থা) |
|---|---|---|---|
| **২০১২-২০১৩** | ২৬/০৬/২০১৪ থেকে ০৩/০৭/২০১৪ | ১০টি আপত্তি ছিল | আপত্তির বিপরীতে ব্যাখ্যামূলক জবাব দেয়া হয়েছে, এখনও নিষ্পত্তি করা হয়নি। |

**১৬। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ প্রতিবেদনের পরিশিষ্ট-১ এ প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্য প্রদান করা হয়েছে।**

**১৭। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ১) ৩৩৮৩ কি:মি: নতুন বিতরণ লাইন নির্মাণ | ১) ৩২৮৩.৫৭ কি:মি: নতুন বিতরণ লাইন নির্মাণ করা হয়েছে। |
| ২) ৬০২ কি: মি: বিতরণ লাইন পুনর্বাসন | ২) ৫০৫.৯৩ কি: মি: বিতরণ লাইন পুনর্বাসন করা হয়েছে। |
| ৩) ১১৫ কি: মি: বিতরণ লাইন আপগ্রেডেশন | ৩) ১৩৪.৭ কি: মি: বিতরণ লাইন আপগ্রেডেশন করা হয়েছে। |
| ৪) ৩০টি (মোট ২৭৫ এমভিএ) নতুন ৩৩/১১ সাবস্টেশন নির্মাণ | ৪) ৩০টি (মোট ২৭৫ এমভিএ) নতুন ৩৩/১১ সাবস্টেশন নির্মাণ করা হয়েছে। |
| ৫) ১২৮ টি উপজেলায় ১,৬০,০০০ গ্রাহক সংযোগ প্রদান। | ৫) ১,৮১,৫৭২ জন গ্রাহক সংযোগ প্রদান করা হয়েছে। |
| ৬) ঢাকা বিভাগের বিভিন্ন অঞ্চলের গ্রামীণ জনগোষ্ঠির মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন। | ৬) ঢাকা বিভাগের ১২৮ টি উপজেলায় গ্রামীণ জনগোষ্ঠির নিকট বিদ্যুৎ পৌঁছে দেবার মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়নে প্রকল্পটি উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। |

## ১৮। বাস্তবায়ন সমস্যাঃ

১৮.১ নতুন লাইন আংশিক অসম্পূর্ণ অবস্থায় সমিতির নিকট হস্তানান্তর, নির্মাণ ঠিকাদার নির্দিষ্ট সময়ে কার্যাদেশ অনুযায়ী কাজ করতে না পারলে, সময় শেষ হয়ে গেলে এধরনের হস্তানান্তর হয়। নির্মাণ ঠিকাদার সাধারনত মালামালের স্বল্পতা ও লাইন নির্মাণে বাধাকে কারণ হিসাবে উপস্থাপন করে থাকে। যার ফলে প্রকল্প বাস্তবায়ন দেরী হয়।

১৮.২ গ্রাহক ওয়্যারিং না করা ও ট্রান্সফরমারের স্বল্পতার কারণে ট্রান্সফরমার উত্তোলন না করে লাইন হস্তানান্তর করা বা যৌথ পরিদর্শন করা হয় বলে যানা যায়। বাস্তবে নতুন সংযোগের জন্য মানুষ অনেক আগে থেকে ওয়্যারিং করে থাকে। পরবর্তীতে পল্লী বিদ্যুৎ সমিতিকে ট্রান্সফরমার উত্তোলন করতে হয়। যদিও মালামাল আরইবি প্রদান করে থাকে। এতে পল্লী বিদ্যুৎ সমিতির স্বাভাবিক কাজে ব্যাঘাত ঘটে।

১৮.৩ নতুন নির্মিত ৩৩/১১ কেভি উপকেন্দ্র পরিচালনা করার জন্য আলাদা কোনো লোকবল নিয়োগ করার সংস্থান না থাকায় প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিক লাইন বন্ধ বা চালুকরণ ও দ্রুত গ্রাহক সেবা দেয়া সম্ভব হচ্ছেনা।

১৮.৪ মাঠ পর্যায়ে ব্যক্তি মালিকানাধীন জমির উপর খুঁটি স্থাপনে মালিকদের পক্ষ থেকে বাধাও একটি বড় সমস্যা। জমিতে শস্য/ফসল থাকলে খুঁটি স্থাপনের কাজ করা যায় না।

১৮.৫ নতুন নির্মিত লাইনে পাওয়ার ফ্যাক্টরের মান উন্নয়নের জন্য কোন ব্যবস্থা গৃহীত হয় নাই।

১৮.৬ পল্লী বিদ্যুৎ সমিতি সমূহ পল্লী এলাকায় বিদ্যুৎ সরবরাহ করে থাকে। অধিকাংশ লাইন মাঠ ঘাট ও আবাদী জমির উপর দিয়ে নির্মিত হয় ও বর্ষাকালে অধিকাংশ জমি পানিতে ডুবে থাকে। যার ফলে নির্দিষ্ট সময়ে লাইন নির্মণের কাজ বাধাগ্রস্থ হয়।

## ১৯। সুপারিশঃ

১৯.১ আংশিক অসম্পূর্ণ লাইনের যৌথ পরিদর্শন না করে কাজটি সম্পূর্ণ করে যৌথ পরিদর্শন করার ব্যবস্থা নেওয়া যেতে পারে।

১৯.২ গুণগতমান রক্ষা করে সার্ভিস ড্রপ খোলাবাজার থেকে কেনা বা গ্রাহকের জন্য উন্মুক্ত করে দেয়ার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

১৯.৩ সঠিকভাবে জরিমানা আদায় এবং সিস্টেমের মান উন্নয়নে পাওয়ার ফ্যাক্টর পরিমাপ করা যায় এমন ডিজিটাল মিটার (৩-ফেজ) স্থাপন করলে সমিতি ও গ্রাহক উভয়েই লাভবান হতে পারে।

১৯.৪ প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিক লাইন বন্ধ বা চালুকরণ ও দ্রুত গ্রাহক সেবা দেওয়ার জন্য উপকেন্দ্রে সার্বক্ষণিক দক্ষ লোকবল নিয়োগ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

১৯.৫ আগামী ৩ মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৯.১ হতে ১৯.৪) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী যথাশীঘ্র আইএমইডি'কে অবহিত করতে হবে।

**"Providing Electricity to Silo Project under Bagerhat PBS"** শীর্ষক

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৪)

১। প্রকল্পের অবস্থান : মংলা, বাগেরহাট

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৩। বাস্তবায়নকারী সংস্থা : পল্লী বিদ্যুতায়ন বোর্ড(আরইবি)

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১২০৪.৪৩ (০.০০) | ১৩২৪.৬৫ (০.০০) | ১৩১৮.৫২ | জুলাই, ২০১২ হতে জুন, ২০১৩ | জুলাই, ২০১২ হতে জুন, ২০১৪ | জুলাই, ২০১২ হতে জুন, ২০১৪ | ১১৪.০৯ ৯.৪৭% | ১০০% |

**৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন :**

বিদ্যুৎ বিভাগের আওতায় পল্লী বিদ্যুতায়ন বোর্ড হতে প্রাপ্ত Project Completion Report (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| ক্র: নং | ডিপিপি অনুযায়ী কাজের অংগ | একক | পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | বাস্তব অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | Petrol and Lubricant for vehicle | LS | ৩.৫০ | - | ৩.৪৯ | - |
| ২। | Consultant for Engineering Design & Supervision | - | ৩.৪১ | -- | ৩.৪১ | -- |
| ৩। | Asset Procurement ; Equipment & Materials | Lot | ৬১৪.৪৮ | - | ৬১৪.৪৭ | -- |
| ৪। | Land Development | 1336 cubic meter | ৯.২৩ | 2175 cubic meter | ৮.৯৫ | -- |
| ৫। | Turn key River crossing tower | 1 set | ৬৩৫.০০ | 1 set River crossing Tower | ৬৩৫.০০ | ১০০% |
| ৬। | Electrical Line & Substation | 26.00 km & Substation= 01 no | ৫৯.০৩ | Total Line 26.00 km and S/s= 01 no | ৫৩.২১ | Total=21.518 km Line and s/s=01 no |
| | **সর্বমোট =** | | **১৩২৪.৬৫** | | **১৩১৮.৫২** | |

**৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

**৭। প্রকল্পের পটভূমিঃ**

বাগেরহাট জেলার মংলা উপজেলায় অবস্থিত ৫০,০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন খাদ্য গুদামে বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে প্রয়োজনীয় ৩৩ কেভি লাইন, একটি ৫ এমভিএ সাবস্টেশন ও এক সেট রিভার ক্রসিং টাওয়ার নির্মাণ ছিল এই প্রকল্পের মূল কার্যক্রম। বাগেরহাট সাইলোতে বিদ্যুৎ সংযোগ প্রদান করার মাধ্যমে মংলা পোর্টের অর্থনৈতিক কর্মকান্ড ত্বরান্বিত করা এবং তার ফলশ্রুতিতে দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখার বৃহত্তর লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

**৮। প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

প্রকল্পটি ১০/০৫/২০১২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ১২০৪.৪৩ লক্ষ টাকা(সম্পূর্ণ জিওবি অনুদান) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১২ হতে জুন, ২০১৩ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ০৩/০৬/২০১৩ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির সভার মাধ্যমে ডিপিপি সংশোধন করা হয় এবং প্রকল্পের সংশোধিত ডিপিপি ১৩৬৪.২৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি অনুদান) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১২ হতে জুন, ২০১৪ পর্যন্ত মেয়াদে বাস্তবায়ন করার জন্য অনুমোদিত হয়।

**৯। প্রকল্পের অর্থায়নঃ**

(ক) জিওবিঃ

(লক্ষ টাকায়)

| মোট | ঋণ | অনুদান | Cash Foreign Exchange |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১৩২৪.৬৫ | -- | ১৩২৪.৬৫ | -- |

(খ) প্রকল্প সাহায্যঃ প্রযোজ্য নয়।

**১০। প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ**

প্রকল্পের প্রধান প্রধান ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ

| IFB no/ Packge no/ Sub package no | Description of procurement (goods/works/ consultancy) as per bid document | Tender /Bid/ proposal cost | | Tender/Bid/ proposal | | Date of completion of work/Services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per DPP (in lakh Taka) | Contracted value | Invitation Date | Contract signing/ LC opening Date | As per contract | Actual |
| ***1*** | ***2*** | ***3*** | ***4*** | ***5*** | ***6*** | ***7*** | ***8*** |
| BAG 7.P1.1 | SPC Pole | 130.20 | 13019750.00 | 15/10/2012 | 12/02/2013 | 04/06/2013 | 30/05/2013 |
| BAG 10.P3.7 | ACR | 65.95 | 6595000.00 | 15/10/2012 | 25/02/2013 | 17/06/2013 | 04/06/2013 |
| BAG 10.P3.8 | Power Transformer | 81.00 | 8100000.00 | 15/10/2012 | 25/02/2013 | 17/06/2013 | 22/06/2013 |
| BAG 3.P1.1 | Bare Conductor | 211.62 | 21140000.00 | 15/10/2012 | 25/02/2013 | 17/06/2013 | 15/06/2013 |
| BAG 10.P3.9 | Voltage Regulator | 53.84 | 5383800.00 | 15/10/2012 | 25/02/2013 | 17/06/2013 | 29/06/2013 |

**১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

জনাব মোঃ মহিউদ্দীন, নির্বাহী প্রকৌশলী আলোচ্য প্রকল্পের সম্পূর্ণ মেয়াদে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন।

## ১২। পরিদর্শনঃ

আইএমই বিভাগের সহকারী পরিচালক (বিদ্যুৎ) জনাব মোঃ তাওসীফ রহমান প্রকল্প এলাকা মংলা, বাগেরহাট-এ গত ০৭/১১/২০১৪ হতে ০৯/১১/২০১৪ তারিখে সরেজমিনে পরিদর্শন ও তথ্য সংগ্রহ করেন। এ সময় প্রকল্প পরিচালকসহ প্রকল্পের অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

### প্রকল্পের আওতায় বাস্তবায়িত কর্মকান্ডের উপর স্থিরচিত্র



চিত্র-১। মংলা "কাটা" নদীতে রিভার ক্রসিং টাওয়ার (ওয়াইড ভিউ)



চিত্র-২। রিভার ক্রসিং টাওয়ারের অ্যাংকর টাওয়ার অংশ এবং সংলগ্ন ৩৩ কেভি লাইন

## ১৩। পর্যবেক্ষণঃ

১৩.১। মংলা জাতীয় গ্রীড হতে "T"-off করে রিভার ক্রসিং টাওয়ারের মাধ্যমে কাটা নদী অতিক্রম করে বাগেরহাট জেলার মংলা উপজেলার জয়মনিঘোলে নির্মাণাধীন ৫০,০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন সাইলো পর্যন্ত ৩৩ কেভি লাইন নির্মাণ করা হয়েছে। প্রকল্পের ডিপিপি'তে ২৬ কিঃমিঃ লাইন নির্মাণের সংস্থান থাকলেও বাস্তবে রাস্তা-ঘাটের অবকাঠামোগত উন্নয়নের ফলে ভিন্ন পথে ২১.৫১৮ কিঃমিঃ লাইন নির্মাণ করে সাবস্টেশন পর্যন্ত সংযোগ দেয়া সম্ভব হয়েছে। পল্লী বিদ্যুতায়ন বোর্ডের Rate Schedule অনুসরণ করে ডিপিপি'তে ব্যয় প্রাক্কলন করা হলেও পরবর্তীতে মালামালের বাজার দর বৃদ্ধির কারণে ডিপিপি অনুমোদনের পর Rate Schedule দুইবার পরিবর্তন করা হয়। তবে প্রকৃত ব্যয় ডিপিপি'তে প্রাক্কলিত ব্যয়কে অতিক্রম করেনি।

১৩.২। প্রকল্পের আওতায় মংলা কাটা নদীর উপর দিয়ে বিতরণ লাইন টানার জন্য রিভার ক্রসিং টাওয়ার নির্মাণ করা হয়েছে। নদীর উভয় পাশে ১টি করে সাসপেনসন টাওয়ার ও ১টি করে অ্যাংকর টাওয়ার নিয়ে মোট ২ টি সাসপেনসন টাওয়ার ও ২টি করে অ্যাংকর টাওয়ার মিলে ১ সেট রিভার ক্রসিং টাওয়ার নির্মাণ করা হয়। নদীর তীরবর্তী মাটি অত্যন্ত নরম হওয়াতে টেকসই করার জন্য পাইলিং বেশি করতে হয়েছে। টাওয়ারের সার্বিক কাঠামো বেশ মজবুত ও উন্নতমানের বলে প্রতীয়মান হয়েছে।

১৩.৩। সাইলো'র বিদ্যুৎ সংযোগ দেবার জন্য ৫ এমভিএ সাবস্টেশন নির্মাণ করা হয়েছে এবং পরীক্ষামূলকভাবে energized করা হয়েছে। সাইলো'র আওতাভুক্ত এলাকাতেই সাবস্টেশন নির্মাণ করা হয়েছে বলে আলাদাভাবে ভূমি অধিগ্রহণ করার প্রয়োজন হয়নি।

১৩.৪। প্রকল্পটি আরইবি'র নিজস্ব জনবল দ্বারা বাস্তবায়ন করা হয়েছে। পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যানসহ সংস্থার অন্যান্য উর্ধবতন কর্মকর্তাগণ নিয়মিতভাবে প্রকল্পটি পরিদর্শন করেছেন। প্রকল্পে কোন অডিট আপত্তি ছিলনা।

## ১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| বাগেরহাট জেলার মংলা উপজেলায় অবস্থিত ৫০,০০০ মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন খাদ্য গুদামে বিদ্যুৎ সরবরাহ করাই ছিল আলোচ্য প্রকল্পের উদ্দেশ্য। | বাগেরহাট সাইলো চালু হবার পূর্বেই পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গৃহীত আলোচ্য প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে এবং সাইলো পর্যন্ত বিদ্যুৎ সংযোগ দেয়া সম্ভব হয়েছে। |

## ১৫। বাস্তবায়ন সমস্যাঃ

১৫.১। প্রকল্পের অন্যতম প্রধান অঙ্গ হল মংলা কাটা নদীতে এক সেট রিভার ক্রসিং টাওয়ার নির্মাণ করা। এই কাজের জন্য প্রথম বার টেন্ডার আহবান করা হলে সর্বনিম্ন দর (lowest bidded price) ডিপিপি'তে অনুমোদিত দর অপেক্ষা বেশি হয়। ফলশ্রুতিতে রি-টেন্ডার করা হয় এবং পুনরায় সর্বনিম্ন দর ডিপিপি'তে অনুমোদিত দরকে অতিক্রম করে। পরবর্তীতে ডিপিপি সংশোধন করা হয়। এই টেন্ডারিং, রি-টেন্ডারিং এবং ডিপিপি সংশোধন প্রক্রিয়ায় যথেষ্ট সময় ব্যয় হয়েছে। এছাড়া মংলা কাটা নদীর তীরবর্তী স্থানে নরম কাদামাটি থাকায় প্রচলিত ডিজাইনের তুলনায় রিভার ক্রসিং টাওয়ারের পাইলিং কাজ বেশি করতে হয়েছে।

১৫.২। ৩৩ কেভি লাইন নির্মাণ ব্যয় পল্লী বিদ্যুতায়ন বোর্ডের রেট শিডিউল অনুযায়ী প্রাক্কলন করা হলেও ডিপিপি অনুমোদনের পর Rate Schedule দুইবার পরিবর্তন করা হয়েছে এবং Original Standard Rate থেকে ৫৫% বৃদ্ধি পেয়েছে। পরবর্তীতে ডিপিপি সংশোধন করে এই অঙ্গের ব্যয় সমন্বয় করা হয়। এছাড়া প্রকল্প বাস্তবায়নে তেমন কোন উল্লেখযোগ্য সমস্যা পরিলক্ষিত হয়নি।

## ১৬। সুপারিশঃ

১৬.১। ভবিষ্যতে সংস্থার রেট শিডিউল তথা বাজার দরের সাথে সংগতি রেখে ডিপিপি প্রণয়ন করতে হবে যাতে করে একই procurement object এর উপর বার বার টেন্ডারিং করতে না হয় (অনুঃ ১৫.১)।

১৬.২। সংস্থার রেট শিডিউল বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে নিয়মিত হালনাগাদ (Updated) করা বাঞ্চনীয়(অনুঃ ১৫.২)।

১৬.৩। প্রকল্প ডিজাইন ও প্ল্যানিং এর সময় অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে যাতে করে Time over run ও cost over run এড়ানো সম্ভব হয়।

১৬.৪। প্রকল্পের আওতায় নির্মিত বৈদ্যুতিক লাইন ও সাবস্টেশন নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে।

১৬.৫। প্রকল্পের External audit সম্পন্ন করে Audit -এর প্রতিবেদন আইএমইডি-কে অবহিত করতে হবে।

**Rural Electrification Expansion Rajshahi, Rangpur Division Program 1 (REE-RRDP)**
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত : জুন, ২০১৪)

**১। প্রকল্পের নাম** ঃ **Rural Electrification Expansion Rajshahi, Rangpur Division Program 1 (REE-RRDP).**

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ঃ বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, (বিআরইবি)।

৪। প্রকল্প এলাকা ঃ নিলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁ, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, জয়পুরহাট, নওঁগা, রাজশাহী, পাবনা,সিরাজগঞ্জ, নাটোর এবং চাপাই নবাবগঞ্জ জেলার ১৮টি পল্লী বিদ্যুৎ সমিতির আওতাভুক্ত এলাকা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের%) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র:সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪০৭০৭.৬৩ (০.০০) | ৪৮৭২৩.৭৪ (০.০০) | ৪৪৬০৮.৪০ | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৩ | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৪ | ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৪ | ৩৯০০.৭৬ (৯.৫৮%) | ১ বছর (৩৩.৩৩%) |

**৬। প্রকল্পের অর্থায়ন ও উৎস ঃ**

প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অনুদানের অর্থ এবং বিআরইবি'র নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হয়েছে; যেখানে বাংলাদেশ সরকারের ৪২৪৮১.৮৯ লক্ষ এবং বিআরইবি'র নিজস্ব ৬২৪১.৮৫ লক্ষ টাকার সংস্থান রয়েছে।

**৭। পটভূমিঃ**

২০২০ সালের মধ্যে বাংলাদেশের পল্লী অঞ্চলের সকল গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক "এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম"এর এক মহা পরিকল্পনা প্রণয়ন করা হয়; যার অংশ হিসাবে রাজশাহী ও রংপুর বিভাগের ১৮টি পল্লী বিদ্যুৎ সমিতিতে বিদ্যমান বৈদ্যুতিক লাইন সম্প্রসারণের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহন করা হয়।

৮। **উদ্দেশ্য**: গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য।

**৯। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- ৩৪০০ কিঃমিঃ (৩৩ কেভি ৩১৩ কি: মি:, ১১ কেভি ৩০৮৭ কি:মি:) বৈদ্যুতিক লাইন নির্মাণ;
- মোট ১৬৫ এমভিএ ক্ষমতা সম্পন্ন ১৮টি নতুন সাব-স্টেশন নির্মাণ;
- ১,৩০,০০০ নতুন গ্রাহক সংযোগ প্রদান;

১০। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :** PCR হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

১১। **প্রকল্প অনুমোদনের অবস্থা:** মূল প্রকল্পটি ৯ সেপ্টেম্বর ২০১০ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) কর্তৃক ৪০৭০৭.৬৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১০ হতে জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে সংশোধিত প্রকল্পটি ২৬/০৯/২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৪৮৭২৩.৭৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০১০ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়।

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

২৬ সেপ্টেম্বর ২০১০ হতে ১২ ফেব্রুয়ারী ২০১৪ পর্যন্ত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব জোতিন্দ্র চন্দ্র দেবনাথ এবং ১২ ফেব্রুয়ারী ২০১৪ হতে ৩০ জুন ২০১৪ পর্যন্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মহিউদ্দিন আহামদ আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

১৩। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

বিদ্যুৎ, জ্বালানী ও খানিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত PCR (Project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ওআর্থিক আগ্রগতি নিম্নরূপঃ

Figure in Lac Taka

| Sl No. | Code Description | Physical Quantity | Revised DPP | | | Physical Qunt./ Unit | Actual progress up to June 2014 | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Cost | | | | Cost | | |
| | | | GOB | REB | Total | | GOB | REB | Total |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| **a) Revenue component** | | | | | | | | | |
| 1. | Pay of Officers | 37 Persons | | 26.88 | 26.88 | 37 Persons | | 7.22 | 7.22 |
| 2. | Pay of Employees | 53 Persons | | 117.26 | 117.26 | 53 Persons | | 48.19 | 48.19 |
| 3. | Housing Allowances | 90 Persons | | 90.89 | 90.89 | 90 Persons | | 29.77 | 29.77 |
| 4. | Festival Allowances | | | 24.02 | 24.02 | | | 7.64 | 7.64 |
| 5. | Medical Allowances | 90 Persons | | 19.99 | 19.99 | 90 Persons | | 8.00 | 8.00 |
| 6. | Tiffin Allowances | | | 3.74 | 3.74 | | | 1.55 | 1.55 |
| 7. | Transport Allowances | | | 3.74 | 3.74 | | | | |
| 8 | Others Allowances (Gratuity, Deputation Allowance if necessary) | | | 111.42 | 111.42 | | | 43.93 | 43.93 |
| **Supplies & Services** | | | | | | | | | |
| 9. | Traveling Allowances | LS | | 60.00 | 60.00 | LS | | 57.25 | 57.25 |
| 10. | Office Rent | LS | | 3.00 | 3.00 | LS | | 1.18 | 1.18 |
| 11. | Telephone | LS | | 11.52 | 11.52 | LS | | 7.24 | 7.24 |
| 12. | Water & Sewerage | LS | | 1.00 | 1.00 | LS | | 0.11 | 0.11 |
| 13. | Electricity | LS | | 4.00 | 4.00 | LS | | 4.00 | 4.00 |
| 14. | Gas & Fuel | LS | | 1.73 | 1.73 | LS | | 0.39 | 0.39 |
| 15. | Petrol & Lubricant for Vehicle | 3 Jeep, Pick up 2, Motor Cycle 20 | | 75.00 | 75.00 | 3 Jeep, Pick up 2, Motor Cycle 20 | | 32.59 | 32.59 |
| 16. | Printing & Publication | LS | | 25.00 | 25.00 | LS | | 12.69 | 12.69 |

| Sl No. | Code Description | Physical Quantity | Revised DPP | | | Physical Qunt./ Unit | Actual progress up to June 2014 | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Cost | | | | Cost | | |
| | | | GOB | REB | Total | | GOB | REB | Total |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 17. 18. | Stationary, Seal & stamps | LS | | 25.00 | 25.00 | LS | | 18.00 | 18.00 |
| 19. | Training | LS | | 12.00 | 12.00 | LS | | 0.54 | 0.54 |
| 20. | Entertainment | LS | | 8.00 | 8.00 | LS | | 5.61 | 5.61 |
| 21. | Transportation & Landing charge | | | 916.00 | 916.00 | | | 349.49 | 349.49 |
| 22. | Consultant for Engineering Design & Supervision | Distribution line 3400 km, Sub Station 18 | | 460.00 | 460.00 | Distribution line 3400 km, Sub Station 18 | | 416.58 | 416.58 |
| 23. | Inspection & Testing Fee | | | 10.00 | 10.00 | | | 0 | 0 |
| 24. | Vehicle | 3 Jeep, Pick up 2, Motor Cycle 20 | | 28.00 | 28.00 | 3 Jeep, Pick up 2, Motor Cycle 20 | | 15.45 | 15.45 |
| 25. | Furniture | LS | | 0.50 | 0.50 | LS | | 0.09 | 0.09 |
| 26. | Computer & Office Equipment | LS | | 1.44 | 1.44 | LS | | 1.00 | 1.00 |
| 27. | Others | LS | | 4.00 | 4.00 | LS | | 0.59 | 0.59 |
| **b) Capital component** | | | | | | | | | |
| 28. | Transport Vehicle | 3 Jeep, Pick up 2, Motor Cycle 20 | | 313.96 | 313.96 | 3 Jeep, Pick up 2, Motor Cycle 20 | | 284.96 | 284.96 |
| 29. | Equipment & Materials<br>i) Line Construction Material<br>ii) Sub Station Material<br>iii)Street Light, line tools, Test equipment & other operational | Lot | 34203.13<br>6180.03<br>1898.73 | | | | 40165.09 | | 40165.09 |
| 29. | Office Equipment, Computer & Furniture etc. | 16 sets | | 10.55 | 10.55 | 16 sets | | 9.47 | 9.47 |
| 30. | Furniture | LS | | 24.00 | 24.00 | LS | | 12.03 | 12.03 |
| 31. | Others (Air Cooler & Photocopy Machine, other office equipment) | 1 Air cooler & 1Photocopy Machine | | 8.00 | 8.00 | 1 Air cooler & 1Photocopy Machine | | 3.1 | 3.1 |
| 32. | Land Acquisitions | 5.94 Acres | | 181.20 | 181.20 | 5.61Acres | | 140.91 | 140.91 |
| | i) Electrical Line | 3378 km | | 2650.00 | 2650.00 | 3378 | | 2228.54 | 2228.5 |

| Sl No. | Code Description | Physical Quantity | Revised DPP | | | Physical Qunt./ Unit | Actual progress up to June 2014 | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Cost | | | | Cost | | |
| | | | GOB | REB | Total | | GOB | REB | Total |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| | | | | | | k.m | | | 4 |
| | ii) Sub-Station | 18 | | 760.00 | 760.00 | 18 | | 695.20 | 695.20 |
| c) | Price Contingency | | 200.00 | 250.00 | 450.00 | | 0 | 0 | 0 |
| | **Grant Total (a+b+c)** | | **42481.89** | **6241.84** | **48723.73** | | **40165.09** | **4443.31** | **44608.40** |

**নোট: প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪৮৭২৩.৭৩ লক্ষ টাকার বিপরীতে ৪৪৬০৮.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।**

**১৪। প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্য:** প্রাপ্ত পিসিআর হতে দেখা যায় গত ০৯ সেপ্টেম্বর ২০১৩ তারিখে Internal এবং ১৫ জুলাই ২০১৪ তারিখে External অডিট সম্পন্ন হয়েছে।

**১৫। প্রকল্প পরিদর্শন:**

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ হতে প্রকল্পের পিসিআর প্রাপ্তির পর আইএমইডি কর্তৃক প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রনয়নের নিমিত্ত আইএমইডি'র শিল্প ও শক্তি সেক্টরের উপ -পরিচালক মুহাম্মদ কামাল হোসেন তালুকদার কর্তৃক গত ১৫-০৯-২০১৫ হতে ১৭-০৯-২০১৫ তারিখে প্রকল্পের আওতাধীন রাজশাহী এবং চাপাই নবাবগঞ্জ জেলার প্রকল্প সংশ্লিষ্ট কিছু এলাকায় প্রকল্পের আওতায় নির্মিত ৩৩/১১কেভি সাব-স্টেশন ও চলমান বিদ্যুৎ লাইন পরিদর্শন করা হয়।

**১৫.১ রাজশাহী জেলা:**

১৫.১.১ রাজশাহী পরিদর্শনকালে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার, এবংনির্বাহী প্রকৌশলীসহ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উক্ত পরিদর্শনের প্রেক্ষিতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার এর দপ্তর হতে প্রাপ্ত তথ্যের আলোকে রাজশাহী জেলার বিভিন্ন উপজেলায় বিদ্যুৎ লাইন নির্মাণ ও সম্প্রসারণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| অন্তর্ভুক্ত থানা/উপজেলা | উপজেলা ওয়ারী মোট বরাদ্দ (কিঃমিঃ) | প্রকল্পের শুরম্ন হতে জুন ২০১৫ পর্যন্ত সময়ে মোট অগ্রগতি (কিঃমিঃ) | নতুন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি | সংযোগকৃত গ্রাহক সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| তানোর | ৩১ | ৩০.৪৫৩ | ১৮৭৩ | ১৮৬৩ | বর্তমানে উক্ত পকল্পের অধীনে নির্মানাধীন আর কোন বিদ্যুৎ লাইন নেই। |
| গোদাগাড়ী | ৪৬ | ৪৫.৪১৩ | ২৬২৪ | ২৬১০ | |
| পবা | ১৮ | ১৭.৫২০ | ১১৯৬ | ১১৯০ | |
| মোহনপুর | ৩০ | ৩১.৩৯৩ | ১৯৪৬ | ১৯৩৬ | |
| দুর্গাপুর | ৩৫ | ৩৪.৮১৬ | ১৭০৬ | ১৬৯৭ | |
| **মোট =** | **১৬০** | **১৫৯.৫৯৫** | **৯৩৪৫** | **৯২৯৬** | |

উল্লিখিত সারণী হতে দেখা যায় আলোচ্য প্রকল্পের আওতায় রাজশাহী জেলার ৫টি উপজেলায় মোট ১৬০ কি: মি: বরাদ্দের বিপরীতে প্রকল্প মেয়াদে ১৫৯.৫৯৫ কি: মি: বিদ্যুৎ লাইন নির্মাণ করা হয়েছে; যা ডিপিপিতে উল্লিখিত মোট লক্ষ্য মাত্রার প্রায়

সমান। এ ছাড়া রাজশাহী জেলার পাঁচটি উপজেলার মোট বরাদ্ধ এবং অর্জিত লক্ষ্য মাত্রার মধ্যেও সামান্য প্রার্থক্য রয়েছে। এ প্রসঙ্গে রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বলেন বাস্তবে বিদ্যুৎ লাইন সম্প্রসারণের কাজ করতে গিয়ে অনেক সময় কিছু কিছু এলাকায় existing ওয়ান ফেইজ লাইনকে থ্রি ফেইজ লাইন এবং নিম্ন ক্ষমতা সম্পন্ন তার ও খুঁটি পরিবর্তন করে উচ্চ ক্ষমতা সম্পন্ন লাইন নির্মাণের জন্য upgradation কাজ করতে হয় বিধায় অনেক ক্ষেত্রে মোট অর্জন এবং ডিপিপিতে উল্লিখিত লক্ষ্য মাত্রার মধ্যে সামান্য তারতম্য থেকে যায়।

### ১৫.১.২ পরিদর্শিত ৩৩/১১ কেভি ১০ এমভিএ বৈদ্যুতিক উপকেন্দ্র:

প্রকল্পের আওতায় রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলার হাটকানপাড়া নামক স্থানে ৩৩/১১ কেভি ১০ এমভিএ ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ উপ-কেন্দ্রটি নির্মাণ করা হয়েছে। বর্তমানে উপকেন্দ্রের সবোর্চ্চ বিদ্যুৎ চাহিদা ৪.৫ মেগাওয়াট। উক্ত উপ-কেন্দ্রটি নির্মাণের ফলে এর আওতায় ইতোমধ্যে ৯২৪৬ জন নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

**??.?.? ????????-??????** বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ে একটি প্রকিউরমেন্ট ইউনিট রয়েছে; যেখান থেকে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন সকল প্রকল্পের প্রয়োজনীয় মালামাল ক্রয় করা হয়ে থাকে। শুধু বিদ্যুৎ লাইন সম্প্রসারনের জন্য ঠিকাদার নিয়োগের কাজটি প্রকল্প পরিচালকের আওতাধীন প্রকল্প সংশ্লিষ্ট এলাকার পল্লী বিদ্যুৎ সমিতির সাথে সমন্বয় করে করা হয়ে থাকে। প্রকল্পের রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি'র আওতাধীন এলাকার বিদ্যুৎ লাইন সম্প্রসারনের দরপত্রের বিস্তারিত বর্ণনা নিম্নরুপ:

| ক্রঃ নং | চুক্তি/কার্যাদেশ নং | ঠিকাদার প্রতিষ্ঠানের নাম | চুক্তি অনুযায়ী কিঃমিঃ | চুক্তি মূল্য লক্ষ টাকা | কাজ শুরুর তারিখ | কাজ সম্পাদনের তারিখ | মোট সম্পাদিত কাজ (কিঃমিঃ) | মোট পরিশোধিত বিল (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ০৯-রাজ-২০১১০৬০৮-০০১এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স বেঙ্গল বিল্ডার্স | ৯.০০৭ | ৪.৩৫ | ১৯-১০-১১ | ০৪-০৪-১২ | ৬.৬১৯ | ৪.৭৩ | চুড়ান্ত |
| ২. | ০৯-রাজ-২০১১০৩২০-০০২এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স দি আল আমীন কোন্সট্রাকশন | ১১.৪৪২ | ৫.৪৮ | ২৫-৪-১১ | ২২-১০-১১ | ১১.৪০৯ | ৫.২৪ | চুড়ান্ত |
| ৩. | ০৯-রাজ-২০১১০৬০৮-০০৩এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স পদ্মা যমুনা এন্ড কোং | ১১.১৫৫ | ৫.৪৯ | ১৭-৭-১১ | ০৪-০১-১২ | ১১.২৫৬ | ৫.২৯ | চুড়ান্ত |
| ৪. | ০৯-জধল-২০১১০৬০৮-০০৪এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স তিতাস ইন্টারন্যাশনাল | ১৬.৬১৮ | ৮.৮৯ | ২৩-৭-১১ | ৩০-০৪-১২ | ১৬.০১৩ | ৭.৭৬ | চুড়ান্ত |
| ৫. | ০৯- রাজ-২০১২০২২৭-০০৫এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স মডার্ন ইলেক্ট্রিক এন্ড ইঞ্জিনিয়ারিং | ১৮.৭৫৫ | ১৩.১৪ | ২৫-০৩-১২ | ১৯-১২-১২ | ১৮.৪৯৭ | ১২.৪৩ | চুড়ান্ত |
| ৬. | ০৯- রাজ -২০১২০২২০-০০৬এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স হাবিব ব্রাদার্স | ১৮.৯৬৮ | ১২.৮৬ | ১১-০৩-১২ | ০৫-১২-১২ | ১৮.৯০২ | ১২.৪০ | চুড়ান্ত |
| ৭. | ০৯- রাজ-২০১২০৪০৯-০০৭এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স মাইনুল হক এন্ড ব্রাদার্স | ১৮.৯৮৫ | ১৪.৭০ | ১৬-০৪-১ | ১০-০১-১৩ | ১৮.৫৭৮ | ১৩.৯৫ | চুড়ান্ত |
| ৮. | ০৯- রাজ-২০১৩০৩৩০-০০৮এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স দি পাওয়ার | ১৮.৫৯৪ | ১৯.২৫ | ২১-০৪-১৩ | ২৪-০৪-১৪ | ১৮.৪৭২ | ১৮.৮২ | চুড়ান্ত |
| ৯. | ০৯- রাজ-২০১৩০৮০৫-০০৯এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স দেশ ইঞ্জিনিয়ার এন্ড ডেভলোপমেন্ট | ২০.৬৮৫ | ১৭.০৮ | ২৯-৮-১৩ | ১৯-০৬-১৪ | ২০.১৭৮ | ১৩.০০ | চুড়ান্ত |

| ক্রঃ নং | চুক্তি/কার্যাদেশ নং | ঠিকাদার প্রতিষ্ঠানের নাম | চুক্তি অনুযায়ী কিঃমিঃ | চুক্তি মূল্য লক্ষ টাকা | কাজ শুরুর তারিখ | কাজ সম্পাদনের তারিখ | মোট সম্পাদিত কাজ (কিঃমিঃ) | মোট পরিশোধিত বিল (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১০. | ০৯- রাজ -২০১৩১০২৭-০১০এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স আজগোর আলী এন্ড কোং | ১৯.৭০৭ | ১৭.৫৪ | ০৪-১২-১৩ | ২৩-০৬-১৪ | ১৯.৬৭১ | ১০.৫৫ | চুড়ান্ত |
| ১১. | ১০-রাজ-২০১২০৬২৭-০৪ (আরইই-আরআরডিপি-১) | মেসার্স মইনুল হক এন্ড ব্রাদার্স | উপকেন্দ্র | ৩৪.৯১ | ০১-০৭-১২ | ২৫-০২-১৪ | - | ৩১.২৭ | চুড়ান্ত |
| **মোট =** | | | **১৬৩.৯১৬** | **১১৮.৭৮** | | | **১৫৯.৫৯৫** | **১৩৫.৪৪** | |

উল্লিখিত ছক হতে দেখা যায় আলোচ্য প্রকল্পে রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক দরপত্রের মাধ্যমে নির্বাচিত ১১ টি ঠিকাদারী প্রতিষ্ঠান ১৬৩.৯১৬ কি:মি: কার্যাদেশ প্রাপ্তির বিপরীতে ১৫৯.৫৯৫ কি: মি: বিদ্যুৎ লাইন সম্প্রসারনের কাজ সম্পন্ন করেছে।

### ১৫.২ চাঁপাইনবাবগঞ্জ জেলা:

**১৫.২.১** চাঁপাইনবাবগঞ্জ জেলার প্রকল্প সংশ্লিষ্ট কিছু এলাকায় গত ১৭-০৯-২০১৫ তারিখে প্রকল্পের আওতায় নির্মিত চলমান বৈদ্যুতিক লাইন এবং ৩৩/১১কেভি সাব-স্টেশন পরিদর্শন করা হয়। চাঁপাইনবাবগঞ্জ পরিদর্শনকালে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার জনাব মো: হাসান শাহ নাওয়াজ, নির্বাহী প্রকৌশলী জনাব মাহবুব রহমানসহ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উক্ত পরিদর্শনের প্রেক্ষিতে চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার এর দপ্তর হতে প্রাপ্ত তথ্যের আলোকে চাঁপাইনবাবগঞ্জ জেলার বিভিন্ন উপজেলায় বিদ্যুৎ লাইন নির্মাণ ও সম্প্রসারণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| | অন্তর্ভুক্ত থানা/উপজেলা | উপজেলা ওয়ারী মোট বরাদ্দ (কি:মি:) | প্রকল্পের শুরু হতে জুন, ১৪ পর্যন্ত বর্ণিত প্রকল্পের মোট অগ্রগতি (কি:মি:) | নতুন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি | সংযোগকৃত গ্রাহক সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | শিবগঞ্জ | ৮০ | ৮১.০২১ | ২৪৬৬ | ২৪৫০ | বর্তমানে উক্ত প্রকল্পের অধীনে নির্মানাধীন আর কোন বিদ্যুৎ লাইন নেই। |
| ২ | ভোলাহাট | ১৫ | ১২.৪৯৪ | ৮১৩ | ৮১০ | |
| ৩ | গোমস্তাপুর | ৩২ | ২৫.৬৭৭ | ১৩৪০ | ১৩২০ | |
| ৪ | নাচোল | ২৯ | ২৩.১৬৯ | ২৫৪৭ | ২৫৪০ | |
| ৫ | নবাবগঞ্জ | ৭৮ | ৯২.৭৫৪ | ৩০৩৮ | ৩০৩০ | |
| ৬ | নিয়ামতপুর (আংশিক) | ১৬ | ১৪.৮৫৫ | ১৬০ | ১৬০ | |
| মোট = | | ২৫০ | ২৪৯.৯৭০ | ১০৩৬৪ | ১০৩১০ | |

উল্লিখিত সারণী হতে দেখা যায় আলোচ্য প্রকল্পের আওতায় গোমস্তাপুর উপজেলায় ৩২ কি: মি: বরাদ্দের বিপরীতে ২৫.৬৭৭ কি: মি:, যা লক্ষ্য মাত্রার চেয়ে ৬.৩২৩ কি: মি: কম এবং নবাবগঞ্জ উপজেলায় ৭৮ কি: মি: বরাদ্দের বিপরীতে ৯২.৭৫৪ কি: মি: যা লক্ষ্যমাত্রার চেয়ে ১৪.৭৫৪ কি: মি: বেশী। এ প্রসংঙ্গে চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বলেন বাস্তবতার নিরিখে কোন কোন উপজেলায় লক্ষ্যমাত্রার চেয়ে কম আবার কোন কোন উপজেলায় লক্ষ্যমাত্রার চেয়ে কিছু বেশী বিদ্যুৎ লাইন স্থাপন করা হয়েছে; এ ক্ষেত্রে মূলত সমন্বয় সাধন করে প্রকল্পের মূল লক্ষ্য অর্জিত হয়েছে। চাঁপাইনবাবগঞ্জ জেলায় ২৫০ ?? ?? নতুন লাইন নির্মাণের লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকল্প মেয়াদে ২৪৯.৯৭০ কি:মি: নতুন লাইন নির্মাণ করা হয়েছে যা ডিপিপি'র লক্ষ্যমাত্রার প্রায় সমান।

### ১৫.২.২ পরিদর্শিত ৩৩/১১ কেভি ১০ এমভিএ বৈদ্যুতিক উপকেন্দ্র:

প্রকল্পের আওতায় চাঁপাইনবাবগঞ্জ জেলার নবাবগঞ্জ উপজেলার সুন্দরপুর, বাগডাঙ্গা নামক স্থানে ৩৩/১১ কেভি ১০ এমভিএ ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ উপ-কেন্দ্রটি নির্মাণ করা হয়েছে। বর্তমানে উপকেন্দ্রের গড় চাহিদা ৪.৫ মেগাওয়াট এবং সেচ মৌসমে সবোর্চ্চ বিদ্যুৎ চাহিদা ৪.৫ মেগাওয়াট। উক্ত উপ-কেন্দ্রটি নির্মাণের ফলে এর আওতায় ২১০০০(প্রায়) নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে এবং ইতোমধ্যে ১০৩১০ জন নতুন গ্রাহককে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

??.?.? ????????-?????চ্য প্রকল্পের চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাধীন এলাকার বিদ্যুৎ লাইন সম্প্রসারনের দরপত্রের বিস্তারিত বর্ণনা নিম্নরুপ:

| ক্র:নং | কার্য্যাদেশ নং | ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম | চুক্তি অনুযায়ী কিঃমিঃ | চক্তি মূল্য (লক্ষ টাকা) | কাজ শুরুর তারিখ | কাজ সম্পাদনের তারিখ | মোট সম্পাদিত কাজ কিঃমিঃ | মোট পরিশোধিত বিল (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ০৯-এনডাবিউবি-২০১১০৬০৮-০০১এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স নুর ইলেকট্রিক এন্ড কোং | ১৪.৯৯১ | ৮.১৭ | ১/৭/২০১১ | ২/৫/২০১২ | ১৪.৮১২ | ৬.৩৭ |
| ২ | ০৯-এনডাবিউবি-২০১১০৬০৮-০০২এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স ইসলাম ব্রাদার্স | ১৩.২২৮ | ৮.১৮ | ২/৭/২০১১ | ১/৪/২০১২ | ১২.২৬৫ | ৫.৫৬ |
| ৩ | ০৯-এনডাবিউবি-২০১১০৬০৮-০০৩এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স পদ্মা-যমুনা এন্ড কোং | ১৪.২০০ | ৮.৩২ | ৩০/৭/২০১১ | ১/৫/২০১২ | ১৩.০০৪ | ৫.৯৮ |
| ৪ | ০৯-এনডাবিউবি-২০১২০২২০-০৪এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স নাহার কন্সট্রাকশন | ১৩.০৬৮ | ১০.৬০ | ২০/৩/২০১২ | ৩১/১/২০১৩ | ১২.৬১৪ | ৭.২১ |
| ৫ | ০৯-এনডাবিউবি-২০১২০২২০-০৫এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স কে ও জি কন্সট্রাকশন | ১০.১১৩ | ৭.৮৩ | ১৮/৩/২০১২ | ২৭/২/২০১৩ | ৯.২২২ | ৬.০৭ |
| ৬ | ১০-এনডাবিউবি-২০১২০৬২১-০২ (আরইই-আরআরডিপি-১) | মেসার্স মানিক এন্ড কোং | | ৩২.৬৫ | ১৩/৯/২০১২ | ১১/১১/২০১৩ | | ৩১.৪২ |
| ৭ | ০৯-এনডাবিউবি-২০১২০২২০-০০৬ এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স পদ্মা-যমুনা এন্ড কোং | ১৯.৪২৭ | ১৫.৩৯ | ৩০/৩/২০১২ | ১৩/১০/২০১৩ | ১৭.৬৫১ | ১২.২ |
| ৮ | ০৯-এনডাবিউবি-২০১২০২২৭-০০৭ এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স দি পাওয়ার | ১৯.৪৪৬ | ১৪.৩১ | ২৮/৩/২০১২ | ৩১/১/২০১৪ | ১৭.৫৯৫ | ৯.৯১ |
| ৯ | ০৯-এনডাবিউবি-২০১২০২২০-০০৮ এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স পদ্মা-যমুনা এন্ড কোং | ১৯.৪২৩ | ১৫.৬৩ | ২৪/৩/২০১২ | ১৩/১০/২০১৩ | ১৬.৬১৩ | ১১.৯৮ |
| ১০ | ০৯-এনডাবিউবি-২০১২০২২৭-০০৯ এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স দি পাওয়ার | ১৫.৯৯৭ | ১৯.৭৩ | ১৫/৫/২০১২ | ১৪/৬/২০১৪ | ১৫.৫৮৬ | ১৭.২৬ |
| ১১ | ০৯-এনডাবিউবি-২০১২০২২৭-০১০ এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স সাগর ইহ্ঝনিয়ারিং এন্ড কন্সট্রাকশন কোং | ১৮.২৭৩ | ২০.৬৪ | ১৫/৫/২০১২ | ৩১/১/২০১৪ | ১৮.৫৩১ | ১৯.৪২ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১২ | ০৯-এনডাবিউবি-২০১৩০৪০৪-০১১ এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স মাইনুল হক এন্ড ব্রাদার্স | ১৯.৯১৭ | ১৮.৬২ | ৩০/৫/২০১৩ | ২০/৬/২০১৪ | ১৭.৯০৪ | ১৬.১৩ |
| ১৩ | ০৯-এনডাবিউবি-২০১২১১২৯-০১২ এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স হাবিব ব্রাদার্স | ৯.৪৩৪ | ১৪.৭৪ | ১০/২/২০১৩ | ২৪/৩/২০১৪ | ৯.৩৬৭ | ১৫.৫৯ |
| ১৪ | ০৯-এনডাবিউবি-২০১৩০৪০৪-০১৩ এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স মাইনুল হক এন্ড ব্রাদার্স | ২১.০২২ | ১৮.১৯ | ২৫/৬/২০১৩ | ২০/৬/২০১৪ | ২০.০৬৭ | ১৬.৯৫ |
| ১৫ | ০৯-এনডাবিউবি-২০১৩১১০৩-০১৪ এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স আব্দুস সাত্তার | ২০.৪২০ | ১৩.৯৯ | ৫/২/২০১৪ | ২২/৬/২০১৪ | ১৮.৭১ | ১১.৫২ |
| ১৬ | ০৯-এনডাবিউবি-২০১৩১১০৪-০১৫ এন (আরইই-আরআরডিপি-১) | মেসার্স ট্রান্সকন্টিনেন্টাল আইএমএক্স | ৩২.৬৪৮ | ২২.৬৮ | ২০/১/২০১৪ | ২২/৬/২০১৪ | ২৯.৭৫৪ | ১৯.৫৯ |
| মোট= | | | ২৬১.৬০৭ | ২৪৯.৬৭ | | | ২৪৯.৯৭ | ২১৩.১৬ |

উল্লিখিত ছক হতে দেখা যায় রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নির্বাচিত ১৬ টি ঠিকাদারি প্রতিষ্ঠান ২৬১.৬০৭ কি:মি: কার্যাদেশ প্রাপ্তির বিপরীতে ২৪৯.৯৭ কি: মি: বিদ্যুৎ লাইন সম্প্রসারনের কাজ সম্পন্ন করেছে যা মোট লক্ষ্য মাত্রা হতে ১১.৬৩৭ কি: মি: কম।

১৬। **প্রকল্পের সার্বিক বাস্তব অগ্রগতি:** পিসিআর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী প্রকল্পের বাস্তব অগ্রগতি নিম্নরুপ:

| ক্র: নং | পল্লী বিদ্যুৎ সমিতির নাম | আরডিপি অনুযায়ী প্রাক্কলন | | জুন, ২০১৪ পর্যন্ত নির্মাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | বিতরণ লাইন (৩৩/১১ কেভি) কি: মি: | বিদ্যুৎ উপ-কেন্দ্র নির্মাণ (৫/১০) এমভিএ | বিতরণ লাইন (৩৩/১১ কেভি) কি: মি: | বিদ্যুৎ উপ-কেন্দ্র নির্মাণ (৫/১০) এমভিএ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | ২২৯ | ১ (১০) | ২২০.৭ | ১ (১০) | |
| ২ | দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ১৮০ | ১ (১০) | ১৮৩ | ১ (১০) | |
| ৩ | গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি | ১৫০ | ১ (৫) | ১৪৮.৪ | ১ (৫) | |
| ৪ | জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি | ১৪২ | ১ (১০) | ১৩৯.১ | ১ (১০) | |
| ৫ | কুড়িগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি | ২২৩ | ১ (৫) | ২২১.৪ | ১ (৫) | |
| ৬ | নওঁগা পল্লী বিদ্যুৎ সমিতি | ১৮০ | ১ (১০) | ১৮৫.৭ | ১ (১০) | |
| ৭ | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ১৪০ | ১ (১০) | ১৩৮.২ | ১ (১০) | |
| ৮ | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | ১৯০ | ১ (১০) | ১৯০ | ১ (১০) | |
| ৯ | চাপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি | ২৫০ | ১ (১০) | ২৪৩.৬ | ১ (১০) | |
| ১০ | নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি | ১৫৭ | ১ (৫) | ১৫৫.২ | ১ (৫) | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১১ | পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ | ১৮০ | ১ (১০) | ১৮০.২ | ১ (১০) | |
| ১২ | পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ১৭৫ | ১ (১০) | ১৭৭.৪ | ১ (১০) | |
| ১৩ | রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি | ১৬০ | ১ (১০) | ১৫৯.৬ | ১ (১০) | |
| ১৪ | রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | ১৯৮ | ১ (১০) | ১৯৪.৯ | ১ (১০) | |
| ১৫ | রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ১৬৫ | ১ (১০) | ১৬২.৪ | ১ (১০) | |
| ১৬ | সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি | ২৫৮ | ১ (১০) | ২৫৭.৮ | ১ (১০) | |
| ১৭ | ঠাকুরগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি | ১৮৫ | ১ (১০) | ১৮৪.৮ | ১ (১০) | |
| ১৮ | বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি | ২৩৮ | ১ (১০) | ২৩৫.৮ | ১ (১০) | |
| সর্বমোট = | | **৩৪০০কি: মি:** | ১৮ **(১৬৫)** | **৩৩৭৮.২ কি:মি** | ১৮ **(১৬৫)** | |

**১৭। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

| **পরিকল্পিত উদ্দেশ্য** | **প্রকৃত অর্জন** |
|---|---|
| **১। বিদ্যুৎ লাইন সম্প্রসারণ:**<br>৩৪০০ কিঃমিঃ (৩৩ কেভি/ ১১ কেভি) বৈদ্যুতিক লাইন নির্মাণ; | আলোচ্য প্রকল্পের আওতায় প্রকল্প মেয়াদে (৩৩ কেভি/ ১১ কেভি) ৩৩৭৮.২ কি:মি: বৈদ্যুতিক লাইন নির্মাণ করা হয়েছে; যা মোট লক্ষ্য মাত্রা হতে ২১.৮০ কি: মি: কম। |
| **২। সাব-স্টেশন নির্মাণ:**<br>মোট ১৬৫ এমভিএ ক্ষমতা সম্পন্ন ১৮টি নতুন সাব-স্টেশন | প্রকল্প মেয়াদে ১০ এমভিএ ক্ষমতা সম্পন্ন ১৫ টি সাব-ষ্টেশন এবং ৫ এমভিএ ক্ষমতা সম্পন্ন ৩টি সাব-ষ্টেশন নির্মাণ করা হয়েছে, যার মোট ক্ষমতা ১৬৫ এমভিএ। |
| **৩। নতুন গ্রাহক সংযোগ:**<br>১,৩০,০০০ নতুন গ্রাহক সংযোগ প্রদান; | পিসিআর হতে দেখা যায় প্রকল্পটি বাস্তবায়নের ফলে বিভিন্ন পর্যায়ের ১৫৭৩৮৪ টি নতুন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি হয়েছে; যা লক্ষ্য মাত্রার ১২১%। |

**১৮। বাস্তবায়ন সমস্যা ঃ**

**১৮.১ <u>মালামাল প্রাপ্তিতে বিলম্ব:</u>** বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট ইউনিট হতে বৈদ্যুতিক পোল ও অন্যান্য মালামাল যথাসময়ে না পাওয়ায় কিছু কিছু এলাকায় প্রকল্পের কার্য সম্পাদনে বিলম্ব হয়।

**১৮.২ <u>পরিবহন সমস্যা:</u>** কিছু কিছু এলাকায় বিল ও নিচু জমি এবং রাস্তা-ঘাট ভাল না থাকার কারণে বৈদ্যুতিক পোল ও বিদ্যুৎ লাইন সম্প্রসারণের মালামাল পরিবহনে পরিকল্পিত সময়ের চেয়ে বেশী সময় ব্যয় হয়।

**১৮.৩ <u>পোল ইরেকশন ও ক্যাবল সম্প্রসারণে বাধা:</u>** বিদ্যুতের পোল ইরেকশন এবং বিদ্যুৎ লাইন সম্প্রসারণের ক্যাবল কোন কোন এলাকায় ব্যক্তি মালিকানা জমির উপর দিয়ে নেয়ার সময়ে জমির মালিক কর্তৃক আপত্তি ও অনেক ক্ষেত্রে বাধার কারণে উক্ত কার্য সম্পাদনে নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় ব্যয় হয়।

## ১৯। সুপারিশ ঃ

১৯.১। বৈদ্যুতিক পোল ও অন্যান্য সকল মালামাল যথাসময়ে না পাওয়ায় একদিকে যেমন কিছু কিছু পন্যের মূল্য বৃদ্ধির কারনে প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে; অন্যদিকে কাঙ্খিত সময়ে গ্রাহকেরা বিদ্যুৎ সুবিধা পায়নি। তাই, ভবিষ্যতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট ইউনিট হতে প্রকল্পের শুরুতেই যথাসময়ে মালামাল সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ ১৮.১)।

১৯.২। প্রকল্পের আওতায় নির্মিত ১৮টি ৩৩/১১ কেভি ১০ এমভিএ ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ উপ-কেন্দ্রের মধ্যে কিছু উপকেন্দ্রের বর্তমান গড় বিদ্যুৎ চাহিদা ৫ এমভিএ'র ও কম। তাই, ভবিষ্যতে অনুরুপ নতুন প্রকল্প গ্রহনের ক্ষেত্রে আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত অথচ পূর্ণ ক্ষমতায় যায়নি এমন উপকেন্দ্রসমূহ হতে বিদ্যুৎ সরবরাহের বিষয়টিকে অগ্রাধিকার হিসেবে বিবেচনা করতে হবে (অনুচ্ছেদ ১৫..১.২ এবং ১৫.২.২)।

১৯.৩। প্রকল্পের আওতায় নির্মিত বৈদ্যুতিক লাইন ও সাবস্টেশন নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে।

১৯.৪। (১৯.১ - ১৯.৩) অনুচ্ছেদে বর্ণিত কার্যক্রমের উপর গৃহিত ব্যবস্থা আগামী তিন (০২) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করবে।

**Power Sector Capacity Development Program (PSCDP) (Revised)**

**প্রকল্পের** সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৪)

১। প্রকল্পেরনাম : **Power Sector Capacity Development Program (PSCDP) (Revised)**

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ।

৩। বাস্তবায়ন সংস্থা : বিদ্যুৎ বিভাগ।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃতব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের%) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল<br>সর্বমোট<br>টাকা<br>প্রকল্প সাহায্য | সর্বশেষ সংশোধিত<br>সর্বমোট<br>টাকা<br>প্রকল্প সাহায্য | সর্বমোট<br>টাকা<br>প্রকল্প সাহায্য | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩৯১৫.৮১<br>৫১৯.৩১<br>৩৩৯৬.৫০ | ৪১১১.৮৭<br>১২০৭.৮২<br>২৯০৪.০৫ | ৩৮৯৬.৬০<br>১০৮৪.০০<br>২৮১২.৬০ | জুলাই, ২০০৭ হতে<br>জুন, ২০১০ | জুলাই, ২০০৭ হতে<br>জুন, ২০১৪ | জুলাই, ২০০৭ হতে<br>জুন, ২০১০ | ৫.০১% | ১০০% |

৫। প্রকল্পের অবস্থান : ঢাকা ও ঘোড়াশাল প্রশিক্ষণ কেন্দ্র, বিপিডিবি।

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন : বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃনং | টিপিপি অনুযায়ী কাজের অঙ্গ | টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | ভৌত | আর্থিক | ভৌত |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | রাজস্ব ব্যয় | | | | |
| ১ | কর্মকর্তাদের বেতন | ২২.৯৪ | ৮ জন | ২২.৬২ | - |
| ২ | কর্মচারীদের বেতন | ৩৮.০৩ | ১৬জন | ৩৭.৮৯ | - |
| ৩ | উৎসব ভাতা | ৫.২১ | - | ৪.৯৮ | - |
| ৪ | দায়িত্ব ভাতা | ৩.৩৯ | - | ২.৮ | - |
| ৫ | অন্যান্য ভাতা | ২.৬৫ | - | ২.৬৫ | - |
| | সরবরাহ ও সেবা | - | - | - | - |
| ৬ | ভ্রমণ ও পরিবহন | ০.৪২ | - | ০.১৩ | - |

| ক্রঃনং | টিপিপি অনুযায়ী কাজের অঙ্গ | টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | ভৌত | আর্থিক | ভৌত |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৭ | আয়কর | ৪০.০০ | - | ২২.৫৭ | - |
| ৮ | অফিস ভাড়া | ৩৫.০০ | - | ০.০০ | - |
| ৯ | ডাক | ১.০১ | - | ০.৫৬ | - |
| ১০ | টেলিফোন | ৫.৩১ | - | ৫.০০ | - |
| ১১ | বিদ্যুৎ | ৩.০০ | - | ০.০০ | - |
| ১২ | পেট্রোল এন্ড লুব্রিকেন্ট | ৮.১৪ | - | ৮.১৪ | - |
| ১৩ | প্রকাশনা ও মুদ্রণ | ৪.৮৫ | - | ৪.৫১ | - |
| ১৪ | ষ্টেশনারী | ৬.১৪ | - | ৩.৯৫ | - |
| ১৫ | বই ও সাময়িকী | ১.২৩ | - | ০.৪২ | - |
| ১৬ | বিজ্ঞাপন ও মিডিয়া | ৫.০২ | - | ৪.৫৫ | - |
| ১৭ | প্রশিক্ষণ | ২৩১৭.৪০ | ল-৪৩৪৬, ফ-৩৩৫ | ২২৭৫.২৮ | ল-৪৪৪৬, ফ-৩৮৯ |
| ১৮ | সেমিনার/কর্মশালা | ৬.০৩ | - | ২.৫৭ | - |
| ১৯ | আপ্যায়ন | ৪.২৩ | - | ৪.২২ | - |
| ২০ | ট্রান্সপোর্টেশন (রেন্টাল) | ৯১.৫৫ | ৪টি | ৮৮.২৯ | ৪টি |
| ২১ | পরামর্শক স্থানীয় | ৯৫.১৯ | ৩৮ এমএম | ৮৯.৮১ | ৩৬এমএম |
| ২২ | পরামর্শক বিদেশী | | থোক | - | - |
| ২৩ | সম্মানী | ৪.৫৫ | - | ২.৫২ | - |
| ২৪ | অন্যান্য | ১৬.৩২ | - | ১৪.৭৭ | - |
| ২৫ | মেরামত ও সংরক্ষণ (যানবাহন) | ০.৮৭ | ১টি | ০.৮৭ | - |
| ২৬ | অন্যান্য মেরামত ও সংরক্ষণ | ৭.১৯ | - | ৪.১৭ | - |
| ২৭ | কম্পিউটার এন্ড ইকুইপমেন্ট মেরামত | ৫.৬৬ | - | ৫.৬ | - |
| | উপ- রাজস্ব | **২৭৩১.৩৩** | **-** | **২৬০৮.৮৭** | **-** |
| | মূলধন ব্যয় | | **-** | | **-** |
| ২৮ | যন্ত্রপাতি | ৪৮৫.৭৬ | - | ৪৮৪.১৭ | - |
| ২৯ | কম্পিউটার মেশিনারি | ২১.১৩ | **-** | **১৬.৮৫** | **-** |
| ৩০ | কম্পিউটার সফ্টওয়ার | ২.৯৬ | - | ১.৯৬ | - |
| ৩১ | অফিস সরঞ্জাম | ৭.৯৫ | - | ৪.৯৫ | - |
| ৩২ | আসবাবপত্র | ৯.৬৪ | - | ৯.২৫ | - |
| ৩৩ | সিমুলেটর | ৭৩৮.৮৮ | ১টি | ৬৮৮.৬ | ১টি |
| ৩৪ | কন্টিনজেন্সি | ৪.২২ | - | - | - |
| | উপ- মূলধন | ১২৭০.৫৪ | - | ১২০৫.৭৮ | - |
| ৩৫ | সিডিভ্যাট | ১১০.০০ | - | ৮১.৯৫ | - |
| | সর্বমোট = | **৪১১১.৮৭** | **-** | **৩৮৯৬.৬০** | **-** |

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : প্রকল্প সমাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নাই।

৮। প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :

**৮.১। প্রকল্পের পটভূমি:**

বিদ্যুৎ খাতের সংস্কার ও বাণিজ্যকীকরণের লক্ষ্যে কয়েকটি নতুন সংস্থা/কোম্পানি ইতোমধ্যে গঠন করা হয়েছে। প্রতিটি সংস্থার ব্যবস্থাপনা/কারিগরী বিষয়ের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রতিষ্ঠান সমূহের মানব সম্পদের দক্ষতা বৃদ্ধি করা প্রয়োজন। এ লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যংকের সহায়তায় বিদ্যুৎ বিভাগের আওতায় প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২। প্রকল্পের উদ্দেশ্য:

বিদ্যুৎ সেক্টরে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে এ সেক্টরের সংস্থাগুলোর ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধি করা, পরিবর্তিত ব্যবস্থাপনার সাথে বিদ্যুৎখাতের সংস্থাসমূহের সামঞ্জস্যতা বজায় রাখা, সংস্থাসমূহের আধুনিক কাজের পরিবেশ সৃষ্টির সুযোগ সৃষ্টি করা এবং কারিগরী সহায়তা প্রদান করা ছিল প্রকল্পটির উদ্দেশ্য।

৯। প্রকল্প অনুমোদন ও অর্থায়ন :

"Power Sector Capacity Development Program (PSCDP)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি গত ২৫/০৬/২০০৭ তারিখে ৩৯১৫.৮১ লক্ষ (উনচল্লিশ কোটি পনের লক্ষ একাশি হাজার ) টাকা প্রাক্কলিত (জিওবি ৫১৯.৩১ লক্ষ টাকা + প্রকল্প সাহায্য ৩৩৯৬.৫০ লক্ষ (ADB-AFD Loan) টাকা ব্যয়ে জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১০ মেয়াদ কালে অনুমোদিত হয়। প্রকল্পটির ১ম সংশোধনের প্রস্তাব গত ১৬/০৯/২০১০ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ৪৬৩৩.৩৩ লক্ষ টাকা (জিওবি ১১৫৮.৩৩ লক্ষ টাকা + প্রকল্প সাহায্য ৩৪৭৫ .০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন, ২০১২ মেয়াদে অনুমোদিত হয়। প্রকল্পটির ২য় সংশোধনের প্রস্তাব গত ২৪/০৬/২০১২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ৫৪৪৭.২১ লক্ষ টাকা (জিওবি ১২২৯.২১ লক্ষ টাকা + প্রকল্প সাহায্য ৪২১৮.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৪ মেয়াদে অনুমোদিত হয়। সর্বশেষ প্রকল্পটির ৩য় সংশোধনের প্রস্তাব গত ২৪/০৯/২০১৩ তারিখে ৪১১১.৮৭ লক্ষ (একচল্লিশ কোটি এগারো লক্ষ সাতাশি হাজার) টাকা প্রাক্কলিত (জিওবি ১২০৭.৮২ লক্ষটাকা + প্রকল্প সাহায্য ২৯০৪.০৫ লক্ষ (ADB-AFD Loan) টাকা) ব্যয়ে জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১৪ মেয়াদকালে অনুমোদিত হয়।

১০। প্রকল্পের অর্থায়ন :

ক) জিওবিঃ

(লক্ষ টাকা)

| মোট | ঋণ | অনুদান | **Cash Foreign Exchange** |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১২০৭.৮২ | - | ১২০৭.৮২<br>(ইনকাইন্ড- ৩৮.০০<br>ইনক্যাশ- ১১৬৯.৮৩) | N/A |

খ) প্রকল্প সাহায্যঃ

| উৎস | মুদ্রার প্রকৃতি | ঋণের পরিমাণ | ঋণের প্রকৃতি | বাংলাদেশী টাকায় পরিমাণ |
|---|---|---|---|---|
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* | *(৫)* |
| এডিবি | ইউএস ডলার | ৫.০০ মিলিয়ন | এফডি ঋণ | ৩৮৮৮.০০ লক্ষ টাকা |

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতি :

প্রকল্পের সর্বমোট প্রাক্কলিত ব্যয় ৪১১১ .৮৭ লক্ষ (জিওবি ১২০৭.৮২ লক্ষ এবং প্রকল্প সাহায্য ২৯০৪ .০৫ লক্ষ) টাকা। প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ৩৮৯৬ .৬০ লক্ষ (জিওবি ১০৮৪.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য ২৮১২ .৬০ লক্ষ) টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৯৪.৭৬%। প্রকল্প সাহায্যের অবশিষ্ট অর্থ ছাড় করা হয়নি মর্মে পরামর্শক কর্তৃক জানানো হয় ।অবশিষ্ট জিওবি অর্থও ছাড় করা হয়নি মর্মে জানানো হয়েছে। প্রকল্প সমাপ্ত প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত না থাকায় প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি ১০০%।

১২। পর্যবেক্ষণ :

১২.১। প্রকল্পের আওতায় এশীয় উন্নয়ন ব্যংকের (ADB) হতে এএফডি-ঋণ গ্রহণ করা হয় ৩৮৮৮.০০ লক্ষ টাকা (ইউএসডি ৫.০০ মিলিয়ন)। কিন্তু সর্বশেষ সংশোধনে প্রকল্প সাহায্য অংশে অনুমোদিত ২৯০৪.০৪ লক্ষ টাকার পরিপ্রেক্ষিতে প্রকৃত ব্যয় হয় ২৮১২.৬০ লক্ষ টাকা (ইউএসডি ৩.৬১৭ মিলিয়ন)। অর্থাৎ মূল অনুমোদিত টিপিপির তুলনায় প্রকল্প সাহায্য খাতে অব্যায়িত থাকে ১০৭৫.৪০ লক্ষ টাকা (ইউএসডি ১.৩৮৩ মিলিয়ন) । এ থেকে প্রতীয়মান হয় যে , কারিগরী সহায়তা প্রকল্পটি বাস্তবায়নের জন্য ৫.০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ গ্রহণ করার পরিকল্পনা করে প্রকল্পটি প্রণয়নের প্রয়োজন ছিল না। উল্লেখ্য মার্কিন ডলার ও টাকা এক্সচেঞ্জ রেটের ফ্লাকচুয়েশনের কারনে ৫.০০ মিলিয়ন মার্কিন ডলার এর সমপরিমান টাকার পার্থক্য হয়েছে।

১২.২। টিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী বৈদেশিক প্রশিক্ষণ ৩৩৫ জনকে প্রদানে পরিপ্রেক্ষিতে ৩৮৯ জনকে প্রদান করা সম্ভব হয়েছে। বিধায় কারিগরী সহায়তা প্রকল্পটিতে প্রশিক্ষণ অঙ্গের ব্যয় প্রাক্কলন যৌক্তিকভাবে নির্ধারণ করার প্রয়োজন ছিল।

১২.৩। প্রকল্প সমাপ্তি প্রতিবেদনের ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত অঙ্গভিত্তিক অগ্রগতির ছকটি অনুমোদিত টিপিপি অনুযায়ী সঠিকভাবে প্রতিফলন করা হয়নি।এছাড়া প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে বিভিন্ন ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হয়েছে।

১২.৪। প্রকল্পটির মাধ্যমে ক্রয়কৃত প্রশিক্ষণ যন্ত্রপাতিসমূহ ও পাওয়ার প্লান্ট সিমুলেটর যথাযথভাবে সংরক্ষণ ও এ সেক্টরে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালকগণ প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

| ক্র: নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্বের ধরন | সময়কাল |
|---|---|---|---|---|
| ১ | এস. এম মেসবাহুল ইসলাম | যুগ্ম-সচিব | খন্ডকালীন | ১২/০৮/২০০৭ হতে ৩১/০৫/২০০৮ |
| ২ | ফয়েজ আহমদ | যুগ্ম-সচিব | খন্ডকালীন | ০১/০৬/২০০৮ হতে ১২/১২/২০০৯ |
| ৩ | তাপস কুমার রায় | অতিরিক্ত-সচিব | খন্ডকালীন | ১৩/১২/২০০৯ হতে সমাপ্ত পর্যন্ত |

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| (১) আন্তর্জাতিক প্রশিক্ষণ ব্যবস্থাপনা পরামর্শক ফার্ম নিয়োগের মাধ্যমে বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন ইউটিলিটির কর্মিবৃন্দের জন্য স্থানীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণ প্রদান করা। | পাওয়ার সেক্টরের বিভিন্ন ইউটিলিটির ৩৮৯ জন প্রশিক্ষণার্থীকে বৈদেশিক প্রশিক্ষণ দেয়া হয়েছে (সিডিউল-বি)।<br>পাওয়ার সেক্টরের বিভিন্ন ইউটিলিটির ৪০০০ জন প্রশিক্ষণার্থীকে স্থানীয় প্রশিক্ষণ দেয়া হয়েছে। |

| | |
|---|---|
| (২) ঘোড়াশাল প্রশিক্ষণ কেন্দ্র , বিপিডিবিকে বাংলাদেশের পাওয়ার সেক্টরের শ্রেষ্ঠ প্রশিক্ষণ কেন্দ্রে উন্নয়নের লক্ষ্যে কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট সিমুলেটর ক্রয়। | জ্বালানির বিভিন্ন উৎসের বিভিন্ন মডিউলের সাথে ইন্ট্রিগেটেড পাওয়ার প্লান্ট সিমুলেটর ক্রয় (শুধুমাত্র কম্বাইন্ড সাইকেল মডিউলের পরিবর্তে প্রায় ২৩ টি মডিউল) (সিডিউল-সি)। |
| (৩) ঘোড়াশাল প্রশিক্ষণ কেন্দ্র , বিপিডিবিকে বাংলাদেশের পাওয়ার সেক্টরের শ্রেষ্ঠ প্রশিক্ষণ কেন্দ্রে উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ যন্ত্রপাতি ক্রয়। | আইটেম অব লট-১ (টেস্টিং ইকুইপমেন্ট ফর ট্রেনিং ল্যাব), লট-২ (টেস্টিং ইকুইপমেন্ট ফর সোলার হোম সিস্টেম), লট-৩ (ম্যাগনেটিক পার্টিক্যেল টেসটিং ইকুইপমেন্ট) ক্রয় এবং নন আইটি আইটেম ও ফার্নিচার অব পিপিএস সিস্টেম (সিডিউল-সি)। |

১৫। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

| Description of procurement (goods/works/consultancy) as per bid document | Tender/Bid/Proposal Cost (in crore Taka) | | Tender/Bid/Proposal | | Date of completion of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per TPP | Contracted value | Invitation date | Contract signing/L.C opening date | As per contract | Actual |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| Training Management Consulting firm | 2318.39 | 1952.09 | 16/05/2011 | 21/11/2012 | 31/12/2013 | 31/12/2013 |
| Procurement of Simulator | 738.88 | 693.10 | 20/05/2012 | 30/12/2012 | 31/12/2013 | 31/12/2013 |
| Procurement of Training Equipment | 485.76 | 481.69 | 03/03/2012 | lot-2 13/08/12<br>lot-1 30/09/12 | 31/12/2013 | 31/12/2013 |

১৬। সুপারিশ/মন্তব্য :

- স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ প্রদানের সাথে সাথে পাওয়ার সেক্টরের প্রশিক্ষণ যন্ত্রপাতি ও পাওয়ার প্লান্ট সিমুলেটর ক্রয় করার মাধ্যমে এ সেক্টরে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রতিবেদনাধীন প্রকল্পের বড় সাফল্য।
- ভবিষ্যতে প্রকল্পের ব্যয় প্রাক্কলন যুক্তিযুক্তভাবে করতে হবে এবং প্রকল্প প্রণয়নের সময় প্রকল্প সাহায্যতা (ঋণ) গ্রহণের প্রস্তাব ও প্রকল্প সহায়তা খাতে প্রকৃত বরাদ্দের মধ্যে সামঞ্জস্য থাকতে হবে।
- প্রকল্পটির মাধ্যমে ক্রয়কৃত প্রশিক্ষণ যন্ত্রপাতিসমূহ ও পাওয়ার প্লান্ট সিমুলেটর যথাযথভাবে সংরক্ষণ ও এ সেক্টরে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।